

" যদি আর বাঁশী না বাজে - আমি কবি বলে বলছিনে - আমি আপনাদের ভালবাসা পেয়েছিলাম সেই অধিকারে বলছি - আমায় আপনারা ক্ষমা করবেন - আমায় ভুলে' যাবেন। বিশ্বাস করুন, প্রেম পেতে এসেছিলাম - সে প্রেম পেলাম না বলে আমি এই প্রেমহীন নীরস পৃথিবী থেকে নীরব অভিমানে চিরদিনের জন্য বিদায় নিলাম। "






# নজরুল সম্মেলন

## ১৯৯০

FIRST NAZRUL CONFERENCE OF NORTH AMERICA
19 90
SHOUKHIN CULTURAL GROUP, NJ

ON THE OCCASION OF
THE FIRST NAZRUL CONFERENCE OF NORTH AMERICA
THIS BROCHURE HAS BEEN PUBLISHED BY
DR. FAHIM U. AHMED
46 WETHERHILL WAY
DAYTON, NEW JERSEY 08810
USA

ON BEHALF OF
SHOUKHIN CULTURAL GROUP OF NEW JERSEY

MAY 27, 1990





উত্তর আমেরিকা

# প্রথম নজরুল সম্মেলন

২৭ শে মে, রবিবার, ১৯৯০

লুসি ষ্টোন হল অডিটোরিয়াম
রাটগার্স ইউনিভার্সিটি, নিউ জার্সী

ব্যবস্থাপনায়
নিউ জার্সী সৌখিন শিল্পী গোষ্ঠী

## ACKNOWLEDGEMENTS

THE NAZRUL CONFERENCE COMMITTEE GRATEFULLY RECOGNIZES THE FOLLOWING INDIVIDUALS' RELENTLESS CONTRIBUTIONS AND EFFORTS TO MAKE THIS BROCHURE POSSIBLE

BENGALI WORD PROCESSING
FAHIM U. AHMED
DEWAN S. AREFIN

FRONT COVER DESIGN
TAJUL IMAM

BROCHURE LAYOUTS & DESIGNS
FAHIM U. AHMED

BUTTON & TAG DESIGN
FAHIM U. AHMED

ADVERTISEMENTS SOLICITATION
PRADIP PAUL
MAHMOOD BILLAH
MUSADDEQ HUSSAIN
AMINUR RASHID PINTOO

SPECIAL THANKS
TO
MONO SEN
KANIZ MANNAN
BRENDA KEDIAN
FRAN ANDERSON
AND
ALL ADVERTISERS




# FIRST
# NAZRUL CONFERENCE

OF NORTH AMERICA
1990

## ORGANIZED BY

SHOUKHIN CULTURAL GROUP OF NEW JERSEY

*The Organizing Committee recognizes and gratefully acknowledges the efforts, generous financial support and cooperation of the*

## PATRONS

| | |
|---|---|
| Ziauddin Ahmed | *Springfield, Pennsylvania* |
| Kazi M. Belal | *Medford, Massachusetts* |
| Kimball Medical Center | *Lakewood, New Jersey* |
| Mohammad A. Meah | *Franklin Lake, New Jersey* |
| Najma Sultana Meah | *Franklin Lake, New Jersey* |
| Syed Tipu Sultan | *Holliswood, New York* |
| A. M. A. Raschid Thanadar | *Suffolk, Virginia* |

# FIRST NAZRUL CONFERENCE OF NORTH AMERICA 1990

ORGANIZED BY *SHOUKHIN* CULTURAL GROUP OF NEW JERSEY

*The Organizing Committee recognizes and gratefully acknowledges the efforts, financial support and cooperation of the*

## SPONSORS

| | |
|---|---|
| Fahim & Tanjila Ahmed | Dayton, New Jersey |
| Kamal & Nurun Nahar Ahmed | Holliswood, New York |
| Safique & Homaira Ahmed | Yeadon, Pennsylvania |
| Junaed Akhter | Coral Spring, Florida |
| Sayedul & Rubina Alam | New York, New York |
| Khondker Alamgir | Freeport, New York |
| Ferdows & Selina Ali | Piscataway, New Jersey |
| Bangladesh Association of America | Washington, D. C. |
| Khurshid & Ferdous Anwar | New Hyde Park, New York |
| Dewan & Nurjahan Arefin | Piscataway, New Jersey |
| Bholanath & Ratna Banik | Woodbury, New York |
| Mahmood & Nahid Billah | Howell, New Jersey |
| Razee & Kashfia Billah | Lawrenceville, New Jersey |
| Zafar & Irfat Billah | Cranbury, New Jersey |
| Akhtar Begum | Holmdel, New Jersey |
| Mr. & Mrs.Wadud Bhuiyan | New Hyde Park, New York |
| Faruque & Merilyn Chowdhury | Paterson, New Jersey |
| Waled & Nilufar Chowdhury | Jericho, New York |
| Atikur & Farida Eusufzai | Passaic, New Jersey |
| Bijan & Arati Ghosh | East Brunswick, New Jersey |
| Abdul & Amena Hai | Freehold, New Jersey |
| Azharul & Nasrin Hoque | Old Bridge, New Jersey |
| Musaddeq & Iffat Hussain | Monmouth Junction, New Jersey |
| Mr. & Mrs. Anwarul Islam | Chesapeake, Virginia |
| Abul & Helen Mohiuddin | Dix Hills, New York |
| Asim & Anju Mukherji | Concord, California |
| Pradip & Rekha Paul | Cranford, New Jersey |
| Dalilur & Momtaz Rahman | Warwick, Rhode Island |
| Ehsanur & Anisa Rahman | Newark, Delaware |
| Mr. & Mrs. Shahidur Rahman | Lakegrove, New York |
| Siddiqur & Shahanara Rahman | Willingboro, New Jersey |
| Ziaur & Dawn Rahman | Hazlet, New Jersey |
| Aminur & Yasmin Rashid | Howell, New Jersey |
| Ferdous & Dolly Sajedeen | Merrick, New York |
| Omar Shams Talukder | Holmdel, New Jersey |

# New Jersey General Assembly

STATE HOUSE, TRENTON, N.J.

ASSEMBLY RESOLUTION
By Assemblyman DORIA

WHEREAS, May 27, 1990, marks the occasion of the first Nazrul Conference in North America, which will be held on the campus of Rutgers University in New Brunswick and which will be presented by the members of the Shoukhin, a cultural group that unites Bengali-speaking citizens in our State; and,

WHEREAS, Venerated as the founder of an entire genre of Bengali culture, Kazi Nazrul Islam is recognized as a creative genius whose talents spanned several artistic disciplines and whose works have inspired millions; and,

WHEREAS, Visitors to the Nazrul Conference may participate in a host of events, including seminars, discussions, recitations, Nazrul songs and dances, and showings of art and photography; and,

WHEREAS, The first Nazrul Conference in North America is acknowledged as an opportunity for Bengali-speaking citizens to share their rich and varied culture and heritage with others and to encourage international friendship and understanding among all peoples; now, therefore,

*Be It Resolved by the General Assembly of the State of New Jersey:*

That this House hereby takes note of the first Nazrul Conference in North America as a special event on the campus of Rutgers University, and honors the Shoukhin as the organizers and presenters of this distinguished occasion; and,

*Be It Further Resolved,* That a duly authenticated copy of this resolution, signed by the Speaker and attested by the Clerk, be transmitted to the Shoukhin.

Attest:

GAIL MARSH SAXER
*Clerk of the General Assembly*

Joseph V. Doria, Jr.
JOSEPH V. DORIA, JR.
*Speaker of the General Assembly*

# OFFICE OF THE MAYOR
# CITY OF JERSEY CITY

NEW JERSEY

GERALD McCANN — MAYOR

# Proclamation

**WHEREAS,** Kazi Nazrul Islam was a great genius, writing poems, music songs, and literature brought new horizons in this area; and

**WHEREAS,** he composed many patriotic and National songs and his various skills included composing religious and entertainment songs including romantic poems; and

**WHEREAS,** he had sympathy for the poor and the down-trodden, victims of injustice and oppressed; and

**WHEREAS,** he was a rebellious poet, breaking the shackles of chains that imprison human spirit; and

**WHEREAS,** his impatience for human upliftment immortalized him amongst hundred eighty million people from Bangladesh and from West Bengal, India; and

**WHEREAS,** Shoukhin is holding the first Nazrul conference in North America on May 27, 1990 between 1 p.m. to 8 p.m. at the Rutgers University, New Brunswick, New Jersey with focuses on seminars, open discussion, recitation, Nazrul songs, and dance, and picture and photo displays, well attended artists, writers, researchers and Nazrul devotees from Bangladesh, India and USA,

**NOW, THEREFORE, BE IT RESOLVED THAT I, GERALD McCANN, MAYOR** of the City of Jersey City proclaim May 27, 1990 as

**THE NAZRUL DAY IN JERSEY CITY**

and wish the organizers, Musaref Husain and Mahmood Billa and Mono R. Sen, a true friend of the Asian community, a great success.

**IN WITNESS WHEREOF,** I have set my hand and caused the Seal of the Office of the Mayor to be affixed this 27th day of May in the year of Our Lord Nineteen Hundred and Ninety.

GERALD McCANN
MAYOR

# State of New Jersey

## THE SENATE

STATE HOUSE, TRENTON, N.J.

SENATE RESOLUTION
By Senator COWAN
Adopted: April 30, 1990

WHEREAS, The members of the New Jersey Senate, on behalf of the citizenry of New Jersey, are pleased to extend hearty congratulations to the Shoukhin, a Bengali-speaking cultural group, as it presents the first Nazrul Conference in North America on May 27, 1990, on the Campus of Rutgers University in New Brunswick; and,

WHEREAS, Kazi Nazrul Islam, for whom the Conference is named, is revered by his Bengali-speaking compatriots throughout the world as a creative genius in many artistic disciplines, and his works prompted a genre of culture that has moved and inspired millions; and,

WHEREAS, The Nazrul Conference will include a number of events and programs, including seminars, discussions, recitations, Nazrul songs and dance, and displays of art and photography; and,

WHEREAS, It is both proper and fitting that the members of this House take note of the first Nazrul Conference in North America, and applaud the unwavering efforts of Shoukhin to share its rich Bengali heritage and to promote friendship and understanding among people of diverse cultural backgrounds; now, therefore,

*Be It Resolved by the Senate of the State of New Jersey:*

That this House hereby honors the Shoukhin, commends the first Nazrul Conference, and affirms the contributions of Bengali-speaking people to the art and culture of the world; and,

*Be It Further Resolved,* That a duly authenticated copy of this resolution, signed by the President and attested by the Secretary, be transmitted to the Shoukhin.

*President of the Senate.*

Attest:

*Secretary of the Senate.*

BOARD OF CHOSEN FREEHOLDERS

COUNTY OF HUDSON

P R O C L A M A T I O N

EXTEND CONGRATULATIONS
TO "SHOUKHIN"

WHEREAS, on Sunday, May 27, 1990, the first Nazrul Conference in North America will be held at Rutgers University, New Brunswick, New Jersey; and

WHEREAS, "Shoukhin", a Bengali-speaking culture group in New Jersey and a non-profit organization for Americans of Bengladesh origin and people of West Bengali, India are sponsoring this conference to promote music, cultural activities and performances for all generations; and

WHEREAS, the first Nazrul Conference in North America will focus on seminars, open discussions, recitations, Nazrul songs, dances and picture and photo displays.

NOW, THEREFORE, BE IT PROCLAIMED by the Board of Chosen Freeholders of the County of Hudson that:

1. This Board, along with County Executive Robert C. Janiszewski, congratulates "Shoukhin" for promoting culture among the people of our county and wishes them success in presenting the first Nazrul Conference in North America.

2. This proclamation shall take effect immediately.

Ernest T. Ancone
Clerk



## আহ্বায়কের কথা

বাংলাদেশের সাহিত্য সংস্কৃতির ইতিহাসে নজরুল একটি উজ্জ্বল কিংবদন্তির নাম। মাত্র বিশ বছরের কবি জীবনে তিনি অজস্র কালোত্তীর্ণ কবিতা ও গানের জন্ম দিয়েছেন। উপমহাদেশের ইতিহাসের এক সংকটময় অধ্যায়ে তিনি এসেছিলেন মুক্তি ও কল্যাণের দূত হিসাবে। অত্যাচার ও নিপীড়নের ভয়াবহ রূপ দেখে ভেংগে পড়েছেন তিনি হতাশায়, কিন্তু পরক্ষনেই তার কন্ঠে বেজে উঠেছে চিরন্তন মানুষের গান, শেকল ভাঙ্গার গান। তিনি জানতেন, শুভ বুদ্ধি ও মানবতা জাগবেই।

নজরুল বাংলার মাটি ও মানুষকে গৈরিক রংএর ছন্দে গেঁথেছেন তাঁর অমর কাব্য ও গানে। আমরা গর্ব ও শ্রদ্ধা ভরে স্মরণ করি আমাদের জাতীয় কবি নজরুলকে।

মুশাররফ হোসেন
আহ্বায়ক
**উত্তর আমেরিকা প্রথম নজরুল সম্মেলন**
**১৯৯০**





# সৌখিনের কথা

মাহমুদ বিল্লাহ

প্রবাসে কর্মমুখর জীবন আমাদের। নিরবিচ্ছিন্ন অবসর? একেবারে নেই বল্লেই চলে। তবুও এরই মাঝে কখনও কখনও মন ছুটে যায় সুদূর বাংলায় ফেলে আসা দিন গুলিতে। অভাব বোধ করি বাংলা সংস্কৃতির সেই সুধারস যা' সুখে দুঃখে আমাদেরকে বেঁচে থাকার প্রেরণা জোগায়, দেয় নির্মল আনন্দ।

অভাব বোধ থেকেই সৃষ্টির তাড়না। কয়েকজন 'সংস্কৃতিমনার' উদ্যোগে শুরু হলো বাংলা গান–কবিতা–সাহিত্যের ঘরোয়া আসর। কোন এক সন্ধ্যায় একরকম একটা জলসা থেকেই উপলব্ধি হলো – শুধু নির্মল অবসর যাপনই নয়, আরও কিছু হয়তো করবার আছে। বড় কিছু করতে হলে একটা সংগঠনের প্রয়োজন। তাই অনিয়মকে কিছুটা নিয়মের ছকে বাঁধা হলো, জন্ম নিল 'সৌখিন'।

সৌখিন একটি সাংস্কৃতিক সংগঠন। উদ্দেশ্য – বিনোদনের সাথে সাথে বাংলা সংস্কৃতির চর্চা, প্রচার ও প্রসার । এই আদর্শ ও উদ্দেশ্যকে সামনে রেখে এগিয়ে চলেছে সৌখিনের প্রতিটি কাজ আর সেই সঙ্গে বেড়ে চলেছে এর শুভাকাঙ্খীদের দল। নিয়মিত কার্যক্রমের মধ্যে রয়েছে সঙ্গীত চর্চা, গানের স্কুল, সাহিত্য সেমিনার, ঈদ পুর্ণমিলন, নববর্ষ উদ্‌যাপন ইত্যাদি।

সৌখিনের বয়স দু' বছর হলেও এর পিছনে যাঁরা কাজ করে চলেছেন তাঁদের অভিজ্ঞতা অনেক বছরের। এদের অনেকেই ৭০' এর দশক থেকে নিউইয়র্ক / নিউজার্সীর সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে ওতোপ্রত ভাবে জড়িত। তাই এত কম সময়ের মধ্যে সুন্দর ও উন্নতমানের অনুষ্ঠানের আয়োজন করে সৌখিন একটি ব্যতিক্রমী গোষ্ঠী হিসেবে দর্শক – শ্রোতাদের মন জয় করতে পেরেছে। গতবছর নবম বঙ্গ সম্মেলনে পরিবেশিত সৌখিনের মনোজ্ঞ নজরুলগীতির অনুষ্ঠান "নীরব কেন কবির" মহড়া চলার সময় কয়েকজন উৎসাহী কর্মীর মনে দানা বেঁধেছিল আজকের এই নজরুল সম্মেলনের চিন্তা। কবি নজরুল প্রায়ই বলতেন, "কবিতায় আমি বাঁচি বা নাই বাঁচি গানে আমি অমর হয়ে থাকবো।" এই উক্তিতে কোন গর্ব ছিলোনা, ছিল অটল আত্মবিশ্বাসের ঘোষনা। কিন্তু এটা আমাদের সবার জন্যই গ্লানিকর যে তাঁর সেই অমর সৃষ্টি নজরুলগীতির প্রচার ও সংরক্ষণ যে কারনেই হোক, সুষ্ঠ ভাবে হচ্ছেনা। আমাদের ব্যক্তিগত ও জাতীয় জীবনের প্রতিটি ক্ষেত্রে যে কবির কবিতা ও গান থেকে আমরা অহরহ নিয়েই চলেছি, তাঁকে কি আমাদের দেওয়ার কিছুই নেই?

সৌখিন আজ সত্যিই আনন্দিত যে, যথেষ্ঠ প্রতিকূল পরিস্থিতির চাপ থাকা সত্বেও উত্তর আমেরিকায় এই প্রথম বছরের মত অনুষ্ঠিত হতে যাচ্ছে নজরুল সম্মেলন। ভুল–ত্রুটি আমাদের থাকবে, তবে আশা করবো যে প্রথম প্রচেষ্টার প্রেক্ষিতে অনাকাঙ্খিত ভুল – ত্রুটি গুলো আপনারা ক্ষমার চোখে দেখবেন।

সবশেষে, সৌখিনের এই প্রচেষ্টায় যারা স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এসেছেন, যাদের অক্লান্ত পরিশ্রম, সময় ও আর্থিক সাহায্যে এই সম্মেলনের চিন্তা বাস্তবরূপ নিতে পেরেছে, তাদের সবাইকে সৌখিনের পক্ষ থেকে জানাই আন্তরিক অভিনন্দন। সেই সঙ্গে নজরুল সম্মেলনকে বছর বছর এগিয়ে নিয়ে যাওয়ার জন্য উত্তর আমেরিকার সকল সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে আহ্বান জানাই। আগামীতে আরও অনেক অভিনব পরিকল্পনার সংযোজন ও সক্রিয় দায়ীত্ব পালনের প্রতিশ্রুতি দিয়ে সৌখিন আপনাদের সবার সহযোগিতা কামনা করছে।

ধন্যবাদ

## 'সৌখিন' -নিউ জার্সী শিল্পী গোষ্ঠী

আপনারা ২৭ মে, ১৯৯০ সালে উত্তর আমেরিকায় নজরুল সম্মেলন করার প্রচেষ্টা নিয়েছেন জেনে খুবই প্রীত হয়েছি। অতীব গর্বের বিষয়, নজরুল প্রতিভা নিয়ে এত দূরদেশেও ভাবনা চিন্তা করছেন। কবি নজরুল দলিত - মথিত - লাঞ্ছিত মানুষের কবি। অত্যাচারের প্রতিবাদে সোচ্চার তাঁর কবিতা। পৃথিবীর অবহেলিত মানুষের জন্য তাঁর গান, কবিতা, প্রবন্ধ, গল্প - উপন্যাস রচিত। পরাধীণ দক্ষিন - এশিয়ার বলিষ্ঠ কন্ঠের কবির আরাব্ধ কাজ - আজও শেষ হয়নি। শুধু দক্ষিন - এশিয়াতেই নয়, - পৃথিবীর প্রায় সর্ব্বত্রই তাঁর এই প্রতিবাদী লেখার প্রয়োজন এখনও ফুরোয় নি।

উত্তর আমেরিকার মত ধনী দেশেও মানুষের জন্য রয়েছে কর্ম্মহীন - জীবন, শোষকের অত্যাচার ও বঞ্চনা। গৃহহীন লক্ষ লক্ষ মানুষ অনাহারী - অভুক্ত; যে জন্য মাদার টেরেসাকে এদেশেও বহু নঙ্গরখানা খুলতে হয়েছে এবং এখনও হচ্ছে। নজরুলের লেখনী এখানেও এই অন্যায়ের প্রতিবাদে যেন সোচ্চার। কবি নজরুলের কবি চতনার এই দিকটি দায়বদ্ধ লেখকের দায়িত্বে ভরপুর। সমাজ, দেশ, কালের ভেদাভেদের উর্দ্ধে। আমাদেরও দায়িত্ব তাঁর -এই প্রতিভার সাথে এদেশের মানুষকেও পরিচিত করান। আপনাদের এই উদ্যোগ সার্থক হোক। টেগোর সোসাইটি - নিউইয়র্কের তরফ থেকে আপনাদেরকে অভিনন্দন জানাই।

শুভেচ্ছান্তে -

খোন্দকার ম. আলমগীর
সভাপতি
**টেগোর সোসাইটি অব নিউইয়র্ক**
২০ শে এপ্রিল, ১৯৯০ সাল





আমাদের বাংলা সাহিত্য - সংস্কৃতি ও সঙ্গীতের ভান্ডারে পরিপূর্ণতা এনেছেন যিনি, তিনিই আমাদের প্রিয়, মানুষের কবি - কাজী নজরুল ইসলাম। এই কালজয়ী কবি তাঁর অনন্যসাধারন সৃজনী প্রতিভার অবদান রেখে গেছেন তাঁর গানে। এর সংখ্যা যেমন অগনিত - তেমনি এর রচনা ও সুরে রয়ে গেছে বৈচিত্রময়ী কারুকাজ এবং অনুপম ভাবধারা। এই বছর আমার সঙ্গীত জীবনের "সুবর্ণজয়ন্তী"। এই দীর্ঘ সময়ের প্রায় পুরোটাই কেটেছে নজরুলের গান গেয়ে। কাছে থেকে তাঁকে দেখেছি - গান গেয়েছি তার পাশে বসে। এই স্মৃতি আমার জন্য অমূল্য সম্পদ। আমার মনে হয় কবি নজরুলের এই অমর সৃষ্টির শুধুমাত্র সংরক্ষণ এবং যথাযথভাবে প্রচার ছাড়াও - বিশ্বের সর্বত্র সুধীসমাজের কাছে উপস্থাপন করা আমাদের নৈতিক দায়ীত্ব।

সুদূর উত্তর আমেরিকায় **সৌখিন শিল্পী গোষ্ঠী** 'নজরুল সম্মেলনের' যে উদ্যোগ নিয়েছে তা' অত্যন্ত প্রশংসনীয়। এই কষ্টসাধ্য প্রচেষ্টাকে আন্তরিক অভিনন্দন জানাই। এই সম্মেলন সর্বোতোভাবে সফল হোক - এই কামনা করি।

**ফিরোজা বেগম**



কবি নজরুল বার্ধক্যে

(১৯৬৭ সালে গৃহীত আলোকচিত্র)



# FIRST NAZRUL CONFERENCE OF NORTH AMERICA

NAZRUL SAMMELAN

## SUNDAY, MAY 27, 1990

## AT

## LUCY STONE HALL AUDITORIUM
## RUTGERS UNIVERSITY, NEW JERSEY

### ORGANIZED BY
### SHOUKHIN CULTURAL GROUP
### NEW JERSEY

PARTICIPATING ORGANIZATIONS

BANGLADESH ASSOCIATION OF AMERICA, WASHINGTON, DC
BANGLADESH ASSOCIATION OF NEW ENGLAND, BOSTON, MA
BANGLADESH CULTURAL ASSOCIATION OF NEW JERSEY, NJ
BANGLADESH ASSOCIATION OF DELAWARE VALLEY, PA
PROBASHI BENGALI CHRISTIAN ASSOCIATION, NJ
MEGH MELA, NJ
KALLOL OF NEW JERSEY, NJ
THE ACADEMY OF INDIAN DANCE, NJ
BANGLADESH SOCIETY OF NEW YORK, NY
SHOUKHIN CULTURAL GROUP OF NEW JERSEY, NJ

## ORGANIZING COMMITTEE

Musharoff Hossain - Convenor
Aminur Rashid
Omar Shams
Fahim Ahmed
Zafar Billah
Ziaur Rahman
Musaddeq Hussain
Mahmood Billah

## ADVISORY COMMITTEE

Golam Sohrab
Kazi Arif
Mahmood Billah
Omar Shams
Kashfia Billah
Iffat Hussain
Akhtar Begum
Abdul Pathan
Fahim Ahmed
Dewan Arefin
Pradip Paul
Razee Billah
Sakti Sengupta
Mono Sen
Musharoff Hossain
Aminur Rashid
Musaddeq Hussain
Dalilur Rahman
Zafar Billah
Abdul Hai
Nahid Billah
Faruque Chowdhury
Ziaur Rahman
Irfat Billah
Yashmin Rashid
Tanjila Ahmed
Mahbub Alom
Arun Bhowmik

## SUB-COMMITTEES

**SEMINAR** - Omar Shams, Musaddeq Hussain

**RECITATION** - Aminur Rashid, Ziaur Rahman

**PERFORMING ARTS** - Mahmood Billah, Zafar Billah

**BROCHURE** - Aminur Rashid, Omar Shams, Ziaur Rahman, Fahim Ahmed, Dewan Arefin, Pradip Paul

FIRST NAZRUL CONFERENCE OF NORTH AMERICA - 1990

## SUB-COMMITTEES (CONTINUED)

**FUND RAISING** - Dewan Arefin, Abdul Hai, Abdul Pathan, Faruque Chowdhury, Mahbub Alom

**RECEPTION & REGISTRATION** - Iffat Hussain, Kashfia Billah, Razee Billah, Akhtar Begum, Tanjila Ahmed, Irfat Billah, Nasrin Hoque, Amena Hai, Yasmin Rashid, Dawn Rahman, Nahid Billah, Pradip Paul, Homaira Ahmed, Susmita Guharoy

**HALL MANAGEMENT** - Musharoff Hossain, Fahim Ahmed, Dalilur Rahman, Zahirul Kabir Chowdhury, Azharul Hoque Lenin, Ziaur Rahman, Abdul Hai, Ehtesham Hayder, Omar Shams, Faruque Chowdhury, Mahbub Alom

**GUEST HOSPITALITY** - Musharoff Hossain, Omar Shams, Fahim Ahmed

## SUB-COMMITTEES (CONTINUED)

| | | |
|---|---|---|
| STAGE & HALL DECORATIONS | - | Shawkat Ara Mina<br>Khondokar Hasan Imam<br>Shamim Hoque |
| STAGE MANAGEMENT | - | Mahmood Billah<br>Zafar Billah<br>Khondokar Hasan Imam<br>Musaddeq Hussain<br>Salahuddin Ahmed<br>Abu Aminur Rahman<br>Abdul Hai<br>Ziaur Rahman |
| VIDEO RECORDING & PHOTOGRAPHY | - | M. Habibullah<br>Fahim Ahmed<br>Pradip Paul |
| FOOD & REFRESHMENTS | - | Tanvir Rahman & his Group |
| DISPLAY GALLERY | - | Shawkat Ara Mina<br>Khondokar Hasan Imam<br>Aminur Rashid<br>Nahid Billah |
| PORTRAIT COMPETITION FOR CHILDREN | - | Ziaur Rahman<br>Shawkat Ara Mina<br>Iffat Hussain |
| ANNOUNCEMENTS | - | Aminur Rashid<br>Yasmin Rashid<br>Irfat Billah<br>Ziaur Rahman |



## PROGRAM SCHEDULE

**REGISTRATION**
**10:00 a.m.**

**OPENING CEREMONY**
**10:30 a.m.**
Welcome Addresses
Opening Speech by guest of honor, **Feroza Begum**

**SEMINAR AND OPEN FORUM DISCUSSION**
**11:00 a.m. - 12:45 p.m.**
**COORDINATOR: OMAR SHAMS**
Participants
Jyotiprakash Datta
Gulshan Ara Kazi
Sakti Sengupta
Dewan Arefin
Dilara Hashem
Khondokar Alamgir
Mohammed A. Meah
Iqbal Bahar Choudhury
Ali Monwar
Hayat Mamud
Amar Sanyal
and
Other respected guests

**POETRY RECITATION**
**1:15 p.m. - 2:15 p.m.**
**COORDINATOR: AMINUR RASHID**
Participants
Kazi Arif
Pragna Laboni
Sohel Samad
Iqbal Bahar Choudhury
Farouk Azam
Yasmin Rashid
Ziaur Rahman
Momtaz Rahman

## PERFORMING ARTS
**2:30 p.m. - 7:30 p.m.**

**COORDINATORS: MAHMOOD BILLAH AND ZAFAR BILLAH**

| | Organization | Event |
|---|---|---|
| **2:30** | Probashi Bengali Christian Association, New Jersey | "JHANKER" Opening Orchestra (Live) based on poet Nazrul's composition followed by a dance sequence |
| **2:45** | Delaware Valley Bangladesh Association | "HINDOL" Songs, Dances, Recitation and Instrumental music |
| **3:15** | Bangladesh Cultural Association of New Jersey | "SHURE SHURE NAZRUL" Assorted Nazrul songs |
| **3:45** | Bangladesh Association of America, Washington, D.C. | "AMAR CHOKHE NAZRUL" Enactment with dance, recitation and songs |
| **4:15** | Bangladesh Society of New York | "TOMAR SHUROBANI TOMARI LAGIA" Recitation with dance, songs and recitation by children |
| **4:50** | The Academy of Indian Dance, New Jersey | "NRITTANJOLI" Homage to Poet Nazrul's life and work through dance sequences |
| **5:15** | Bangladesh Association of New England, Boston | "CHIRONJEEB NAZRUL" Medium - Dance, Poetry, Songs and Enactment |
| **5:50** | Megh Mela, New Jersey | "NRITTA RANGHA" A dance recital accompanied by vocal and instrumental music |
| **6:10** | Shoukhin Cultural Group, New Jersey | "ALOR DHEYANE" Musical Soiree - devotional songs of Kazi Nazrul Islam |
| **6:50** | Kallol of New Jersey | "SHILPI" Recitation of (Sruti Natak) Nazrul's Shilpi |

**"JOY-JOYONTI"**
**7:30 p.m. - 8:00 p.m.**
Solo performance of semi-classical
Nazrul songs by **Golam Sohrab**

**PRESENTATION OF AWARDS BY FEROZA BEGUM**
**8:00 p.m. - 8:20 p.m.**

**"SRITEER MALIKA GATHI"**
**8:30 p.m. - 9:30 p.m.**
Solo performance by **Feroza Begum**
Her best memories and favorite selections of Nazrul songs

**CLOSING AND THANKS**
**9:30 p.m.**

**NOTES:**

1. **A special documentary film on Kazi Nazrul Islam is available for viewing on a television screen conveniently located in the front lobby near the display gallery.**
2. **There will be slide presentations in the auditorium on Poet Nazrul's life and work between various performances.**
3. **Babysitting and refreshment facilities are available for your convenience.**




THIS BROCHURE CONTAINS

SELECTED EXCERPTS FROM NAZRUL'S MEMOIRS
( REPRINTS )

SELECTED ARTICLES DEPICTING VARIOUS FACETS OF NAZRUL
( ORIGINALS & REPRINTS )

SELECTED FACSIMILE OF POET'S HANDWRITINGS
( REPRINTS )



## সম্পাদকীয়

আজ থেকে আড়াই হাজার আগে জ্ঞানী শ্রেষ্ঠ – দার্শনিক প্লেটো 'রিপাবলিক' নামে একখানি গ্রন্থ প্রণয়ন করেছিলেন। সেই গ্রন্থে একটি আদর্শ রাষ্ট্রের পরিকল্পনা রচিত হয়েছিলো। কিন্তু তাঁর পরিকল্পিত রাষ্ট্রে সবার সমান অধিকার থাকলেও – বেমালুম বাদ দিয়েছেন কবিকে। প্লেটোর হয়ত' বা মনে হয়েছিল – ঐ কবি মানুষটিকে বিশ্বাস নেই। কখন কী বলবে বা করে বসবে তার ঠিক নেই। নিজের অজান্তেই হয়ত' রাষ্ট্রের ক্ষতিসাধন করবে। কবিকে নির্বাসন দিয়ে আসলে প্লেটো কবির শক্তিকেই স্বীকৃতি দিয়েছেন।

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম তেমনি একজন যুগপোযোগী কবি এবং তেজোদৃপ্ত কন্ঠস্বর। যাঁর লেখনীর ঐশীবানী সেদিনের পরাক্রমশালী ব্রিটিশ রাজশক্তিকেও আতংকিত করেছিলো। নীপীড়িত –নির্যাতিত স্বাধীনতাকামী মানুষের চেতনায় ও ভাবনায় তিনি যুগিয়েছিলেন মুক্তির মূলমন্ত্র। তাই তিনি শুধু মানবতার কবিই নন – তিনি ছিলেন যুগস্রষ্টা নজরুল। নেতাজী সুভাষ বোস বলেছিলেন – "আমরা যখন যুদ্ধে যাবো তখন সেখানে নজরুলের যুদ্ধের গান গাওয়া হবে। আমরা যখন কারাগারে যাবো – তখনো তাঁর গান গাইবো"।

বিংশ শতকের এক মহালগ্নে বাঙ্গালী জাতীয় জীবনে কবি নজরুলের আবির্ভাব। বাংলা সাহিত্য জগতে তখন একদিকে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর আপন প্রতিভায় উদ্দীপ্ত – অন্যদিকে সুধীন্দ্রনাথ, জীবনানন্দ, শরৎচন্দ্র, ডি. এল. রায় প্রমুখ আপন আপন সৃষ্টির শোভায় সুষমামন্ডিত। এরি মাঝে কবি নজরুল এসে যেন এলাম – দেখলাম – জয় করলাম এর মত বাংলা সাহিত্যে এনে দিলেন নূতন এক নৃত্য – পাগল –ছন্দ। সঙ্গীতে যার ঘুম ভেঙ্গে যায়, বলহীন পায় বল, ঘুমন্ত জাতীর জাগরণে ভাষা ছিলো যাঁর অটল –তিনিই আমাদের প্রাণপ্রিয় কবি নজরুল।

দু' দশকের মাঝে যে গান আর কবিতা তিনি রচনা করে গেছেন তা' আজো বাংলা সাহিত্যের জন্য অমূল্য সম্পদ। গান শুধু লিখেই উনি ক্ষান্ত হননি – তাতে দিয়েছেন বিচিত্র রাগ – রাগীনির সুর। অপূর্ব শব্দচয়ণ এবং সুরের ব্যাঞ্জনা তাঁর গানকে করেছে আরো অপরূপ এবং হৃদয়গ্রাহী। এই মহামানবের সৃষ্টি যেন অনাদরে অবহেলায় অবলুপ্ত না হয়ে যায় সেদিকে আমাদের সচেতন থাকা প্রয়োজন। তেমনি আমাদের কর্ত্তব্য কবির সকল অমর সৃষ্টিকে সংগ্রহ, রক্ষা, সংরক্ষণ এবং নির্ভুলভাবে প্রচারের ব্যাবস্থা করা। উত্তর আমেরিকায় প্রথম "নজরুল সম্মেলনে" – এই হোক আমাদের সবার অঙ্গীকার।

অনেক ইচ্ছে থাকলেও সময় এবং সুযোগের অভাবে একটি নিপুন সংকলন আপনাদের হাতে তুলে দিতে পারিনি – ছাপার ভুলত্রুটি থাকাটাও স্বাভাবিক। আশাকরি এর সবকিছুই আপনারা ক্ষমাসুন্দর চোখে দেখবেন। সর্বজনাব ফাহিম উদ্দীন আহমেদ এবং দেওয়ান শামসুল আরেফীন যে অক্লান্ত পরিশ্রম করে বাংলা টাইপ করেছেন সেটা অত্যন্ত প্রশংসনীয়। তা' না হয়লে হয়ত অনেক কাজই অসম্পূর্ণ থেকে যেত। প্রচ্ছদ এঁকে পাঠিয়েছেন সুদূর ডাল্লাস –টেক্সাস থেকে একসময় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফাইন আর্টস এর ছাত্র তাজুল ইমাম। মূল্যবান সময় এবং উপদেশ দিয়ে সহযোগীতা করেছেন প্রদীপ পাল। এদের সবাইকে জানাই আমাদের আন্তরিক ধন্যবাদ।

এই সংকলনটিতে আমরা একটা 'সমগ্র নজরুল' উপস্হাপন করার প্রয়াস করেছি । বিভিন্ন পত্র – পত্রিকা থেকে নজরুলের জীবনের অনেক জানা – অজানা তথ্য ও রচনা সন্নিবেশ করেছি, একটা কথা মনে রেখেই, এতে হয়ত' আপনাদের উৎসুক মনের অনেক খোরাক জুটবে। সেই সমস্ত রচয়িতাদের সঙ্গে যোগাযোগ করা আমাদের আদৌ সম্ভবপর হয়ে ওঠেনি। প্রতিটি রচনাই অত্যন্ত তাৎপর্যপূর্ণ এবং ঐতিহাসিক দলিল। তাঁরা যেন শুধু একটা কথাই ভাবেন – এ যেনো হোক অপরিসীম জ্ঞানের বিস্তার। যাঁর আলোকে আমরা খুঁজে পাব সত্যিকার নজরুল চরিত – মানসের যথার্থ রূপ। সবার কাছে। যদি সংকলনটি সাদরে গৃহীত হয় – তবেই ভাববো আমাদের সমগ্র প্রয়াস সার্থক।

সবশেষে – সময় সবার বড়ো মূল্যায়ক। কালক্রমেই সকল কীর্তির সত্যমূল্য নির্ণয় হয়। সাময়িক আগ্রহ বা অনাগ্রহের আবরণ কালক্রমেই উন্মোচিত হয় এবং প্রাপ্য হয় যথার্থ আসন। কবি নজরুল তাঁর সমগ্র সৃষ্টির মাঝ দিয়ে যেদিন সামাজিক এবং জাতীয় জীবনে সেই আসনে সুপ্রতিষ্ঠিত হবেন – সেদিনই সার্থক হ'বে তাঁর কালজয়ী সাহিত্য ও শিল্পজীবন।

আমিনুর রশীদ পিন্টু      জিয়াউর রহমান      ওমর শামস

# কাজী নজরুল ইসলাম
## ।। জীবনপঞ্জি ।।
## ১৮৯৯–১৯৭৬

**জন্ম**

১১ই জ্যৈষ্ঠ, ১৩০৬; ২৪শে মে, ১৮৯৯। গ্রাম : চুরুলিয়া; থানা : জামুরিয়া; মহকুমা: আসানসোল; জেলা: বর্ধমান; —পশ্চিমবঙ্গ। ডাক নাম : 'দুখু মিয়া' ও 'তারাখ্যাপা'। পিতা: কাজী ফকির আহমদ; মাতা : জাহেদা খাতুন।

**ব্যক্তিজীবন**

১৯০৮ সালে কবির পিতার মৃত্যু। ১৯১০ সালে গ্রামের মক্তব থেকে নিম্ন-প্রাথমিক পরীক্ষা পাশ। একই সময়ে মোল্লাগিরি, মাজার শরিফের খাদেমগিরি ও মসজিদের এমামতি করতেন। ১৯১১ সালে বর্ধমানের হাই স্কুলে পাঠ—এই স্কুলের প্রধান শিক্ষক ছিলেন কবি কুমুদরঞ্জন মল্লিক। রানিগঞ্জে বাবুর্চিগিরি। আসানসোলে রুটির দোকানে চাকরি। পুলিশ ইন্‌স্‌পেক্‌টর্ কাজী রফিকউল্লাহ সাহেবের সঙ্গে পরিচয় এবং ময়মনসিংহে গমন। ১৯১৪ সালে ময়মনসিংহের দরিরামপুর হাইস্কুলে ক্লাশ সেভেন পর্যন্ত পাঠ। পালিয়ে, আবার রানিগঞ্জে। ১৯১৫ সালে শিয়ারশোল হাই স্কুলে ক্লাশ এইটে ভরতি। ১৯১৭ সালে, নজরুল তখন ক্লাশ টেনের ছাত্র, এখান থেকেই নাম লেখান ৪৯-নম্বর বাঙালি পল্টনে। নৌশেরা-র ট্রেনিং শেষে স্থায়ীভাবে করাচিতে। 'ব্যাটালিয়ন কোয়ার্টার মাষ্টার হাবিলদার' পদে উন্নীত। ১৯২০ সালের জানুআরি মাসে দেশে ফিরে এলেন। মার্চ মাসে বাঙালি পল্টন ভেঙে দেওয়া হ'লো। নজরুল কলকাতায়, প্রথমে বাল্যবন্ধু শৈলজানন্দের মেসে, পরে মুজফ্‌ফর আহমদের সঙ্গে 'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি'র অফিসের একই ঘরে অবস্থান। ১৯২১ সালে, কুমিল্লায়, সৈয়দা খাতুন ওরফে নার্গিস বেগমের সঙ্গে আক্‌দ্। বিয়ের রাতেই নজরুল দৌলতপুর ত্যাগ করেন এবং নার্গিসের সঙ্গে কখনো একত্রবাস করেননি। ১৯২২ সালে নজরুলের 'আনন্দময়ীর আগমনে' ও অন্যএকটি রচনার জন্যে সম্পাদক নজরুলের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা। কুমিল্লায় নজরুল গ্রেফতার। ১৯২৩ সালের জানুআরি মাসে বিচারে নজরুলকে এক-বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়। জেল থেকে মুক্তি পান ঐ বছরের ডিসেম্বর মাসে।



# কাজী নজরুল ইসলাম
## ।। জীবনপঞ্জি ।।
## ১৮৯৯–১৯৭৬

১৯২৪ সালে কবির বিবাহ সম্পন্ন হয় কলকাতায়, প্রমীলা সেনগুপ্তা (আশালতা সেনগুপ্তা)-র সঙ্গে, ইসলামি ধর্মমতে। হুগলিতে দু-বছর কাটালেন। ১৯২৫ সালে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটির সভ্যপদ লাভ। একই বছরে 'ভারতীয় জাতীয় মহাসমিতি'-র অন্তর্ভূত 'মজুর স্বরাজ পার্টি' গঠনে অংশগ্রহণ। ১৯২৬ সাল থেকে ১৯২৮ সাল পর্যন্ত কৃষ্ণনগরে অবস্থান। ১৯২৬ সালে কবির প্রথম পুত্র বুলবুলের জন্ম। ১৯৩০ সালে "প্রলয়-শিখা" কাব্যগ্রন্থ বাজেয়াপ্ত এবং নজরুলের ছ-মাস কারাদণ্ডাদেশ, শেষপর্যন্ত এই আদেশ কার্যকরী হয়নি। ঐ বছরেই বুলবুলের মৃত্যু। নজরুলের অন্য দুই পুত্র : কাজী সব্যসাচী ও কাজী অনিরুদ্ধ। ১৯৩৯ সালে কবিপত্নী প্রমীলা নজরুল পক্ষাঘাত রোগগ্রস্ত। ১৯৪২ সালে নজরুল অসুস্থ হ'য়ে পড়েন। 'লুম্বিনী পার্ক' ও 'রাঁচী মেণ্টাল হসপিটালে' এক বছর চিকিৎসা ক'রেও কোনো উপকার হ'লো না। ১৯৫৩ সালে প্রথমে ইংল্যাণ্ডে ও পরে জর্মানিতে চিকিৎসার্থে প্রেরণ করা হয়। সব ডাক্তারেরই অভিমত, তাঁর রোগ চিকিৎসার অতীত। ঐ বছরের শেষে দেশে ফিরিয়ে আনা হয়। ১৯৬২ সালে কবিপত্নীর মৃত্যু। ১৯৭২ সালে বাংলাদেশ সরকার কবিকে ঢাকায় নিয়ে আসেন। এখানেই ১৯৭৬ সালে মৃত্যু হয়।

**সাহিত্যজীবন**

শৈশব-কৈশোরে চাচা কাজী বজলে করিমের কাছে ফারসি ভাষা ও সাহিত্যের চর্চা। স্থানীয় লেটো দলের জন্যে বাংলা-উর্দু-ফারসি-ইংরেজি মেশানো ভাষায় গীতিকাব্য, প্রহসন, পাঁচালি, কবিগান ('শকুনি-বধ,' 'মেঘনাদ-বধ,' 'রাজপুত্র,' 'চাষার সং' প্রভৃতি) রচনা। স্কুলে কবিতচর্চা, ফারসি শিক্ষা। বাঙালি পল্টনে যোগ দিয়ে করাচি অবস্থানকালে আরো ফারসি ভাষা-সাহিত্যের চর্চা। করাচি থেকেই গল্প পাঠান 'সওগাত' পত্রিকায়, 'বাউণ্ডেলের আত্মকাহিনী', 'সওগাত'এ প্রকাশিত হয় জ্যৈষ্ঠ ১৩২৬ সংখ্যায়। এটিই নজরুলের প্রথম প্রকাশিত রচনা। তাঁর প্রথম প্রকাশিত কবিতা 'মুক্তি' প্রকাশিত হয় 'বঙ্গীয় মুসলমান সাহিত্য

# কাজী নজরুল ইসলাম
## ।। জীবনপঞ্জি ।।
## ১৮৯৯–১৯৭৬

পত্রিকা'য় ( শ্রাবণ ১৩২৬ )। প্রথম প্রবন্ধ 'তুর্ক মহিলার ঘোমটা খোলা' প্রকাশিত হয় 'সওগাতে' (কার্তিক ১৩২৬)। ছাপার হরফে নজরুলের আত্মপ্রকাশ ১৯১৯ সালে। অত্যল্পকালের মধ্যেই নজরুল সাহিত্যের একজন প্রধান নায়কে বৃত হন। ১৯২২ সালের জানুআরি মাসে 'বিদ্রোহী' (লেখা হয়েছিলো ১৯২১ সালের ডিসেম্বর মাসে) কবিতা প্রকাশিত হওয়ার সঙ্গে-সঙ্গে নজরুলের খ্যাতি চারদিকে ছড়িয়ে পড়ে। প্রথম গ্রন্থ, গদ্যপ্রবন্ধ "যুগ-বাণী" (১৯২২)। প্রথম কবিতাগ্রন্থ "অগ্নি-বীণা" (১৯২২)। তাঁর ২৩-বছরের শিল্পজীবনে নজরুল লেখেন ২২টি কবিতাগ্রন্থ, ৩টি কাব্যানুবাদ, ২টি কিশোরকাব্য, ৩টি উপন্যাস, ৩টি গল্পগ্রন্থ, ৩টি নাটক, ২টি কিশোর-নাটিকা, ৫টি প্রবন্ধগ্রন্থ, ১৪টি সংগীতগ্রন্থ। তাঁর রচিত গানের প্রকৃত সংখ্যা এখন-পর্যন্ত নির্ধারণ করা যায়নি।

**পত্রিকা-সম্পাদনা ও পরিচালনা**

১৯২০ সালের মে মাসে রাজনীতিবিদ এ. কে. ফজলুল হকের অর্থানুকূল্যে নজরুল ও মুজফ্ফর আহমদের যুগ্ম-সম্পাদনায় 'নবযুগ' নামে একটি সান্ধ্য দৈনিক প্রকাশিত হয়। ঐ বছরের শেষদিকে নজরুল 'নবযুগ'-এর সম্পর্ক ত্যাগ করেন। ১৯২২ সালের ১২ই আগষ্ট অর্ধ-সাপ্তাহিক 'ধূমকেতু' নজরুলের সম্পাদনায় প্রকাশিত হয়। নবেম্বর মাসে নজরুলের 'আনন্দময়ীর আগমনে' ও অন্য একটি রচনার জন্যে 'ধূমকেতু' অফিস খানাতল্লাশি, নজরুলের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা, নজরুল গ্রেফতার ও এক বছরের সশ্রম কারাদণ্ড (১৯২৩)। ১৯২৫ সালের ২৫শে ডিসেম্বর নজরুলের পরিচালনায় সাপ্তাহিক 'লাঙল' পত্রিকার প্রকাশ। ১৯২৬ সালের ১২ই আগষ্ট 'লাঙল' পত্রিকা 'গণবাণী' নামে প্রকাশিত হ'তে থাকে। ১৯৪০ সালের অক্টোবরে এ. কে. ফজলুল হকের উদ্যোগে পুনঃপ্রকাশিত 'নবযুগ'-এর প্রধান সম্পাদক হিশেবে নজরুল আবার যোগ দ্যান।




# কাজী নজরুল ইসলাম
## ।। জীবনপঞ্জি ।।
## ১৮৯৯–১৯৭৬


**অভিনয় ও চলচ্চিত্র-পরিচালনা**

অভিনয় করেন "ধ্রুব" চলচ্চিত্রে নারদ হিশেবে ; স্বরচিত "আলেয়া" গীতিকাব্যে কবির ভূমিকায় ; "ধূপছায়া" চলচ্চিত্রে বিষ্ণুর ভূমিকায়। "ধূপছায়া" (১৯৩১) ছবিটির পরিচালক তিনি নিজে। এ ছাড়াও লেখেন দুটি চলচ্চিত্রের কাহিনী : 'বিদ্যাপতি' (১৯৩৮। পরিচালক : দেবকীকুমার বসু) ও 'সাপুড়ে' (১৯৩৮। পরিচালক : দেবকীকুমার বসু)।

**অভিভাষণ-প্রতিভাষণ**

তাঁর উদ্দাম শিল্পজীবনে নজরুল বহু সভা-সমিতিতে বহু ভাষণ দ্যান। যে-ক'টির সংবাদ পাওয়া যাচ্ছে, সেগুলি এই।—১৯২৯ সালে চট্টগ্রাম বুলবুল-সোসাইটির পক্ষ থেকে কবিকে যে-মানপত্র দেওয়া হয়, তার জবাবি বক্তৃতা। ঐ বছরেই চট্টগ্রাম এডুকেশন সোসাইটির প্রতিষ্ঠা উপলক্ষে অনুষ্ঠানের সভাপতি-রূপে ভাষণ। ঐ বছরেই ১৫ই ডিসেম্বর কলকাতা-স্থ এ্যালবার্ট হলে কবিকে যে-সংবর্ধনা দেওয়া হয়, তার উত্তরে কবির বিখ্যাত 'প্রতিভাষণ'। ১৯৩২ সালের ৫–৬ নবেম্বরে সিরাজগঞ্জের নাট্য-ভবনে অনুষ্ঠিত বঙ্গীয় মুসলিম তরুণ সম্মেলনের সভাপতি-রূপে অভিভাষণ। ১৯৩৬ সালে ফরিদপুর জেলা মুসলিম ছাত্র সম্মিলনীতে সভাপতি হিশেবে ভাষণ। ১৯৩৮ সালে জনসাহিত্য-সংসদের শুভ-উদ্বোধন উপলক্ষে সভাপতি হিশেবে ভাষণ। ১৯৩৯ সালের ১০ই ডিসেম্বর ওস্তাদ জমিরুদ্দীন খানের মৃত্যু উপলক্ষে আয়োজিত শোক-সভায় সভাপতির অভিভাষণ। ১৯৪০ সালে 'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি'র ঈদ সম্মেলনে সভাপতির ভাষণ। ১৯৪০ সালে কলকাতায় 'সিরাজী পাবলিক লাইব্রেরী ও ফ্রি রিডিং রুম'-এর দ্বারোদ্ঘাটন উপলক্ষে সভাপতির ভাষণ। একই বছরে ২৩শে ডিসেম্বর কলকাতার মুসলিম ইন্‌স্টিটিউট হলে বক্তৃতা। ১৯৪১ সালের ১৬ই মার্চ বনগাঁ সাহিত্যসভার চতুর্থ বার্ষিক সম্মেলনে সভাপতির ভাষণ। ১৯৪০ সালের ৫ই ও ৬ই এপ্রিল কলকাতার মুসলিম ইন্‌স্টিটিউট হলে 'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি'র রজত-জুবিলি উৎসবে সভাপতি-রূপে জীবনের শেষ অভিভাষণ।

# কাজী নজরুল ইসলাম
## ॥ জীবনপঞ্জি ॥
## ১৮৯৯–১৯৭৬

**সংস্পর্শ**

নজরুলের মতো সামাজিক ব্যক্তি তাঁর অল্পপরিসর সুস্থাবস্থার মধ্যে সমকালীন অসংখ্য উজ্জ্বল ব্যক্তিত্বের সংস্পর্শে এসেছিলেন। বয়োজ্যেষ্ঠদের মধ্যে ছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, প্রফুল্লচন্দ্র রায়, সুভাষচন্দ্র বসু, এ. কে. ফজলুল হক, সত্যেন্দ্রনাথ দত্ত, মোহিতলাল মজুমদার, ইসমাইল হোসেন শিরাজী, বরদাচরণ মজুমদার, ইবরাহিম খাঁ, মোহাম্মদ নাসিরউদ্দীন, সুরেন্দ্রনাথ মৈত্র, ওস্তাদ জমীরুদ্দীন খাঁ প্রমুখ; ঘনিষ্ঠ বন্ধু হিশেবে শৈলজানন্দ মুখোপাধ্যায়, পবিত্র গঙ্গোপাধ্যায়, মুজফফর আহমদ, আফজালুল হক, নলিনীকান্ত সরকার, নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়, প্রেমেন্দ্র মিত্র, অচিন্ত্যকুমার সেনগুপ্ত, বুদ্ধদেব বসু, হাবীবুল্লাহ বাহার, খান মুহম্মদ মঈনুদ্দীন, মুরলীধর বসু, কাজী মোতাহার হোসেন, দিলীপকুমার রায়, প্রাণতোষ চট্টোপাধ্যায়, আব্বাসউদ্দীন আহমদ, সাবিত্রীপ্রসন্ন চট্টোপাধ্যায়, ডকটর মুহম্মদ শহীদুল্লাহ, কাজী আবদুল ওদুদ, আবুল কালাম শামসুদ্দীন প্রমুখ; বিশেষ স্নেহভাজনদের মধ্যে আছেন আবদুল কাদির, জসীমউদ্দীন, শামসুননাহার-মাহমুদ, মাহফুজুর রহমান খান, বেনজীর আহমদ, মোহাম্মদ মোদাব্বের, সুফী জুলফিকার হায়দার, ব্রজবিহারী বর্মণ, প্রতিভা বসু (রানু সোম), কানন বালা, আঙুর বালা প্রমুখ।

**সংবর্ধনা ও পুরস্কার**

১৯২৩ সালে কারামুক্তির পরে মেদিনীপুরে কবির সংবর্ধনা। ১৯২৯ সালের প্রথমদিকে চট্টগ্রাম বুলবুল সোসাইটির পক্ষ থেকে মানপত্র প্রদান। ১৯২৯ সালের ১৫ই ডিসেম্বর কলকাতায় এ্যালবার্ট হলে জাতির পক্ষ থেকে নজরুলকে সংবর্ধনা জ্ঞাপন। সভাপতি: আচার্য প্রফুল্লচন্দ্র রায়; অভ্যর্থনা সমিতির সভাপতি: এস. ওয়াজেদ আলী; প্রধান বক্তা: সুভাষচন্দ্র বসু। ১৯৪১ সালের ২৫শে মে কবি যতীন্দ্রমোহন বাগচীর পৌরোহিত্যে নজরুলের জন্মোৎসব। ১৯৪৫ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়-কর্তৃক 'জগত্তারিণী স্বর্ণপদক' দান। ১৯৬০ সালে ভারত সরকার-কর্তৃক 'পদ্মভূষণ' দান। ১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়-কর্তৃক ডক্টরেট উপাধি দান। ১৯৭৬ সালে বাংলাদেশ সরকার-কর্তৃক 'একুশে ফেব্রুয়ারি স্বর্ণপদক' দান।

**মৃত্যু**

২৯শে আগষ্ট, ১৯৭৬; ১২ই ভাদ্র, ১৩৮৩। পি. জি. হাসপাতাল, ঢাকা। সেদিনই ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদ-সংলগ্ন গোরস্থানে সমাহিত॥



ঝিলং — আদ্ধা কাওয়ালী

— · —

অঞ্জলি লহ মোর সঙ্গীতে।
প্রদীপ-শিখা সম কাঁপিছে প্রাণ মম
তোমারে, সুন্দর, বন্দিতে!
সঙ্গীতে সঙ্গীতে॥
তোমার দেবালয়ে
কি সুখে কি জানি
দুলে দুলে ওঠে আমার দেহখানি
আরতি-নৃত্যের ভঙ্গীতে।
সঙ্গীতে সঙ্গীতে॥
পুলকে বিকশিল প্রেমের শতদল
গন্ধে রূপে রসে টলিছে টলমল।
তোমার মুখে চাহি আমার বাণী যত
লুটাইয়া পড়ে ঝরা ফুলের মত
তোমার পদতল রঙ্গিতে।
সঙ্গীতে সঙ্গীতে॥

নজরুল ইসলাম

# কবি পরিবার



কবির দুই পুত্র

কাজী সব্যসাচী ইসলাম — কাজী অনিরুদ্ধ ইসলাম



১৯৫৭ সালের ডিসেম্বর মাসে হাজারীবাগ (বিহার)-এ কবিপুত্র কাজী অনিরুদ্ধ ইসলাম-এর তোলা ছবি। কবিপত্নী প্রমীলা কবিকে খাইয়ে দিচ্ছেন।



# ব্যর্থতার ব্যথা

পৃথিবী তাহার ভোগ-সম্ভার চোখের সম্মুখে লইয়া জাগিয়া আছে অনন্ত-কাল ধরিয়া।

বিপুল ক্ষুধার তীব্র তাড়নে ছুটিয়া চলি। দুই হাত পাতিয়া আমার ক্ষুধার অন্ন ভিক্ষা চাই। ধরণী মুখ ফিরাইয়া দূরে সরিয়া যায়।

ধীরে ধীরে আঘাত আসে, বেদনা আসে, দৈন্য-দুঃখ-দারিদ্র্যের তাণ্ডব লীলা চলে জীবনের শ্মশানে প্রাঙ্গণে।

প্রেম ভালবাসা আত্মীয়তা বান্ধবতার মধ্যে জাগিয়া উঠে জীবনব্যাপী বঞ্চনার নিষ্ঠুর পরিহাস।

অন্তর-জগতে কাঁদিয়া মরে যুগ-যুগান্তের মথিত মানুষ।
অত্যাচার-অনশন-নিষ্পেষণের মাঝেও প্রাণ চায় জীবনের তৃপ্তি।

*  *  *  *  *

জ্ঞানী তাহার দানে জগৎকে প্রভাবান্বিত করিল। কবির দানে ধরিত্রীর প্রাণ সরস হইয়া উঠিল। ধনী তাহার সর্বস্ব দান করিয়া প্রতিদানে অমর হইয়া রহিল।

শত শতাব্দী ধরিয়া আমি দান করিয়া আসিলাম—শরীরের রক্ত, দেহের শক্তি, এক কথায় সমস্ত জীবনটাকে। প্রতিদানে পাইলাম নিপীড়ন, বন্ধন, বঞ্চনা, অপমান আর বুক-ভরা বেদনা!

অন্ধকার রাত্রি। ঊর্ধ্বে বহু ঊর্ধ্বে ম্লান নক্ষত্রের পানে চাহিয়া ভাবিতেছিলাম: উঃ, কি অকরুণ এই জীবন। সুখ শান্তি আনন্দ কিছুই নাই—আছে কেবল রিক্ততার হাহাকার!

প্রাণের গহন অন্ধকার হইতে কে যেন বলিয়া উঠিল: "মিথ্যা কথা! তোমার ব্যথা, তোমার ব্যর্থতা আজ সার্থকতার পরিপূর্ণ মূর্তি পরিগ্রহ ক'রে জেগেছে। প্রতীচীর স্বার্থ-মন্দির ভেঙ্গে পড়েছে; মিসরের পিরামিড কেঁপে ওঠেছে; চীনের প্রাচীরে ভাঙন লেগেছে; হিমালয় দু'লে ওঠেছে। তোমার ব্যথার ভিতর দিয়ে সত্যের বাণী এসেছে:—মানুষ পাবে তা'র মানবীয় সর্ব-প্রয়োজনের সম-অধিকার।"

কী আশ্চর্য! আমার এই সার্থকতা বেদনার আড়ালে কেমন করিয়া লুকাইয়াছিল।

হে আমার জীবনের ব্যথা! তোমায় নমস্কার।

গণবাণী
১৯২৭

কাজী নজরুল ইসলাম


31-9-41.

A Romantic Youngman!
He roams in the Sky.
Smiles with the moon
Hums with the bees,
He bends with the flowers.
A Romantic youngman.
He twinkles with the evening star.
He blushes with the morning
He weeps with the dews.
He sings with cuckoos, Papiha nightingales.
He laughs with jingling jungle.
He fades out with the setting sun
A Romantic Youngman!..

His mirror is the Sun.
with rivers he rises.
"Beauty" is his sweet heart.
Duty is playmate
"Majesty" his Lord.
He flies with butterflies

One of Kazi Nazrul's Poems Written in English
A Facsimile of Poet's Handwriting

নজরুল সম্মেলন / ১৯৯০

# কেউ ভোলে না
# কেউ ভোলে

শৈলজানন্দ মুখোপাধ্যায়

পশ্চিমবঙ্গের বর্ধমান জেলায় – অণ্ডাল থেকে গৌরাণ্ডি পর্যন্ত যে ব্রাঞ্চ রেললাইনটি চলে গেছে, তারই শেষ প্রান্তে ছোট্ট একটি স্টেশন – চুরুলিয়া।

উত্তরে অজয় নদের সুবিস্তীর্ণ বালু – বিস্তার। কাশগুচ্ছসমাচ্ছন্ন সৈকতভূমি। অদূরে পাণ্ডবের অজ্ঞাতবাসকালে পঞ্চপাণ্ডবনির্মিত পাণ্ডবেশ্বর মহাদেবের পাঁচটি মন্দির।

পরপারে – বীরভূম। কবি জয়দেবের লীলাভূমি সুপবিত্র কেন্দুবিল্ব। গীত – গোবিন্দ রচয়িতা সাধক কবি জয়দেব।

দক্ষিণে কয়লাখনি আর লৌহ – ইস্পাতের কল – কারখানা – সমাস্তীর্ণ জনবহুল সুবিস্তৃত শিল্পাঞ্চল রাণীগঞ্জ আর আসানসোল।

পশ্চিমে স্বাধীন ভারতের অন্যতম কীর্তি দুর্দান্ত দামোদরের দুরন্ত বন্যা – প্রতিরোধ 'মাইথন'। সুবিস্তীর্ণ জলাধার আর জল বিদ্যুৎকেন্দ্র। অদূরে সুপ্রাচীন কল্যাণেশ্বরী – মন্দির। 'মায়ের স্থান' অপভ্রংশে 'মায়ের থান' তাই থেকে হয়েছে 'মাইথন'।

পূর্বে পলাশরাঙ্গা প্রান্তরের পাশে শাল – তাল–তমাল আর হরীতকীর বন।

এরই মাঝখানে ছোট্ট একটি গ্রাম চুরুলিয়া।

গ্রামের পশ্চিমে দরিদ্র কয়েক ঘর চাষী মুসলমানের বাস।

রাজা নরোত্তম সিংহের গড় আর পীরপুকুরের পাশে ওই যে মাটির প্রাচীর – ঘেরা ঘরখানি দেখা যাচ্ছে ওই ঘরেই – বাংলা ১৩০৬ সালের ১১ই জ্যৈষ্ঠ জন্মগ্রহণ করেছিলেন বাংলার গৌরব, অপরূপ সুরস্রষ্টা অভিনব গীতিকার জনগণ – চিত্তরঞ্জন বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম।

নিরানন্দ পরিম্লান দরিদ্রের সংসার। কিন্তু জন্মলগ্নে বিধাতা যার ললাটে এঁকেছেন কবিত্বের জয়টিকা, মন তার ছুটে চলে – ছন্দোবদ্ধ সুরলোকে – আনন্দের সন্ধানে।

তাই যেখানে গান, যেখানে সুর, কবি, যাত্রা, লটো, ঝুমুর – বালক নজরুল ঘুরে বেড়ায় সেখানে। গান গায়, বাজনা বাজায়, গীত রচনা করে।

কিন্তু চির – চঞ্চল শিল্পীমন কোথাও স্থির থাকতে পারে না। অশান্ত চঞ্চল মন তার ছুটে বেড়ায় যেখানে – সেখানে।

কখনও রুটির দোকানে খানসামা
কখনও গার্ড সাহেবের বাবুর্চি
কখনও মক্তবের শিক্ষক!

সবাই বলে, আহা, ছেলেটা ভাল, লেখাপড়া শিখলে মানুষ হতে পারে।

তাই সে মানুষ হতে গিয়েছিল একবার ময়মনসিংহে। একবার মাথরুণে, শেষে বাড়ির কাছে শিয়াড়শোলে।

ব্যবস্থা হলো, শিয়ারশোল রাজার ইস্কুলে মাইনে লাগবে না, সেইখানেই পড়বে। থাকবে রায়–সাহেবের ফুল – বাগানের পাশে মাটির একটি ছোট্ট ঘরে। খড় দিয়ে ছাওয়া এই ছোট্ট ঘরখানির নাম– 'মহমডেন্–বোর্ডিং'। পাঁচটি মুসলমানের ছেলে বাস করে এখানে।

সেই পাঁচটি ছেলের ভেতর একটি হলো – দুখু মিঞা। ভাল নাম – কাজী নজরুল ইসলাম।

একদিকের একটি জানলার পাশে ছোট একটি খাটিয়া। খাটিয়ার ওপর পরিষ্কার একটি বিছানা পাতা। বিছানার ওপর ছোট ছোট দুটি বালিশ আর বই–খাতার ছড়াছড়ি। দেখলেই চেনা যায়– অগোছালো কোন্ এক ছন্নছাড়া ছেলের আস্তানা।

এই ঘরের ভিতর ছিল আরও তিনটি দড়ির খাটিয়া। সেই তিনটি খাটিয়ায় থাকতো আরও চারজন ছাত্র। কি তারা পড়তো, কোথায় তাদের বাড়ি কিছুই জানি না। তবে তাদের মধ্যে একজনের কথা

আমার আজও মনে আছে। তার ভাল নাম আমার জানা নেই। ডাক-নাম ছিল ছিনু। স্বাস্থ্যবান সুন্দর ছেলে। প্রথম যেদিন তাকে দেখলাম-দেখলাম, ঝাঁটা হাতে নিয়ে ঘর ঝাঁট দিচ্ছে। সে আজ কতদিনের কথা, তবু আজও মনে আছে, তার কথা শুনে হেসে গড়িয়ে পড়তাম আমরা। সামান্য কথা কিন্তু বলবার ভঙ্গী তার এমনিই যে, না হেসে কেউ থাকতে পারতো না।

তার কথাগুলো এখন আর আমার মনে নেই। থাকবার কথাও নয়।

তবে এইটুকু শুধু মনে আছে - নজরুলকে সে খুব ভালবাসতো।

নজরুলের বিছানার চাদর কাচতো, জামায় কাপড়ে সাবান দিয়ে দিতো।

ইস্কুলের ছুটির পর বইখাতা বাড়িতে রেখে কিছু খেয়েই ছুটতাম ওদের বোর্ডিং - হাউসে। আমাকে দেখবামাত্র খেজুর পাতার একটা চাটাই নিয়ে ছিনু ছুটে আসতো। বলতো, দাঁড়াও, এইটে আগে পেতে দিই।

এই বলে খাটিয়ার ওপর থেকে বই - টই সরিয়ে সেই চাটাইটা বিছিয়ে দিয়ে বলতো, নাও এবার শোও, বোসো, যা খুশী তাই কর। বিছানার চাদরটা ময়লা হলে তাকেই কাচতে হবে - তাই তার এই সতর্কতা।

কিন্তু বিছানার চাদর বা কাপড় জামা কাচতে তাকে আমি কোনদিনই দেখিনি, নজরুলই আমাকে সেকথা বলেছিল। বলেছিল - পাছে আমি কিছু মনে করি এই ভেবে। ছিনু কিন্তু স্পষ্ট পরিষ্কার বলে বসলো - বিছানার ওপর তোমরা মই - মাড়ন্ কর আর আমি তোমার চাদর কেচে মরি।

নজরুল হো হো করে হাসতো। সেই পবিত্র নির্মল হাসি! নিতান্ত সহজ সরল শিশুর মত নিষ্কলঙ্ক অন্ত:করণের বহি: - প্রকাশ।



# কাজীদা

*ধীরেন্দ্র চন্দ্র মিত্র*

১৯৩৬ সালে ছাত্রাবস্থায় কাজীদার সংস্পর্শে আসি। তখন আমি বেতারে নিয়মিতভাবে গান পরিবেশন করতাম। আমার গান শুনে আমার প্রতি আগ্রহী হয়ে তিনি আমার খোঁজ করতে থাকেন। গ্রামোফোন কোম্পানীর তৎকালীন কর্তা হেম সোম আমার পড়শী। তাঁর মুখেও আমার কথা শুনেছিলেন কাজীদা।

হঠাৎ একদিন হেমদা তাঁকে সঙ্গে নিয়ে আমার বাড়ী হাজির হলেন। প্রাণখোলা, আমুদে, মজলিশী কাজীদার পক্ষে এক নিমেষেই আপন করে নেওয়াটা খুব অসম্ভব ছিলো না। সামান্য একটু আলাপ হতেই জিজ্ঞেস করলেন, কতগুলো কোকিল সেদ্ধ করে খেয়েছেন?

আমি অবাক হয়ে তাঁর দিকে ফ্যাল ফ্যাল করে চাইতেই তিনি প্রাণখোলা অট্টহাসি হেসে উঠলেন। সেই দিন থেকেই কাজীদা আমার আপন জন-এ পরিণত হলেন। কিছুক্ষণ পরেই এক প্রস্তাব। "ভায়া তোমাকে যে আমার গান রেকর্ড করতে হবে।" "রেকর্ড?" আমার দম বন্ধ হয়ে যাবার যোগাড়। আমি তখন ছাত্র। বাড়িতে কড়াকড়ি। আগে পড়া। তারপর অন্য কাজ। তাই আমি সব ব্যাপারটা কাজীদাকে বললাম। সব শুনে কাজীদা বললেন, সে সব দায়িত্ব আমার।

অদ্ভুত কাজীদার ক্ষমতা। আমি বিস্মিত হয়ে দেখলাম আমার বাবা-মার অনমনীয় মনোভাব তিনি এক নিমেষে দূর করে দিলেন। শেষ পর্যন্ত সব ব্যবস্থা পাকা হলো। আমার পরীক্ষা শেষ হওয়ার পর আমার রেকর্ডিং হবে।

পরীক্ষা শেষ হলো। কিন্তু কাজীদা এক কান্ড করে বসলেন। গ্রামোফোন কোম্পানী ছেড়ে মেগাফোনে যোগ দিলেন। আমাকেও সেই সঙ্গে সেখানে নিয়ে গেলেন। সেখানেই সর্বপ্রথম তাঁর দু'খানা গান রেকর্ড করলাম, নিশিরাতে রিমঝিম বাদল নূপুর এবং নিশিথ সমাধি ভাঙিওনা।

কিন্তু রেকর্ড রিলিজ হবার সঙ্গে সঙ্গে কাজীদা আবার মেগাফোন ছেড়ে গ্রামেফোন কোম্পানীতে চলে গেলেন। খামখেয়ালী কাজীদার সঙ্গে আমার পক্ষে তাল রাখা সম্ভব নয়। তাছাড়া মেগাফোন কোম্পানীর সবার সঙ্গে ততদিনে আমার একটা মধুর সম্পর্ক গড়ে উঠেছে। তাই আমি মেগাফোনেই রয়ে গেলাম। কিন্তু গ্রামোফোনে গিয়েই কাজীদার খাস দরবার থেকে আমার তলব পড়লো। আমি আমার সিদ্ধান্তে অটল। কিন্তু মেগাফোনের কর্ণধার জিতেনবাবু ( জে. এন. ঘোষ ) আমায় ডেকে বললেন, "আপনার সঙ্কোচের কোনও কারণ নেই। উনি হলেন বৈশাখী ঝড়, হঠাৎ আসেন আবার হঠাৎ চলে যান। আমি ওকে প্রচন্ড ভালভাসি, শ্রদ্ধা করি। তাঁর জন্যেই আমরা আপনাকে পেয়েছি। এখন তাঁর আপনাকে প্রয়োজন। অতএব আমি আটকাতে পারবোনা।"

জিতেনবাবুর অনুমতি পাবার পর আমি গ্রামোফোনে গিয়ে কাজীদার সুরে কয়েকটি গান রেকর্ড করলাম, নীলাম্বরী শাড়ী পরে নীল যমুনায় কে যায়, শাওন আসিল ফিরে সে ফিরে এলো না, সন্ধ্যা মালতী যবে ফুটে ফুল বনে, ফুলেরই জলসায় নীরব কেন কবি, মেঘ বিহীন খরবৈশাখে, ভোরের ঝিলের জলে।

বেশীর ভাগ ক্ষেত্রেই কাজীদা শাস্ত্রীয় সঙ্গীতের ওপর ভিত্তি করেই সুর রচনা করতেন। শাস্ত্রীয় সঙ্গীতে তিনি ছিলেন অসাধারন পন্ডিত। রাগের গভীরে প্রবেশ করার মত দিব্যদৃষ্টি এবং রসবোধ তাঁর ছিলো। শুনতে ভাল লাগবে এই যুক্তিতে তিনি সুরে রাগ প্রয়োগ করতেন না। তাঁর সুরে রাগ নিজ অধিকার বলেই স্থান লাভ করতো ভাব এবং কথার সঙ্গতি রাখার জন্যেই। সন্ধ্যামালতী গানটি ধানেশ্রী ভৈরবী রাগেই সুর করছিলেন। সন্ধ্যার রাগ এই ধানেশ্রী আর ভৈরবী সকালের। সন্ধ্যামালতী কথাটিকে ধানেশ্রীতে এবং পরের লাইন কে আসি বাজালে বাঁশি ভৈরবী সুরে, এই ভৈরবীর ছোঁওয়া দিয়ে তিনি গানটিকে অপূর্ব করে তুলেছেন। তাঁর সব সুরেই এই অন্তর্দৃষ্টির পরিচয় মেলে।

কাজীদাকে খুব বেশীদিন কাছে পাবার সৌভাগ্য আমার হয়নি। ঐ ক'খানি গান রেকর্ড হবার পরই তিনি সম্বিৎহারা হলেন। কাজীদা সম্বিৎহারা হলেও আমি কখনও তাঁর স্নেহহারা হইনি।

# যদি নীরব কবির বোধ ফিরে আসে

*সুনীল গঙ্গোপাধ্যায়*

–দে গরুর গা ধুইয়ে!

আমি একেবারে সর্বাঙ্গে চমকে উঠলুম। প্রচণ্ড হুংকার দিয়ে কবি গা ঝাড়া দিয়ে সোজা হয়ে বসে স্বাভাবিক চোখ মেলে তাকালেন। তারপর বিরক্তি মেশানো গলায় বললেন, একি, এত মালা টালা দিয়ে এমন জবরজং করে সাজিয়েছে কেন আমায়? কালীঘাটে নিয়ে গিয়ে বলি দেবে নাকি? এত বেলা হলো, চা-টাও দেয়নি, ক্ষিদে পেয়ে গেছে! কালী কুল দে মা নুন দিয়ে খাই। ওরে চা-টা দিবি না কি?

আমার তখন আনন্দ বিস্ময়ে চূড়ান্ত অবস্থা। বিদ্রোহী কবি নজরুল ইসলাম এইমাত্র জ্ঞান ফিরে সুস্থ হয়ে উঠলেন, আমারই চোখের সামনে। তাঁর চোখে মুখে আগেকার বিখ্যাত তেজ ও উজ্জ্বলতা। সারা দেশের লোককে এ সুসংবাদ আমিই প্রথম জানাবো, এই আনন্দে আমারই তখন উন্মাদ হয়ে যাবার মতন অবস্থা। ওঁর জ্ঞান ফিরে আসবার পর প্রথম ইণ্টারভিউ ছাপাবার কৃতিত্বও আমার। কবি এমন হাসিমুখে গলা থেকে ফুলের মালাগুলো খুলে ফেলছেন এবং গুন গুন করে গান করছেন, বাগিচায় বুলবুলি তুই ফুল শাখাতে দিসনে আজি দোল! – সেই ভরাট প্রাণবন্ত কণ্ঠস্বর। আমি পকেট থেকে খাতা পেন্সিল বার করছিলুম, তিনি আমাকে এই প্রথম লক্ষ্য করে ধমকে বললেন, এই ছোঁড়া তুমি এখানে কী করছো? অ্যাঁ?

আমি থতমত খেয়ে বললুম কিছু না, আপনার অটোগ্রাফ নিতে এসেছি, আরও যদি দু'লাইন কবিতা লিখে দিন!

– এখন হবে না, যাও ভাগো! অটোগ্রাফ দিতে দিতে হাত ব্যথা হয়ে গেল, আবার কবিতা? হবেনা, অটোগ্রাফ নেবে তো মেয়েরা, তোমার দরকার কি হে? এখন সময় নেই!

আমি তবু চুপ করে বসে রইলুম। নজরুল আপন মনেই বললেন ইস, এত দেরী হয়ে গেল! নেপেনকে নিয়ে পণ্ডিচেরি যাবার কথা ছিল, শ্রীঅরবিন্দের সঙ্গে দেখা করবো –

আমি ভয়ে ভয়ে বললুম, নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়ের কথা বলছেন?

– হ্যাঁ চেনো নাকি?

– আজ্ঞে, চিনি। কিন্তু তিনি বেঁচে নেই!
শ্রীঅরবিন্দও নেই।

অ্যাঁ, নৃপেন বেঁচে নেই? কী বলো? কবে মরলো? আমি তখন কোথায় ছিলাম? কবির গলায় অসহায় আর্তনাদ ফুটে উঠলো। মানুষকে দুঃখের খবর শোনাবার অভ্যেস আমারও নেই। আমিও খানিকটা অসহায় বোধ করতে লাগলুম, তবু মৃদুস্বরে বললুম, আপনি একটানা অনেকদিন ঘুমিয়েছিলেন। অ-নে-ক দিন। এর মধ্যে অনেক কিছু বদলে গেছে, দেশ স্বাধীন হয়েছে–

– হয়েছে? গেছে সাহেব ব্যাঁটারা? কারার ঐ লৌহকপাট ভেঙেছে? সত্যি? তাহলে তো ফুর্তি করতে হয় একটু আজ! পণ্ডিচেরি থাক, তাহলে আজ অচিন্ত্য আর আর প্রেমেনকে ডেকে একবার ঢাকা ঘুরে আসি। ওখানে বুদ্ধদেব আছে–

আমি বললুম, বুদ্ধদেব বসু ঢাকা ছেড়েছেন বহুদিন। তা ছাড়া, পাকিস্তান।

– পাকিস্তান? হক সাহেবের সেই পাকিস্তান? হাঃ-হাঃ-হাঃ-হাঃ-! জিন্না – গান্ধীজীর ঝগড়া আজও মেটেনি?

– ঝগড়া মিটেছে কিনা জানি না, তবে ওঁরা কেউই আর ইহলোকে নেই।

– নেই? তবে পাকিস্তান কি জন্য?



– পাকিস্তান ওঁরা বেঁচে থাকতেই হয়ে গেছে। পূর্ব বাংলা, পশ্চিম পাঞ্জাব আর সিন্ধু নিয়ে পাকিস্তান হয়েছে অনেকদিন আগে। গত বছর ওদের সঙ্গে আমাদের যুদ্ধও হয়ে গেল।

– যুদ্ধ হয়ে গেল মানে? পূর্ব বাংলার সঙ্গে পশ্চিম বাংলা যুদ্ধ করবে? চালাকি পেয়েছো? তুমি কে ছোকরা? সত্যি করে বলো তো, বৃটিশের স্পাই নও তো?

আমি বিষণ্ণ হেসে বললুম, পূর্ব বাংলার সঙ্গে আমাদের হাতাহাতি যুদ্ধ হয়নি বটে, কিন্তু এটা এখন একটা আলাদা দেশ। ওখানকার সঙ্গে এখানকার যাতায়াত বন্ধ, ব্যবসা বাণিজ্য বন্ধ, এমন কি বইপত্রের বিনিময়ও বন্ধ। এখানকার বাংলা বই ওরা পড়তে পারে না, ওদের বইও আমরা পাইও না।

– এরা আর ওরা? তুমি এখান ধেকে ভাগো তো। যত সব মিথ্যে কথা শোনাতে এসেছে। আমি আজকের ট্রেনেই ঢাকা যাবো, দেখি কে আমাকে আটকায়! আমি জসিমউদ্দিন, গোলাম মুস্তাফা, প্রেমেন, শৈলজাকে সঙ্গে নিয়ে যাবো, ওখান থেকে অজিত, পরিমল, মোহিতলালকে সঙ্গে নিয়ে ফিরবো, দেখি কে কী করে? তুমি এখন সরে পড়ো।

আমি বললুম, আপনি আমার উপর রাগ করেছেন, কিন্তু কথাগুলো সত্যি। ট্রেনে চাপবেন সে রকম সরাসরি ট্রেনই চলে না। যোগাযোগ সত্যিই বন্ধ। যাঁদের নাম করেছেন, তাঁরা অনেকেই দেশ বদলেছেন। অবশ্য আপনি যদি যেতে চান, তাহলে দুই সরকারের মধ্যে লেখালেখি করে একটা কোন বন্দোবস্ত......

কবি এবার খানিকটা হতাশ চোখে তাকালেন। দীর্ঘনিশ্বাস ফেলে বললেন, এতদিন সত্যিই ঘুমিয়েছিলাম? তুমি শুধু আমায় খারাপ খবর শোনাচ্ছো! ভালো খবর কিছু নেই?

আমি চিন্তিতভাবে বললুম ভালো খবর? হ্যাঁ, মানে এই তো দুর্গাপুরে বিরাট কারখানা হয়েছে, –

তাকিয়ে দেখি কবি আবার অবসন্নভাবে হেলান দিয়েছেন। কী সব বিড়বিড় করতে করতে হাত দিয়ে আবার মালার ফুলগুলো ছিঁড়ছেন।

# অলৌকিকতায় বিশ্বাসী নজরুল

সুব্রত রাহা

কল্লোলের সাহিত্য আসরে দরাজদিল প্রাণ পুরুষটি যার কন্ঠে ছিল সুর আর চমকে দেয়া আওয়াজ, দে গরুর গা ধুইয়ে, সেই নজরুলের যে ছবি আমাদের চোখের সামনে ভেসে ওঠে, সে প্রাণোজ্বল ছবিটিও আস্তে আস্তে সমহিত স্তব্ধতায় পূর্ণ হয়ে ওঠে। আমরা জানতেও চাইনা, কিংবা জানতেও পারিনা আমাদের এই নিত্য পরিচয়ে ম্লান বিক্ষুব্ধ জগতের বাইরে অন্য কোন নিঃসঙ্গ দূরতম দ্বীপের অধিবাসী হয়ে তিনি বেঁচে থাকলে আমাদের ভেতর, যার কারণ একমাত্র চিকিৎসা বিজ্ঞানীদের গবেষণার বিষয় হতে পারে। তবুও আমরা আমাদের প্রিয় কবির কন্ঠস্বরকে নিস্তব্ধ হয়ে যেতে দেখেছি, তাঁর জীবদ্দশায়।

রবীন্দ্রনাথ তাঁর আশৈশব ঔপনিষদিক প্রশান্তির ভেতর আত্মার নির্ভয় আশ্রয় পেয়েছেন। তাই জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত সমস্ত দুঃখের আঘাতে অবিচলিত থেকেছেন। জানি না নজরুল তেমন কোন আত্মার আশ্রয় তাঁর শৈশব থেকে পেয়েছিলেন কিনা! তবে আঘাত-সংঘাতের মধ্যে দিয়েই গ্রামের দুখু মিয়াঁ হয়েছিলেন, দুর্জয় নজরুল ইসলাম। ব্যক্তিগত জীবনে তিনি গভীর দুঃখের বোধ থেকেই লাভ করেছিলেন ঐশীঅনুভূতি। একবার রবীন্দ্রনাথও বলেছিলেন, দেখ কাজী তোর জন্যে অপেক্ষা করছে এক মহৎ ট্র্যাজেডী, অনেকটা শেলী বা কীটস-এর মত। যৌবন জল তরঙ্গে উচ্ছল কবিও সেদিন সেই ট্র্যাজেডীর স্বাদ গ্রহনের জন্যে-যেন কিছুটা উদ্গ্রীব হয়ে উঠেছিলেন। কিন্তু দুঃখ যেদিন হানা দিয়েছিল তার দরজায় সেদিন সে দুঃখের আঘাতে বিচলিত কবি এমন এক মহাপুরুষ যোগী সন্নিধ্যলাভ করতে পেরেছিলেন যাঁর সম্পর্কে খুব কমই আলোচিত বা উল্লেখিত হয়েছে নজরুলের জীবনী আলোচনা প্রসঙ্গে। বাংলা দেশের রাজনীতি ও সাহিত্যে দুই সর্বজন শ্রদ্ধেয় অপরাজেয় প্রাণপুরুষ সুভাষচন্দ্র ও নজরুল দুজনেই যোগীরাজ বরদাচরণ মজুমদারের শিষ্য। এই দুই বাংলার অপ্রতিদ্বন্দ্বী পুরুষ আলৌকিক অভিজ্ঞতা লাভ করেছিলেন বরদাচরণের কাছে। যদিও কোন আনুসৈনিক ধর্ম কিংবা সংঘ সংগঠনের মধ্যে নিজে জড়িত করেননি যোগীরাজ বরদাচরণ।

একমাত্র বাংলা সাহিত্য বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ছাড়া সাহিত্যে আলৌকিকতা সম্পর্কে কেউ কোন মত প্রকাশ করেননি। বোধহয় অত্যাধুনিকতার ভয়ই একমাত্র কারণ। তা না হলে মানিক বন্দ্যোপাধ্যায়ের ডাইরীতে পাওয়া আদ্যশক্তিতে আস্থা প্রকাশ করা নিয়ে কেনই বা এত কুটতর্ক ওঠে। মানুষ তা সাধারণই হোক কিংবা অসাধারণ শিল্পী প্রকৃতির হোক তার এমন কতগুলি মানবিক দুর্বলতা থাকবে যা তার চরিত্রের অবিভাজ্যরূপ, তাকে বাদ দিয়ে সাহিত্য বিচার কিংবা সামাজিক অবস্থা বিচার নিছক যান্ত্রিকতা ছাড়া আর কিছুই নয়। তাই বিদ্রোহী কবি নজরুলের জীবনে যোগীবর বরদাচরণে প্রসঙ্গ সম্পর্কে আলোচিত হওয়া উচিত। যোগীবর বরদাচরণ সম্পর্কে ঋষি অরবিন্দ এক জায়গায় মন্তব্য করেছেন,

*The greatest jogi of Bengal.*

নমতিতার জমিদার রায় জ্ঞানেন্দ্র নারায়ণ চৌধুরী বাহাদুরের মেয়ের বিয়ের উপলক্ষ্যে কোলকাতা থেকে বরযাত্রীদলের সঙ্গে এসেছেন নজরুল। বাংলার আগ্নেয় যৌবনের উদ্গাতা কবি নজরুল। সেদিন বাংলার যুব মানসের উপাস্যপুরুষ, তাঁকে দেখার জন্যে যুবকদের মধ্যে কাড়াকাড়ি হুড়োহুড়ি পড়ে গেছে। কিন্তু এই বিবাহ বাসরে এমন মহাপুরুষ সেদিন উপস্থিত ছিলেন, যিনি অধ্যাত্ম জগতের এক বিস্ময়। যোগীরাজ বরদাচরণ মজুমদার, নিমতিতা পৌরসুন্দর দ্বারিকনাথ ইনসটিটিউসনের প্রধান শিক্ষক। শালপ্রাংশু দেহের পুরুষ, যাঁর চোখে ঈশ্বরানুরাগে দ্যুতি, নজরুল তাঁকে প্রথম দর্শনেই মুগ্ধ



হয়ে যান। তাঁর প্রেমিক চোখ বরদাচরণকে চিনতে ভুল করেনি। নজরুল তাঁর এই দর্শনের অনুভূতি 'পথহারার পথ' গ্রন্থের ভূমিকার উল্লেখ করেছেন ঃ নিমতিতা গ্রামের এক বিবাহ সভায় সকলেই বর দেখিতেছে, আর আমার ক্ষুধাতুর আঁখি দেখিতেছে আমার প্রলয় সুন্দর সারথীকে। সেই বিবাহ সভায় আমার বধূরূপিনী আত্মা তাহার চিরজীবনের সাথীকে বরণ করিল। অন্তঃপুরে মুহুর্মুহু শঙ্খধ্বনি হুলুধ্বনি হইতেছে -এক চন্দনের শুচি সুরভি ভাসিয়া আসিতেছে। নহবতে সানাই বাজিতেছে। এমনি শুভক্ষণে আনন্দ বাসরে সে ধ্যানের দেবতাকে পাইলাম। তিনি এই গ্রন্থগীতার উদগাতা শ্রীশ্রীবরদাচরণ মজুমদার মহাশয়।

যোগীরাজ বরদাচরণের সাক্ষাতের কিছুদিন পরেই প্রণোজ্বল নজরুলের জীবনে এক অপ্রত্যাশিত শোকের ছায়া নেমে এলো। মারাত্মক বসন্ত রোগে প্রাণপ্রতিম শিশুপুত্র বুলবুলের মৃত্যু হলো। এ শোক কবিকে সেদিন এত বেশি উতলা করেছিল, যার জন্যে তিনি ছুটে গিয়েছিলেন লালগোলায় বরদাচরণের কাছে। সুখ - দুঃখের জটিল সমাহার এই জীবন রহস্যে হদিশ জানতে। পুত্রহারা পিতার মন সেদিন বার বার শোক - উদ্বেল হয়ে মৃত পুত্রের একটি বরদাচরণ সান্তনার ভাষা খুঁজে পাননা। বার বার বোঝাতে থাকেন নজরুলকে। অবশেষে অনেক কাতর অনুনয়ের পর বরদাচরণ বললেন, ছেলেকে দেখার খুবই ইচ্ছা হচ্ছে। বেশ দেখতে তুমি পাবে। কিন্তু দেখো, কোনো কথা তুমি তাকে বোলো না। কবি তাতেই রাজি হয়ে কলকাতায় ফিরে এলেন।

কবি একদিন তাঁর ঘরে বসে গুরুদত্ত বীজমন্ত্র জপ করছেন, হঠাৎ দেখতে পেলেন বুলবুল তার ছোট্ট ছোট্ট পা ফেলে ঘরে এসে ঢুকছে। আলমারি কাছে নিয়ে তার খেলনা আর জামাকাপড় নাড়াচাড়া করে একটা মিষ্টি মধুর হাসি হেসে ঘর থেকে যেমনটি এসেছিল তেমনি নিঃশব্দে চলে গেল। কবি তাঁর কথা রেখেছিলেন বুলবুলের সঙ্গে কোনই কথাই বলেননি। শুধু অপলক চোখে তার প্রাণসুধায় গড়া হারানো বুলবুলকে দেখেছিলেন। তারপর বরদাচরণের কাছে ছুটে এসে নজরুল এই অলৌকিক দর্শনের কথা জানিয়ে কৃতজ্ঞতায় ও অধ্যাত্মপ্রেরনায় বিনীত হলেন। বরদাচরণ তার অন্তর মাধুর্য দিয়ে ভালোবেসেছিলেন। তিনি নজরুলকে 'কাজীভায়া' বলে ডাকতেন। ভবানীপুরের ভক্ত মল্লিকদের বাড়ীতে বরদাচরণ লালগোলা থেকে এসে উঠতেন। বহুভক্ত সমাগম হত মল্লিক বাড়ীতে। নজরুল যেতেন যোগীরাজকে তাঁর গান শোনাতে। হৃদয় ঢেলে গাইতেন একটি বার একটি গান। বরদাচরণ শুনতেন তন্ময় হয়ে। কাজীভায়ার কানে তখন এসে লেগেছে বৈরাগ্যের গৈরিক রং ভাবের গভীর আকুতি। 'শ্মশানে জাগিছে শ্যামা' গানটি ছিল যোগীরাজের প্রিয়তম গান, তাই পৃথিবী থেকে শেষ বিদায়ে চরম মুহূর্তেও তাঁকে সেই গান শোনাতে হয়েছিল। জীবনের অনেক দুঃখ বেদনার দুর্যোগময় দিনে কাজীভায়ার পাশে এসে দাঁড়িয়েছিলেন যোগীরাজ বরদাচরণ। জীবনে অধ্যাত্ম চেতনার উন্মেষে যোগীরাজের প্রেরণার কথা বারবার নজরুল স্বীকার করেছেন। যোগমার্গের অনেক নিগূঢ়তত্বকথা যোগীরাজ মরমী কবি নজরুলের সঙ্গে আলোচনা করেছেন।



কাজী নজরুল ইসলাম

**নজরুলের একটি পত্র**

নজরুল সম্মেলন / ১৯৯০

# দেশপ্রেম ও মানবতার কবি নজরুল

*মোহাম্মদ নাসিরউদ্দীন*

নজরুল ইসলাম স্বাধীনতা - সংগ্রামে দেশবাসীকে উদ্বুদ্ধ করেছিলেন তাঁর অনলবর্ষী কবিতা ও গানে। নজরুল বিদ্রোহ করেছেন পরাধীনতার বিরুদ্ধে, বিদ্রোহ করেছেন দাসত্বের বিরুদ্ধে, বিদ্রোহ করেছেন প্রতিক্রিয়াশীল জীর্ণ সমাজ - ব্যবস্থার বিরুদ্ধে। সংগে সংগে তাঁর কবিতা আর গানে ফুটে উঠেছে শোষিত ও নিপীড়িত মানুষের ব্যথা - বেদনা। প্রথম বিশ্বযুদ্ধের পরই জাতীয় জীবনে ধূমকেতুর ন্যায় নজরুলের আবির্ভাব ঘটে। হঠাৎ আবির্ভূত এই কবি পরাধীন মানুষের মনে তীব্র আঘাত হেনে দারুণভাবে তার মূলশুদ্ধ নাড়া দিতে সক্ষম হয়েছিলেন।

বিশ দশকের প্রথম কয়টি বছরেই নজরুল লিখেছিলেন অনেকগুলি দেশাত্মবোধক কবিতা ও গান। ১৯২০ থেকে ১৯৩০ সালের মধ্যে দেশের মানুষের অন্তরের ক্ষোভ দাউ দাউ করে জ্বলে উঠবার মত বহু কবিতা ও গান তিনি লিখেছেন। গান্ধীর আপোষ - ফর্মুলায় কবি নজরুল মর্মাহত হয়েছিলেন। বিদেশী শাসকগোষ্ঠীর সংগে কোনো আপোষ করতে তিনি নারাজ। তিনি বল্লেন: কেবলমাত্র 'চরকা' আন্দোলন বিপ্লবের স্বপ্নকে ধূলিসাৎ করে দিবে।
তিনি লিখলেন:

*সূতা দিয়ে মোরা স্বাধীনতা চাই*
*বসে বসে কাল গুণি,*
*জাগো রে জোয়ান! বাত ধরে গেল*
*মিথ্যার তাঁত বুনি।*

ইংরাজ শাসকগোষ্ঠীর অত্যাচার -নির্যাতন যখন চরমে উঠেছিল, রাজবন্দীদের উপর চলছিল অমানুষিক বর্বরতা তখন নজরুলের প্রকৃত বিপ্লবী সত্তা গর্জন করে উঠলো। তিনি লিখলেন:

*কারার ঐ লোহ-কপাট*
*ভেঙ্গে ফেল, কররে লোপাট*
*রক্ত - জমাট*
*শিকল - পূজার পাষাণ - বেদী।*
*ওরে ও তরুণ ঈশান!*
*বাজা তোর প্রলয় বিষাণ!*
*ধ্বংস - নিশান*
*উড়ুক প্রাচি'র প্রাচীর ভেদি।*
*লাথি মার, ভাঙ্গরে তালা*
*যতসব বন্দী শালায় -*
*আগুন জ্বালা,*
*আগুন জ্বালা, ফেল উপাড়ি।*

নজরুলের এ সব গান অহিংস - আন্দোলনের বিরোধী কিন্তু তা যুগে যুগে বিপ্লবীদেরকে প্রেরণা যোগাবে। নজরুল বলেছেন:

*ধ্বংস দেখে ভয় কেন তোর?*
*প্রলয় - নূতন সৃজন - বেদন।*

*নূতন করে গড়তে চাই বলেই ত ভাঙ্গি। শুধু ভাঙ্গার জন্যই ভাঙ্গার গান আমার নয়। আর এই নূতন করে গড়ার আশাতেই তো যত শীঘ্র পারি ভাঙ্গি - আঘাতের পর নির্মম আঘাত হেনে পচা পুরাতনকে পাতিত করি...*

এভাবে কবি তাঁর বৈপ্লবিক ভাবধারাকে রূপ দিয়েছেন তাঁর কবিতা ও গানে। নজরুল বলেন: বিংশ শতাব্দীর অসম্ভবের সম্ভাবনার যুগে আমি জন্ম গ্রহণ করেছি। এরি অভিযান সেনাদলের তূর্য-

বাদকের একজন আমি – এই হোক আমার সবচেয়ে বড় পরিচয়। আমি জানি, এই পথযাত্রার পাঁকে পাঁকে বাঁকে বাঁকে কুটিল –ফণা। ভুজঙ্গের দংশন, শার্দুল পশুরাজের ভ্রূকুটি এবং তাদের নখর দংশনের ক্ষত আজও আমার অঙ্গে অঙ্গে। তবু ওই আমার পথ, ওই আমার গতি, ওই আমার ধ্রুব।”

সে – যুগে ভারতীয় জনগণের প্রধান সংগ্রাম ছিল সাম্রাজ্যবাদীদের কবল থেকে দেশকে মুক্ত করা। নজরুলের দেশাত্মবোধক কবিতা ও গান পরাধীন জনগণের মনে তুলেছিল প্রলয়ের তুফান। নজরুলের অপরিমেয় দেশাত্মবোধ দেশ জুড়ে ব্যক্ত হলো উদ্দাম গতিতে। কারাগারে যন্ত্রণাদায়ক কক্ষে অবরুদ্ধ থেকেও তাঁর কবিতা ও গানে যে অনল, যে আবেগ, যে ব্যথা ছড়িয়েছেন তা গভীর অনুভব হয়ে আমাদের মনে জেগে ওঠে।

একটা পরাধীন, পদানত জাতির উপর বলদর্পী সাম্রাজ্যবাদীর সীমাহীন উৎপীড়ন, অবিচার আর নৃশংসতা দেখে নজরুল বিদ্রোহের মশাল জ্বালিয়েছিলেন:

*মহা বিদ্রোহী রণক্লান্ত*
*আমি সেই দিন হবো শান্ত*
*যবে উৎপীড়িতের ক্রন্দন রোল*
*আকাশে বাতাশে ধ্বনিবে না*
*যবে অত্যাচারীর খড়গ কৃপাণ*
*ভীম রণভূমে রণিবে না –*
*মহা বিদ্রোহী রণক্লান্ত*
*আমি সেই দিন হবো শান্ত।*

পরাধীনতার শৃংখলে ঝিমিয়ে পড়া যুবশক্তির উদ্বোধন করে কবি গাইলেন:

*বল বীর*
*বল উন্নত মম শির*
*শির নেহারি আমারি নত শির*
*ওই শিখর হিমাদ্রির।*

নজরুল যখন জেলে ছিলেন, তখন রাজবন্দীদের সংগে জেল কর্মচারীদের দুর্ব্যবহার ও অত্যাচার তাঁর সহ্যের সীমা অতিক্রম করলো। প্রতিবাদে নজরুল অনশন শুরু করলেন। বহু চেষ্টায়ও তিনি অনশন ভংগ করলেন না। সে সময় তাঁর হাতে পায়ে শিকল লাগিয়ে ছোট একটি কক্ষে আটকে রাখা হয়। এ সময়ে তিনি রচনা করলেন ‘***শিকল – পরা ছল***’ গানটি:

*এই শিকল–পরা ছল মোদের*
*এই শিকল – পরা ছল।*
*এই শিকল পরেই শিকল তোদের*
*করব রে বিকল।*

সেই ছোট কামরায় আবদ্ধ থেকেই নজরুল উচ্চস্বরে এই গানটি অন্যান্য বন্দীদের শোনাতেন।

কেবলমাত্র স্বাধীনতা – সংগ্রামের বাণী প্রচার করেই নজরুল ক্ষান্ত হন নি। নিপীড়িত শোষিত মানুষের মুক্তির ভাবধারায়ও তিনি উদ্বুদ্ধ হয়েছিলেন। নজরুল বলেছেন: আমি শুধু রাজার অন্যায়ের বিরুদ্ধেই বিদ্রোহ করি নাই, সমাজের ও জাতির অন্যায়ের বিরুদ্ধেও আমার সত্য তরবারীর তীব্র আক্রমণ সমান বিদ্রোহ ঘোষণা করেছে।”

*চির অবনত তুলিয়াছে আজ গগনে উচ্চশির!*
*বান্দা আজিকে বন্ধন ছেদি’ ভেঙ্গেছে কারা – প্রাচীর!*
*এতদিনে তার লাগিয়াছে ভালো*
*আকাশ বাতাশ বাহিরের আলো,*
*এবার বন্দী বুঝেছে, মধুর প্রাণের চাইতে ত্রাণ*
*মুক্ত – কণ্ঠে স্বাধীন – বিশ্বে উঠিতেছে একতান –*
*জয় নিপীড়িত প্রাণ;*
*জয় নব অভিযান!*
*জয় নব উত্থান!* ”

বিশ দশকের গোড়ার দিকেই নজরুল উৎপীড়িত জনগণের সংগে একাত্ম হয়ে তাঁর শ্রেষ্ঠ রচনাগুলি লিখেছিলেন। সমাজের দুঃখী মানুষের একজন হিসাবে, একজন বৈপ্লবিক ভাবাদর্শে উদ্বুদ্ধ



সংবেদনশীল কবি হিসাবে অত্যাচার – নিপীড়নের বিরুদ্ধে ছিল তার বিদ্রোহ। নজরুল কৃষকের উদ্দেশে লিখেছেন:

গাহি তাহাদের গান
ধরণীর হাতে দিল যারা আনি’ ফসলের ফরমান।

শ্রমিকের উদ্দেশে লিখেছেন:

*হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙ্গিল যারা পাহাড়,*
*পাহাড় কাটা সে – পথের দু’ পাশে পড়িয়া যাদের হাড়।*
*তোমারে সেবিতে হইল যাহারা মজুর মুটে ও কুলি,*
*তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধুলি।*

নজরুলের কবিতা ও গানের ছন্দে ফুটে উঠেছে উৎপীড়িত ব্যথিত মানুষের প্রতি তাঁর সমবেদনা।

*সারাদিন পিটি কার দালানের ছাদ গো,*
*পেট ভরে ভাত পাই না ধরে আসে হাত গো।*

দরিদ্র কৃষকের ঘরে জন্মেছিলেন নজরুল ইসলাম। গ্রাম্য দরিদ্র বালকের কণ্টকর জীবন – যাপন, আর লেটো দলের গান গাওয়া আর খেটে খাওয়া ‘দুখু মিয়া’ একদিন গেয়ে উঠলেন: –‘***আমি চির-বিদ্রোহী বীর।***’

মরমী কবির কাব্য সৃষ্টির মূলেই রয়েছে শোষিত, নিপীড়িত মানুষের প্রতি তাঁর অকৃত্রিম দরদ। দারুণ ক্ষোভ – দুঃখে অস্থির হয়ে তিনি গেয়ে উঠেছেনঃ

*মোর ডাইনে শিশু সদ্যজাত*
*জরায় মরা বাম পাশে।*

কবির ব্যক্তিত্ম যতই অসাধারণ হোক না কেন, তিনি সমষ্টি থেকে বিচ্ছিন্ন কোনো মানুষ নন। ব্যক্তি জীবনের শোক, দুঃখ, ব্যথা, বেদনা তাঁর অনুভবের বাইরে নয়। আর এই ব্যথিত অনুভবের প্রকাশ তাঁর কাব্যে স্বাভাবিকভাবেই ঘটেছে:

*পারি নাই বাছা মোর হে প্রিয় আমার*
*দুই বিন্দু দুগ্ধ দিতে। – মোর অধিকার*
*আনন্দের নাহি নাহি! দারিদ্র্য অসহ*
*পুত্র হয়ে জায়া হয়ে কাঁদে অহরহ*
*আমার দুয়ার ধরি! কে বাজাবে বাঁশি?*
*কোথা পাব আনন্দিত সুন্দরের হাসি?*
*কোথা পাব পুষ্পসব? – ধুতুরা গেলাস*
*ভরিয়া করেছি পান নয়ন নির্যাস!*

মানবতার কবি নজরুল মানুষকেই সবচেয়ে বড় ভেবেছেন। মানুষের বেদনাকেই তিনি কবিতা এবং গানে রূপায়িত করেছেন। কবি মানবতাবোধে সচেতন ছিলেন বলে মানুষের প্রতি তাঁর দরদের সুর এত তীব্র হয়ে আত্মপ্রকাশ করেছে:

*মানুষের চেয়ে বড় কিছু নাই*
*নহে কিছু মহীয়ান!*
*আজ নিখিলের বেদনা আর্ত পীড়িতের মাখি খুন*
*লালে লাল হয়ে উদিছে নবীন প্রভাতের নবারুণ।*

প্রকৃতপক্ষে নজরুলের মধ্যে সাংসারিক আকর্ষণ ছিল না। ছিল মানুষ আর বিশ্বমানবতা:

*সাম্যের গান গাই*
*যত পাপী তাপী সব মোর বোন*
*সব হয় মোর ভাই।*

# আমাদের সাহিত্যিক ঐতিহ্য ও নজরুল

*সিরাজুল ইসলাম চৌধুরী*

ঐতিহ্যের সঙ্গে উত্তরাধিকারের একটা তফাৎ আছে। বাড়ীতে পিত্রার্জিত বই থাকাটা আমার উত্তরাধিকার, কিন্তু বই কেনা ও পড়ার অভ্যাসটা বাড়ীর ঐতিহ্য। অর্থাৎ প্রথমটি যদি এক পুরুষকে জড়িয়ে থাকে তাহলে দ্বিতীয়টির প্রবাহমনতা বংশ পরম্পরায় বিস্তৃত। উত্তরাধিকার যতটা বৈষয়িক ঐতিহ্য বোধ করি ততটাই মানসিক। নজরুল ইসলাম একই সঙ্গে আমাদের উত্তরাধিকার ও ঐতিহ্যের অন্তর্গত – তাঁর সাহিত্যকীর্তিকে আমরা উত্তরাধিকার হিসাবে পেয়েছি, আবার অন্যদিকে তাঁর সাধনায় আমাদের ঐতিহ্যধারাও পুষ্ট হয়েছে।

বলা বাহুল্য, উত্তরাধিকার ও ঐতিহ্যের মূল্য নির্ণয়ের পন্থাও ভিন্ন ভিন্ন। পূর্ব পুরুষের কাছ থেকে পাওয়া বস্তুগত তালিকা সম্পত্তির তৈরী বা বাজার দর যাচাই করে নেয়া বংশধরদের পক্ষে খুব একটা কঠিন কাজ নয়। কিন্তু নির্বস্তুক ঐতিহ্য ধারার – অভ্যাস, বিশ্বাস, নীতিবোধের হিসাব নেয়া যেমন শক্ত, তার মূল্য নির্ধারণও তেমনি দুরূহ। কেননা চিন্তা ও কর্মের মধ্যে দিয়ে যে ঐতিহ্যধারা প্রবাহিত তার যে অস্তিত্ব আছে সেটা টের পাই – কিন্তু তার সঙ্গে আমাদের সম্পর্ক এতই নিকট যে তাকে সবসময়ে দেখতে পাই না, দেখতে পেলেও ধরতে পারি না। চিন্তা বা কর্মের দাম যদি বা জানা যায় কিন্তু তা দিয়ে ঐ ধারার মূল্য নির্ণয় করা সম্ভব হয় না, কারণ সে ত উৎপন্ন বস্তু নয়, সে হল মূলধন। নজরুলের সাহিত্যকীর্তিকে যখন উত্তরাধিকার হিসাবে দেখব তখন জানতে চাইব তাঁর রচনার প্রাতিস্বিক মূল্য কি, সে রচনার কতটুকু তাৎক্ষণিক, তার কোন্ এলাকা সার্বজনীন। অর্থাৎ লক্ষ্য থাকবে উত্তরাধিকার হিসাবে যা পেলাম তার বাজার দর যাচাই করে নেয়া, জেনে নেয়া কতটুকু খাঁটি, কতটুকু মিশাল, কোনটা টেকসই, কোনটা ঠুনকো। কিন্তু এ মূল্যায়ন দ্বারা আমাদের প্রবাহমান ঐতিহ্যধারায় নজরুলের স্থান নির্ণয় করা যাবে না, জানা যাবে না আমাদের সাহিত্যিক চেতনা, রুচি ও অভ্যাসের বিকাশধারায় নজরুলের অবদান কি, সে ধারা কতটুকু প্রতিফলিত হয়েছে, এবং তাঁর সাধনা দ্বারা কি পরিমাণেই বা তা পরিপুষ্টি লাভ করেছে। একটা উদাহরণ নেয়া যাক। আমেরিকার সাহিত্যের সূচনাযুগে একদল সাহিত্যকর্মী প্রবল উৎসাহ ও প্রচন্ড আত্মবিশ্বাস নিয়ে নির্মীয়মান মার্কিন সাহিত্যের স্বাতন্ত্র্যের কথা ঘোষণা করেছিলেন। দেখতে যতই আকর্ষণীয় হোক না কেন, বৃহত্তর ইংরেজী সাহিত্যের আশ্রয় আসলে যে একটা নিগড় মাত্র এবং ঐ নিগড় ভেঙ্গে বেরিয়ে না এলে যে আমেরিকান সাহিত্যের ভবিষ্যৎ নেই – তাঁদের এ প্রত্যয়ে কোন দ্বিধা ছিল না। পরবর্তীকালে সাহিত্যসেবীরা যদি উত্তরাধিকার হিসাবে এঁদের সাহিত্যকর্মের মূল্য নিরূপণ করতে যেতেন, তাহলে হয়ত খুব একটা গর্ব বোধ করার কারণ দেখতেন না। কিন্তু স্বাতন্ত্র্যের বুনিয়াদ পত্তনের ঐতিহাসিক কাজটিতে ঐ সাহিত্যসেবীরা যে দায়ীত্ব পালন করেছেন তার মূল্য অন্যভাবে নির্ণয় করা সঙ্গত। যে ঐতিহ্যধারার উত্তরোত্তর পুষ্ট প্রবাহে আমেরিকান সাহিত্য নিজের স্বাতন্ত্র্যে মহিমান্বিত হয়ে উঠেছে তার প্রাথমিক গতিবেগ সৃষ্টির কাজে তাঁদের ভূমিকা ইতিহাসচিহ্নিত হয়ে থাকবে। অর্থাৎ তাঁরা মূলধন সৃষ্টি করেছেন, ফলশ্রুতি লাভ করেছে পরবর্তী বংশধরেরা। পূর্ব – পাকিস্তানী সাহিত্যের ঐতিহ্যধারায় নজরুল ইসলামের স্থান নির্দেশ করার সময় বিচারের এই নিরিখ জেনে রাখা প্রয়োজন।

একজন আধুনিক ইংরেজ সমালোচক পূর্ববর্তী – কালের একজন কবি সম্পর্কে বলেছেন যে, শৃংখলার অভাব ছিল ঐ কবির একটা বড় দুর্বলতা। কবি যদি নিজের অন্তঃস্থ বহিরার্পিত শৃংখলাবোধের সাহায্যে সংযত করে নিতে পারতেন তাহলে তাঁর কাব্যের অনেক দুর্বলতা কেটে যেত, কাব্যশরীরের স্বাস্থ্য অনেক বেশী নিটোল হয়ে উঠত। একথা হয়ত নজরুল সম্পর্কেও প্রযোজ্য। কিন্তু স্মরণ রাখা দরকার যে নজরুল নজরুলই – ঐ বহিরার্পিত শৃংখলাবোধ হয়ত তার পক্ষে সম্পদ না হয়ে দায় হয়েই দেখা দিত, হয়ত তার নিরেট চাপে নজরুলের কবিকণ্ঠই স্তব্ধ হয়ে যেত। এবং প্যারাডক্সের মত শোনালেও এ কথা বোধ করি সত্য যে, নজরুলে যথেষ্ট পরিমার্জনার যে অভাব তা –ই হয়ত আমাদের ঐতিহ্যধারায় তাঁর বিশেষ স্থান নির্দ্দিষ্ট করে দিয়েছে; – কেননা এ কথা ত

নজরুল সম্মেলন / ১৯৯০

খুবই সত্য যে পুঁথিকবি ও বিংশ শতাব্দীর প্রথম দিকের মুসলমান সাহিত্যসেবীদের ভেতর সময়ের দিক থেকে যতটা ব্যবধান আছে সাহিত্যিক রুচি ও অভ্যাসের দিক থেকে ততটা দূরত্ব নেই। কোন বিরাট প্রতিভার আবির্ভাবের মধ্য দিয়ে এই দুই প্রান্তের যোগাযোগ বিচ্ছিন্ন হয়নি, পড়শি – প্রতিবেশীর অন্তরঙ্গতাটা তাই অক্ষুন্ন রয়েছে। এই পরিস্থিতিটি যতটা না বাহ্যিক তার চেয়ে বেশী বাস্তবিক। যথানিয়মে যার বাঙ্গ নিষ্পত্তি হয়নি, ঐ নিতান্ত সহজ অভ্যাসটি আয়ত্তে আনা তার পক্ষে রীতিমত সাধনার কাজ, তাতে সময় লাগে অনেক, উন্নতি হয় ধীরে ধীরে। পরাধীনতার গ্লানি বাংলার মুসলমানের জিহ্বাকে এমন আড়ষ্ট করে দিয়েছিল যে আয়ত্তে–আনা অভ্যাস ভুলে তার অবস্থাটা দাঁড়িয়েছিল অপরিণত – বাক্ লোকের মত। ঘর্মাক্ত পরিশ্রম, ঠান্ডা হতাশা ও বিরক্তিকর মন্থতার মধ্য দিয়ে কথা বলতে শেখার সাধনা তাঁকে করতে হয়েছে। নজরুল ইসলামের সাহিত্যে যদি সেই দেরীতে –কথা – বলতে শেখা বালকের চেহারার প্রতিভাস ফুটে উঠে থাকে তাহলে তাকে অস্বাভাবিক বলতে পারি না। অনেকদিন পাথর – চাপা থাকার পর যে ঝর্ণাধারা ছাড়া পেল সে যদি প্রগলভ না হয় তাহলে ত বরং সন্দিগ্ধই হওয়ার কথা, সন্দেহ করবার কথা ঐ মুক্তি সত্যিই মুক্তি কি না। তাই নজরুলের রচনায় শৈল্পিক সংযমের যদি কিছু অভাব থেকে থাকে, মহৎ চিন্তার সমারোহ যদি তেমন না ঘটে থাকে তাহলে তার দ্বারা এই সত্যই প্রমাণিত হয় যে ঐতিহ্যের একটি অনিবার্য শক্তি আছে আর ইতিহাস ধারাবাহিকতার নিয়মে বদ্ধ। ইতিহাসের ধাপগুলি সিঁড়িভাঙ্গা অংকের মত ভেঙ্গে ভেঙ্গে অগ্রসর হওয়াই বিধি।

কিন্তু নজরুলের সাহিত্যসাধনার মধ্য দিয়ে আমরা ঐ অংকের একটি মাত্র ধাপ ভেঙ্গে এলাম এ কথা বললে নিশ্চয়ই ভুল বলা হবে। অনেকটা ধাপ একসঙ্গে পার হয়ে এসেছি, এইটেই সত্য কথা। বৃটিশ যুগে বাংলা সাহিত্যের নিকানো অঙ্গনে মুসলিম সাহিত্য – সাধনার অবস্থান ছিল বড়লোকের বাড়ীতে দরিদ্র আত্মীয়দের মত – কুণ্ঠিত সংকুচিত, ম্রিয়মান ত বটেই, যেন অবাঞ্ছিতও। বড়লোক আত্মীয়টি যদি করুণা করে তার দিকে চোখ না দেন, যদি একটা অবজ্ঞাত কোণে কোন রকম মাথাগুঁজে টিকে থাকতে পারে তা হলেই বেঁচে যায় – ভাবটা ছিল এই রকমের। মাঝে মাঝে বড়লোক আত্মীয়টি চোখ দিতেন, পড়লে মুসলমানের লেখা বলে মনেই হয় না – এ রকমের প্রশংসাবাক্যে পিঠ – চাপড়াতে কার্পণ্য করতেন না এবং কৃতার্থ মুসলিম সাহিত্যসাধনার ধারাটি – এমনভাবে লিখব যাতে মুসলমানের লেখা বলে চেনা না যায় –এ ধরনের সংকল্পে উদ্দীপ্ত হতো। এক পক্ষের উন্নাসিকতা ও অন্যপক্ষের হীনমন্যতার এই শ্বাসরুদ্ধকর পরিস্থিতিতে নজরুলের আগমন মুক্তির পয়গাম নিয়ে। আর তখনি দেখা গেল অনেক অসম্ভব সম্ভব হচ্ছে: মুসলিম সাধনার সেই বিব্রত, ম্রিয়মান ভঙ্গীটি আর নেই, সেখানে আত্মবিশ্বাসের একটা নতুন গরিমা এসেছে।

কিন্তু এটাই সব নয়। এতকাল অভাব যদি বা ছিল, কিন্তু অভাববোধ ছিল না; কি চাই বা কি পাওয়া সম্ভব তা – ই যখন জানতাম না তখন কি নেই, তা ঠিক করব কি করে? নজরুলের সাহিত্যসাধনার মধ্য দিয়ে বাঙ্গালী মুসলমানের একটি সাংস্কৃতিক অভিজ্ঞান লাভ ঘটলো। ঐ সাফল্যের আলো এসে পড়ায় বোঝা গেল এতকাল কোথায় ছিলাম, এতকাল কি কি জিনিষের অভাব ছিল। অর্থাৎ শুধু সাহিত্যিক অর্থে নয়, সাংস্কৃতিক অর্থেও বাংলার মুসলমানের মুখ অনর্গল হল। এবং মুখ অনর্গল হয়েছে – নজরুল সাহিত্যের এই সুসমাচারই তাঁর লেখায় মহৎ ভাবনা আছে কিনা, চিরস্থায়ী হবার মত সম্পদসম্ভার আছে কিনা ইত্যাকার প্রশ্নকে স্তব্ধ করে দেবার জন্য যথেষ্ট।

বৃহত্তর বাংলা সাহিত্যে নজরুলের যে অবদান তাঁর উত্তরাধিকারও আমরা অবশ্যি লাভ করেছি। আন্তরিকতা ও সমসাময়িকতার দ্বৈত চিহ্ন তিনি বাংলা কবিতায় যুক্ত করে গেছেন। আন্তরিকতার একটা বড় গুণ তা সংক্রামক। শুধু গুণ নয়, ওটা আন্তরিকতার প্রমাণও। নজরুল কাব্যের সংবেদনশীলতা যে কি পরিমাণে সংক্রামক গুণে গুণান্বিত তার সাক্ষী তাঁর কাব্যের প্রতিটি পাঠকই। ত্রুটি যাই থাক, শিথিলতা যতই থাকুক না কেন, এ ১ আন্তরিকতার স্পর্শটিই বা পাওয়া হিসাবে কম কিসে। অন্যপক্ষে, যে সমসাময়িকতাবোধ আধুনিক কবিতার একটি প্রধান লক্ষণ বাংলা কাব্যে তাকেও তিনি যুক্ত করেছেন। সমকালীন পাঠকের কাছে তাঁর রচনা যে অমন প্রিয় ছিল, তার বহু রচনা যে প্রকাশের সঙ্গে সঙ্গেই বাজেয়াপ্ত হয়েছে এবং নিজেও যে তিনি কারাবরণ করেছেন –এ সবই তাঁর সমসাময়িকতাই সপ্রমাণ করে। এই সাধারণ উত্তরাধিকার ত আমাদের আছেই, কিন্তু মুসলিম সাহিত্যসাধনার ঐতিহ্যধারায় নজরুলের বিশেষ অবদান এই–পুনরুক্তি হবে জেনেও আবার বলি– যে তার মধ্যে দিয়ে আমাদের মুখের জড়তা কেটেছে।

আমাদের ঐতিহ্যধারার সঙ্গে নজরুলের সম্পর্কবিষয়ক দু – একটি বিষয়ের এখানে উল্লেখ করা

যেতে পারে। একটি পৌরুষমন্ডিতরূপ আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের অন্যতম বৈশিষ্ট্য। ইতিহাস ও ভূগোলের সম্মিলীত যোগফল থেকে এই বৈশিষ্ট্যের সৃষ্টি। অর্থনৈতিক সংকটের চাপে পৌরুষ ম্রিয়মান হয়েছে সত্য, কিন্তু কখনো কখনো সে অসহিষ্ণু দুর্নিবারতায় আত্মপ্রকাশ করেছে। সিপাহী বিপ্লব, ওয়াহাবী ফারায়জী আন্দোলনের মধ্য দিয়ে, তীতু মীর, দুদু মিয়ার দুঃসাহসে, পুঁথি-রচয়িতাদের উদ্দাম কল্পনায় এর ভিন্ন ভিন্ন প্রকাশ লক্ষ্য করবার মত। নজরুলের সাহিত্য সাধনায় যে পৌরুষ ছিল তা এই ঐতিহ্যের অন্তর্গত। ঐতিহ্যধারার পটভূমিতে রেখে বিচার না করলে তাঁর সাহিত্য সাধনার মূল্যায়ন যথার্থ হবে না, তাকে যথাযথভাবে বোঝা যাবে না।

হিন্দু - মুসলিম সংস্কৃতির স্বাতন্ত্র্যের এক বড় প্রমাণ এই যে, দুই সম্প্রদায়ের আলাদা বীর আছে। রাম - রাবণ, কর্ণ - শ্রীকৃষ্ণ, সীতা - সাবিত্রীর উপকথা আমাদের জানা ছিল কিন্তু তাদের সাথে তেমন আত্মীয়তা ছিল না যেমন ছিল তারেক - মুসা, সোহরাব - রুস্তম, ফাতেমা - রাবেয়ার সঙ্গে। স্বাতন্ত্র্যের আরো একটি বড় প্রমাণ ছিল এই যে, বাংলা কথা সাহিত্যের কয়েক হাজার চরিত্রের মধ্যে মুসলমান চরিত্রের সংখ্যা বলতে গেলে আঙ্গুলে গোনা যায়! কিন্তু এও লক্ষণীয় যে দেশের অধিকাংশ লোককে বাদ দেওয়া সত্ত্বেও, এমন কি তাদের শারীরিক উপস্থিতির অনুল্লেখ সত্ত্বেও, বাংলা কথাসাহিত্য - বিধৃত জীবনচিত্র অবাস্তব হয়ে যায় নি। অর্থাৎ পাশাপাশি থেকেও সম্প্রদায় দুটি আলাদা আলাদা থেকেছে, প্রায় স্বয়ংসম্পূর্ণ জীবন যাপন করেছে; দেখাদেখি যতটা হয়েছে মন জানাজানি ততটা হয়নি। নজরুল সাহিত্যে মুসলমানদের বীরেরা নিঃসংকোচে এসেছেন, মুসলিম বিষয়বস্তুও নিজের মর্যাদায় প্রতিষ্ঠিত হয়েছে। সত্য বটে অমুসলিম বীর ও বিষয়বস্তুও তিনি ব্যবহার করেছেন। হয়ত ব্যক্তিগত জীবনের মত সাহিত্যেও তিনি দুই ধারাকে সমন্বিত করার নিরীক্ষা করেছিলেন। কিন্তু ব্যক্তিগত নিরীক্ষা সাংস্কৃতিক সত্যটিকে মিথ্যে করে দেয়নি; সংস্কৃতিতে যেমন সাহিত্যেও তেমনি - সমন্বয় সম্ভব হয়নি। আর এও সত্য যে, যে হিন্দু পুরাণে জ্ঞান লাভ সে সময়ে ধর্ম নির্বিশেষে সকলের জন্যই অপরিহার্য ছিল, সে ছিল শিক্ষারই অন্তর্গত। কিন্তু ঘরের শিক্ষা আর বাইরের শিক্ষার মধ্যে তখন একটা বিরোধ ছিল - নজরুল ঘরের শিক্ষা ও বাইরের শিক্ষাকে এক করতে চেয়েছিলেন সচেতনভাবে। বলা বাহুল্য, এটা ছিল তার সচেতন প্রচেষ্টা। মানুষের মনকে যদি আইসবার্গের সাথে তুলনা করা যায় তাহলে বলতে হয় ঐ সচেতন প্রচেষ্টা নজরুল মানসের উপরিভাগের পরিচয় মাত্র, নীচের আট ভাগ পৌরুষে ও চেতনায়, মূল্যবোধে ও দৃষ্টিভঙ্গীতে মুসলিম ধারারই অন্তর্গত।

মুসলমানদের ঘরোয়া কথাবার্তায় প্রচলিত আরবী ফারসী শব্দের ব্যবহারের ভিতরও ঐ স্বাতন্ত্র্যের প্রতিভাস আছে। আরবী ফারসী শব্দের ব্যবহার নজরুল রচনাকে বিশিষ্টতা অর্পণ করেছে। এ ধরণের শব্দের সাহিত্যিক ব্যবহারকে হয়ত নতুন বলা চলে না। কিন্তু প্যারীচাঁদ মিত্র সত্যেন দত্ত বা মোহিতলাল মজুমদারের ব্যবহার থেকে নজরুলের আরবী ফারসী শব্দ ব্যবহারের তফাৎ এই যে নজরুলে তা আঙ্গিকগত কৌশল মাত্র নয় - স্বতঃস্ফূর্ত আন্তরিকতায় তারা অভিষিক্ত। শব্দগুলি আপনা থেকেই এসেছে এবং তাদের গায়ে আন্তরিকতার ছাপটি নিটোল হয়ে আছে।

ভাবীকালের সাহিত্যপাঠক নজরুল সাহিত্যের শিল্পমূল্য কি ভাবে যাচাই করবেন জানি না, কিন্তু এ কথা আমরা কি করে ভুলি যে আমাদের সবাক হওয়ার চেষ্টায় নজরুলের কাছে যে ঋণ তা অপরিশোধ্য। মহররমের সময় মীর মোশাররফ হোসেনের 'বিষাদ - সিন্ধু' বাংলার মুসলমানদের ঘরে ঘরে যে পড়া হত তার কারণ শুধু মাত্র ঐ বইয়ের সাহিত্যিক মূল্য যতটুকু তার চেয়ে বেশী বোধ হয় বইয়ের সঙ্গে পাঠকের নৈকট্যবোধ। তেমনি করে নজরুলের সঙ্গে আমাদের যা সম্পর্ক তা ঘনিষ্ঠ আত্মীয়ের। আমাদের ঐতিহ্যধারা এবং নজরুলের সাহিত্যসাধনা ঐ আত্মীয়তার বন্ধনেই জড়িত।



# ঢাকায় নজরুল

## শেখ দরবার আলম

কবি কাজী নজরুল ইসলামের জন্ম অবিভক্ত বাঙলায় বর্ধমান জেলার আসানসোল মহকুমার শেরগড় পরগনায় সাবেক রানীগঞ্জ থানার, এখন জামুরিয়া থানার অন্তর্গত চুরুলিয়া গ্রামে ১১ জ্যৈষ্ঠ ১৩০৬ : ২৪ মে ১৮৯৯ তারিখ বুধবার প্রত্যূষে। করাচীর সেনানিবাস থেকে প্রত্যাবর্তনের পর তাঁর সাহিত্য-সঙ্গীত ও সাংবাদিক জীবন কেটেছে মূলত পশ্চিমবঙ্গেই, বিশেষ করে কলকাতায়। কিন্তু কবির জীবনাবসান ও সমাধি হলো পূর্ব বঙ্গের ঢাকায়। এখনকার বাঙলাদেশের রাজধানীতে। ঢাকার পোস্ট গ্রাজুয়েট হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ১২ ভাদ্র ১৩৮৩ : ২৯ আগস্ট ১৯৭৬ তারিখ রবিবার বাঙলাদেশ সময় সকাল ১০টা বেজে ১০ মিনিট : ভারতীয় সময় সকাল ৯ বেজে ৪০ মিনিটে।

জীবদ্দশায় নজরুল নানান উপলক্ষ্যে তামাম বাঙলাদেশ সফর করেছেন একাধিকবার। কবি ঢাকা সফর করেছেন কতবার এ বিষয়ে নজরুল জীবনীকাররা-ও সঠিক ও সুস্পষ্ট ধারণা দেওয়ার কথা চিন্তা করেন নি। বিভিন্ন ঘটনার সন-তারিখগুলোর দিকে উপযুক্ত নজর দেওয়ার তোয়াক্কা না করায় কোনো কোনো ক্ষেত্রে একাধিক সফরের ঘটনাবলী তাঁরা একটি সফরের অন্তর্ভুক্ত করে ফেলেছেন। ফলে এভাবেই তাঁদের বর্ণনায় সফর সংখ্যা ভুলবশত প্রকৃত মোট সফর সংখ্যার অর্ধেক বা এর-ও কম ধরা হয়েছে। বৈচিত্র্যপূর্ণ নজরুলজীবনে ঢাকার আহ্বান এসেছে বারংবার। এ যাবৎ প্রাপ্ত তথ্যাদি মোতাবেক বিভিন্ন সময়ে তাঁর অন্তত এগারোবার ঢাকা সফরের উল্লেখ মেলে।

### প্রথম সফর

কবি তখন সপরিবারে কৃষ্ণনগরে গোলাপটি মহল্লায় মদন সরকারের গলিতে থাকেন। প্রায় সাত মাস জ্বরে ভুগছেন। বিশ্রামও পাচ্ছেন না। তাঁর পরিচালনায় "লাঙল" তখনও চলছে। ১ মার্চ ১৯২৬ তারিখ সোমবার ঢাকার আনোয়ার হোসেনকে লেখা এক চিঠিতে ঢাকা সফরের প্রথম উল্লেখ মেলে :

"এই শরীর নিয়ে আবার বেরুব ৬-ই মার্চ দিনাজপুরে। সেখানে ডিস্ট্রিক্ট কনফারেন্স, সেখান থেকে মাদারিপুর Fishermen's Conference অ্যাটেণ্ড ক'রতে যাব। ওখান থেকে খুব সম্ভব ঢাকা যাব। যদি যাই দেখা হবে। প্রতিজ্ঞা ভঙ্গ ক'রতে হ'চ্ছে স্বাস্থ্য ভঙ্গের জন্য।"

সেবার মাদারিপুরে কবির সফরসঙ্গীদের মধ্যে হেমন্তকুমার সরকার ছাড়াও বসন্তকুমার মজুমদার ও হেমপ্রভা মজুমদারও ছিলেন। স্মর্তব্য যে, মাদারিপুরে নজরুল ইসলামের কবিতা "হেমপ্রভা" রচনার তারিখ ১৯২৬ সনের ১৩ মার্চ শনিবার। এর পর মাদারিপুর থেকে হেমন্তকুমার সরকার এম এল সি'-কে নিয়ে কবি ঢাকা সফরে রওয়ানা হন। ওঠেন ফরিদপুর থেকে বেঙ্গল লেজিসলেটিভ কাউন্সিলের স্বরাজ্য দলের সদস্য ঢাকার চাঁদনীর ডাক্তার মোহিনীমোহন দাশের বাড়ীতে। কাছারির কাছে। কবির সঙ্গে সেখানে মোহাম্মদ কাশেম, আবদুল মজিদ সাহিত্যরত্ন, আবদুল কাদির প্রমুখ অনেকেই এসে সাক্ষাৎ করেন। সে সময় নজরুল-হেমন্ত উভয়েই ওয়াদাবদ্ধ হন যে, পঁচাত্তর দিন পর ২৭ জুন ১৯২৬ তারিখ রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়-ছাত্রাবাস সলিমুল্লাহ্ মুসলিম হল-এ অনুষ্ঠিতব্য মুসলিম সাহিত্য সমাজের চতুর্থ বৈঠকে তাঁরা শরীক হবেন।

প্রথমবার এই সফরকালে কবি ঢাকায় ছিলেন একদিন কিংবা দু'দিন। কেননা, এর পর কৃষ্ণনগর থেকে কবি সিলেটে রওয়ানা হন ঈদ-উল-ফেতরের পর দিন ১৬ এপ্রিল ১৯২৬ তারিখ শুক্রবার।

প্রসঙ্গত উল্লেখ থাকে যে, শ্বেতাঙ্গদের বিরুদ্ধে ফুটবলে দেশীয় পূর্ববঙ্গ দলের বিজয় উপলক্ষ্যে কবি প্রথম ঢাকা সফর করেছেন বলে নৃপেন-প্রেমেন-বুদ্ধদেব-অচিন্ত্য প্রমুখ সঙ্গীদের কেউ কেউ যে স্মৃতিচারণ



১৯৩৯-এ ঢাকায় কাজী নজরুল ইসলাম। পিছনে বাঁদিক থেকে জনাব জামানা, টি এইচ চৌধুরী ও ডি গণি



বিলাত যাবার আগে কুমারী ফজিলাতুন নেসা ১৯২৮ ফেব্রুয়ারী কবির নিকটসান্নিধ্যে আসেন

করেছেন সেটা সত্য হলে এটা তার তৃতীয় সফর। লক্ষণীয় যে, আমি এখানে, সন-তারিখের সন্ধান মেলে এমন সফরগুলোই কেবল পর পর উল্লেখ করতে পারছি।

## দ্বিতীয় সফর

কৃষ্ণনগরে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেসের বার্ষিক সম্মেলনের পর তখনও কবি হয়তো গোলাপাটি মহল্লারই বাসিন্দা ছিলেন। "শ্রমিক প্রজা স্বরাজ দল"-এর তরফে তামাম বাঙলাদেশ সফর করছেন। হালের সাম্প্রদায়িক দাঙ্গাবিধ্বস্ত বাঙলার নানান প্রান্তে সাম্য ও আর্থ-সাংস্কৃতিক সহাবস্থানের বাণী প্রচার করছেন। ঈদ-উজ্-জোহার পাচ দিন পর ২৭ জুন ১৯২৬ : ১২ আষাঢ় ১৩৩৩ তারিখ রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রাবাস সলিমুল্লাহ মুসলিম হল-এ মুসলিম সাহিত্য সমাজের চতুর্থ বৈঠকে অন্যান্যদের মধ্যে শরীক হন কবি কাজী নজরুল ইসলাম এবং হেমন্তকুমার সরকার এম এ : এম এল সি। এই বৈঠকে "সাহিত্য সৃষ্টি" বিষয়ে হেমন্তকুমার সরকার বলেন : 'আমাদের ছোট ঘরের দুঃস্থ জীবন আজ সাহিত্যে আকতে হবে।' কবি এই অনুষ্ঠানে যে সংক্ষিপ্ত ভাষণ দেন তা ছিলো একান্তই সাম্প্রদায়িক সম্প্রীতি ও আর্থ-সাংস্কৃতিক সহাবস্থানের স্বপক্ষে আর পরিবেশন করেন "কাণ্ডারী হুঁশিয়ার", "কৃষাণের গান" এবং "ছাত্রদলের গান" প্রভৃতি সম্প্রদায়-নিরপেক্ষ জাগরণ সঙ্গীত। কবি সেদিন তার ভাষণে বলেছিলেন যে, মাসাধিককাল আগে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেসের বার্ষিক সম্মেলনে উদ্বোধনী সঙ্গীত হিসাবে তিনি "কাণ্ডারী হুঁশিয়ার" পেশ করেন : কিন্তু এখনও কেউ তেমন হুঁশিয়ার হচ্ছেন না। আর সাম্প্রদায়িক কাজিয়া ও বিসংবাদ যদি উত্তরোত্তর এভাবে জোরদার হতে থাকে তা হলে দেশে চরম বিপর্যয়ই কেবল নয়, এক চরম ভাঙনও দেখা দেবে। কবির এই আশঙ্কা দেশবিভাগের মধ্য দিয়ে যথার্থ প্রতিপন্ন হতে মাত্র ষোল বছর সময় লেগেছিল।

তবু নজরুলের ভাষণ ও সঙ্গীত উপস্থিত শ্রোতৃবৃন্দকে সেদিনও খুবই আকৃষ্ট ক'রেছিল। তারই আদর্শে সাহিত্য-সংস্কৃতি ও রাজনীতিচর্চায় এবং সমাজের খিদমতে জনগণকে উদ্বুদ্ধ করতে মোহাম্মদ কাসেম নারায়ণগঞ্জ থেকে একটি মাসিক কাগজ বার করার ইরাদা প্রকাশ করলে কবি এর নামকরণ করেন "অভিযান" এবং উক্ত শিরোনামেই লেখেন আশীবাণী :

"নতুন যুগের যাত্রা-পথিক
চালাও অভিযান,
উচ্চকণ্ঠে উচ্চার আজ
মানুষ মহীয়ান।"



২৪ মে ১৯৭২ রাষ্ট্রীয় অতিথিরূপে ঢাকায় কবি

অনুষ্ঠানের দিন পাচেকের মধ্যে কোনো এক তারিখে কবি নারায়ণগঞ্জ সফর করেছিলেন।

## তৃতীয় সফর

কৃষ্ণনগরে কবি তখন গোলাপাটি মহল্লার বাসা বদল করে চাঁদ সড়কে গ্রেস কটেজে থাকেন। তাঁর অন্যতম শ্রেষ্ঠ কবিতা "দারিদ্র্য" রচনার ঠিক



ঢাকায় কবির ধানমণ্ডির বাড়িতে তাঁর মাথায় হাত রাখলেন প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান।



পর দিন ১২ অক্টোবর ১৯২৬ তারিখ মঙ্গলবার সাপ্তাহিক "গণবাণী"র ৯ম সংখ্যায় "নির্বাচন দ্বন্দ্বে কবি" শিরোনামে খবর : 'বাংলার বরেণ্য কবি কাজী নজরুল ইসলাম ঢাকা বিভাগের মুসলমান কেন্দ্র হতে ভারতীয় ব্যবস্থাপক সভার সদস্যপদপ্রার্থী হয়েছেন।'

ঢাকা, ফরিদপুর, বাকেরগঞ্জ, ময়মনসিংহ—এই চারটি জেলা নিয়ে গঠিত ঢাকা বিভাগের মুসলমানদের জন্য সংরক্ষিত দু'টি আসনে কাজী নজরুল ইসলাম কংগ্রেসের স্বরাজ্য দলের মনোনীত প্রার্থী হিসাবে ঢাকার নবাব পরিবারের খাজা আবদুল করিমের সঙ্গে জোটবদ্ধ হয়েছিলেন। তার তরফে ঢাকার আবুল হাসানাৎ ওরফে শাহজাদা মিয়া স্বেচ্ছাসেবক দল গঠন ও মহড়ার বন্দোবস্তও করেছিলেন। ঢাকা বিভাগের মুসলমান কেন্দ্রে মনোনয়নপত্র দাখিল ও এতদসম্পর্কিত অন্যান্য বন্দোবস্তের প্রয়োজনে কবি তৃতীয়বার ঢাকা সফর করেন ১৯২৬-এর অক্টোবরের প্রথম হপ্তায়। সময়টা "সর্বহারা", "সঞ্চিতা", "দুর্দিনের যাত্রী", "মা ভৈঃ" গ্রন্থ প্রকাশের শর্তনামায় দস্তখত করার পর দিন ১ অক্টোবর ১৯২৬ (১৪ আশ্বিন ১৩৩৩) তারিখ শুক্রবার থেকে পূর্ব বঙ্গের নানান স্থান সফর শেষে কৃষ্ণনগর ফেরার দিন ৮ অক্টোবর ১৯২৬ (২১ আশ্বিন ১৩৩৩) তারিখ শুক্রবার, এই আট দিনের মধ্যে ব'লে অনুমিত হয়। তৃতীয়বার ঢাকা সফর শেষে মহালয়ার তিন দিন পর তিনি যখন কৃষ্ণনগর ফেরেন তখন "গণবাণী" ৯ম সংখ্যা প্রকাশিত হতে তিন দিন বাকী ছিলো। সম্ভবত প্রকাশকের কাছ থেকে টাকা পাওয়ার পর ঢাকায় গিয়ে কবি জামানতসহ মনোনয়নপত্র দাখিল করেছিলেন এবং কয়েকদিনের মধ্যে পূর্ববঙ্গের বিভিন্ন জেলা সফর করে কলকাতা ফেরেন দলের কাছ থেকে নির্বাচনের খরচ বাবদ টাকা সংগ্রহের প্রয়োজনে।



ঢাকার পি জি হাসপাতালে জন্মদিনে কবি

## চতুর্থ সফর

শ্রীহট্ট থেকে ২৭ অক্টোবর ১৯২৬ তারিখ বুধবার কবি কলকাতায় ফিরে লিখেছেন "অঘ্রাণের সওগাত"। পর দিন বৃহস্পতিবার সন্ধ্যায় ডাক্তার বিধানচন্দ্র রায় স্বরাজ্য দলের মনোনীত প্রার্থী নজরুল ইসলামকে নির্বাচন খরচ বাবদ আড়াই শ' টাকা দেন। নির্বাচন খরচের বাদবাকী টাকা ঢাকায় পাঠিয়ে দেওয়ার ওয়াদা করলেন তিনি।

এই চতুর্থবার কবি ঢাকা রওয়ানা হয়েছিলেন ৩১ অক্টোবর ১৯২৬ তারিখ রবিবার কিংবা এর পর দিন পহেলা নভেম্বর সোমবার। ঢাকা পৌঁছনোর পর সেখান থেকে তিনি ফরিদপুর যান। ফরিদপুরের সর্বজনশ্রদ্ধেয় পীর আবু খালেদ রশীদ উদ্দীন আহমদ ওরফে বাদশা মিয়া নির্বাচনপ্রার্থী নজরুল ইসলামকে সমর্থন করে ফতোয়া দেন ৩ নভেম্বর ১৯২৬ : ১৭ কার্তিক ১৩৩৩ তারিখ বুধবার।

চতুর্থবার ঢাকায় এসে কবি আস্তানা নিয়েছিলেন ৫২ নম্বর বেচারাম দেউড়ির ঠিকানায় হজরত সৈয়দ শাহ মোহাম্মদ ইউসুফ কাদেরী সাহেবের গৃহ সন্নিহিত মসজিদ-সংলগ্ন একটি কামরায়। কবির থাকা-খাওয়ার ব্যবস্থাদি রোজ তদারক করতেন ইউসুফ সাহেবের জ্যেষ্ঠ পুত্র সৈয়দ জমেনুর রহমান কাদেরী সাহেব। ইউসুফ সাহেবের অন্যতম পুত্র সৈয়দ আতাউর রহমান কাদেরী সাহেব ছিলেন কবির রাগপ্রধান সঙ্গীতের ভক্ত।

আবদুল কাদির তার স্মৃতিকথায় লিখেছেন : নবাবজাদা সৈয়দ ফজলে রাব্বি, মোহাম্মদ কাসেম, আবদুল মজিদ সাহিত্যরত্ন, আবুল ফজল প্রভৃতিসহ তিনিও রোজ ৫২ নম্বর বেচারাম দেউড়ির আস্তানায় গিয়ে দেখতেন যে, আবুল হাসানতের তত্ত্বাবধানে স্বেচ্ছাসেবকদের নির্বাচনী প্রচার মহড়া চলার সময়েও কবি তার শিষ্য-সাগরেদদেরকে নিয়ে সাহিত্য-সংস্কৃতির খিদমত করছেন। নির্বাচনী সফরে ফরিদপুর গিয়ে কবির এই সাহিত্যসেবার কথাই জসিম উদ্দিন উল্লেখ করেছেন। ঢাকায় রাণু সোমকে সঙ্গীতশিষ্যা হিসাবে কবি এ সময়ই পেয়েছেন।

ফরিদপুরের মোয়াজ্জেম হোসেন চৌধুরীর পরামর্শক্রমে কবি এক সন্ধ্যায় নির্বাচনী সফরে ট্রেনে জয়দেবপুর রওয়ানা হন। সে সময়ই জ্যোৎস্না রাতে রেল গাড়ীর ইন্টার ক্লাসের এক ছোট্ট কামরায় বসে কবি লেখেন তার সুবিখ্যাত কবিতা "জয়দেবপুরের পথে", যা "চাঁদনী রাতে" শিরোনামে "সিন্ধু হিন্দোল"-এর অন্তর্ভুক্ত হয়েছে। এর প্রথম পঙক্তি : 'কোদালে মেঘের মউজ উঠেছে আকাশের নীল গাঙে,/হাবুডুবু খায় তারা বুদ্বুদ, জোছনা সোনার রাঙে।'

কবি চতুর্থবার ঢাকা সফরে গিয়ে বাইশ দিন ছিলেন। নির্বাচনী সফর শেষে কবি কৃষ্ণনগরে ফেরেন ২৩ নভেম্বর ১৯২৬ : ৭ অগ্রহায়ণ ১৩৩৩ তারিখ মঙ্গলবার। চাঁদ সড়কের গ্রেস কটেজে এর পরদিন বুধবার কবি লিখেছিলেন গজল : 'বাগিচায় বুলবুলি তুই।' এ তার ঢাকা সফরেরই জের।

## পঞ্চম সফর

ঢাকার মুসলিম সাহিত্য সমাজের প্রথম বার্ষিক সম্মেলন উদ্বোধনের দাওয়াত কবুল করে কবি কৃষ্ণনগর থেকে আবুল হোসেনকে চিঠির জবাব দেন সাতাত্তর দিনের জ্বর শয্যা ছেড়ে ওঠার পর দিন ১০ ফেব্রুয়ারী ১৯২৭ তারিখ বৃহস্পতিবার।

দিলীপকুমার রায়ের ইউরোপ যাত্রা উপলক্ষ্যে ১৬ ফেব্রুয়ারী ১৯২৭ তারিখ বুধবার কলকাতায় লিখলেন গান "সুর কুমার"।

২৭ ফেব্রুয়ারী ১৯২৭ (১৫ ফাল্গুন ১৩৩৩) তারিখ রবিবার দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুসলিম হল মিলনায়তনে ঢাকা মুসলিম সাহিত্য সমাজের প্রথম বার্ষিক সম্মেলন শুরু হয়। ঢাকা যাওয়ার পথে এদিনই সকালে কবি পদ্মাবক্ষে স্টীমারে লিখলেন সম্মেলনের উদ্বোধন সঙ্গীত "খোশ-আমদেদ" : 'আসিলে কে গো অতিথি উড়ায়ে নিশান সোনালি/ও চরণ ছুঁই কেমনে দুই হাতে মোর মাখা যে কালি...'। ঢাকা আসার পথেই পদ্মাবক্ষে স্টীমারে রচনা করেন গজল : 'বসিয়া নদীকূলে কে গো উদাসিনী।'

মওলানা তসদ্দুক আহম্মদ সাহেবের সভাপতিত্বে ১৯২৭ সালের ২৭ ও ২৮ ফেব্রুয়ারী দু'দিনব্যাপী মোট তিনটি অধিবেশনে অনুষ্ঠিত এই সম্মেলনের অভ্যর্থনা সমিতির সভাপতি ছিলেন স্যার এ এফ রহমান।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রাবাস মুসলিম হল-এর প্রভোস্ট ডক্টর মাহ্‌মুদ হাসান সম্মেলনের পর দিন নৈশ ভোজে কবিকে আপ্যায়িত করেন। সেদিন ১ মার্চ ১৯২৭ (১৭ ফাল্গুন ১৩৩৩) তারিখ মঙ্গলবার আবদুল কাদির কবিকে দিদারুল আলম সম্পাদিত সাপ্তাহিক "সম্মিলনী" ও "যুগের আলো"র কয়েকটি সংখ্যা দেখতে দিলে তিনি লেখেন প্রশস্তি কবিতা "যুগের আলো"। দু'টো পঙক্তি : 'উষায় যা'রা চমকে গেল তরুণ রবির রক্তরাগে,/যুগের আলো! তাদের বলো, প্রথম উদয় এমনি লাগে।'

## ষষ্ঠ সফর

কৃষ্ণনগরে চাঁদ সড়কের গ্রেস কটেজে থাকতেই ১৯২৮-এর ফেব্রুয়ারীর প্রথম হপ্তায় মুসলিম সাহিত্য সমাজের দ্বিতীয় বার্ষিক সম্মেলন উদ্বোধন করতে কবি ঢাকায় আসেন ষষ্ঠবার। তিনি সম্মেলন উদ্বোধন করেন "চল্ চল্ চল্" এই মার্চ সঙ্গীত দিয়ে। অঙ্কের এম এ বাক্‌পটু মেয়ে ফজিলাতুন নেসা এই সম্মেলনে "নারী জীবনে আধুনিক শিক্ষার আস্বাদ" শিরোনামে নিবন্ধ পাঠ করেন। এই সম্মেলনেই কবির সঙ্গে তার প্রথম আলাপ হয়।

কবি এবারও উঠেছিলেন আবুল হোসেনের বাসায়। সম্মেলন শেষে তাঁর থাকার বন্দোবস্ত হয় সলিমুল্লাহ্ মুসলিম হলের হাউস টিউটর অধ্যাপক কাজী মোতাহার হোসেনের বাসায় বর্ধমান হাউসের নীচের তলার একটি কামরায়। কবি এখানে অবস্থানকালেই সৈয়দ জাহেদুল হক পরিকল্পিত

সাপ্তাহিক "দরদী"র প্রশস্তি লেখেন : 'দরদ দিয়ে দেখল না কেউ যাদের জীবন যাদের হিয়া/তাদের তরে ঝড়ের রথে আয় রে পাগল দরদিয়া !'

সম্মেলন শেষে এবার কবির কাছে আমন্ত্রণ এসেছিলো বুড়িগঙ্গাতীরের জমিদার রূপবাবুর বিশাল অট্টালিকা থেকে, পুরনো হাইকোর্টের অঙ্গনে অবস্থিত অধ্যক্ষ সুরেন্দ্রনাথ মৈত্রের বাড়ী থেকে এবং বুদ্ধদেব বসুসহ আরো বহু কৃষ্টিবান নাগরিকদের কাছ থেকে।

রূপবাবুর বাড়ীতে ঢাকার সকল অভিজাত ব্যক্তির উপস্থিতিতে কবির গাওয়া অনেকগুলো গানের মধ্যে ছিলো : 'বসিয়া নদীকূলে এলোচুলে কে উদাসিনী' এবং "অন্তর ন্যাশনাল সঙ্গীত" : 'জাগো অনশন বন্দী ওঠরে যত/জগতের লাঞ্ছিত ভাগ্যহত।'

কবি ৯২ নম্বর দেওয়ান বাজার রোডে মিস্ ফজিলাতন নেসার বাসায়ও গিয়েছিলেন। টাঙ্গাইলের ওয়াহেদ আলী খানের এই বিদুষী কন্যা সে সময় তাঁর কনিষ্ঠা সহোদরা শফিকুন নেসাসহ থাকতেন শিক্ষক অধ্যক্ষ নলিনী বসুর তত্ত্বাবধানে। সে-সময় কবি এক সন্ধ্যায় রমনা লেকের ধারে বসে লিখেছিলেন গজল : 'নিশি ভোর হলো জাগিয়া পরান পিয়া।' এই ষষ্ঠবার সফরকালেই কবির আরো নিকট সংস্পর্শে আসেন ঢাকার ত্রয়ী : নোটন, রাণু ও লোটন।

কৃষ্ণনগরে ফিরে ১৬ ফেব্রুয়ারী ১৯২৮ : ৩ ফাল্গুন ১৩৩৪ তারিখ বৃহস্পতিবার কবি লিখলেন : 'এ বাসি বাসরে আসিলে কে গো ছলিতে।'

## সপ্তম সফর

ঢাকায় কবির ষষ্ঠ ও সপ্তম সফরের মধ্যে ব্যবধান ছিলো মাত্র সপ্তাহখানেক। তখন তিনি কৃষ্ণনগরে গ্রেস কটেজেই থাকতেন। এক দুর্নিবার মানসিক টানে ২৩ ফেব্রুয়ারী ১৯২৮ : ১০ ফাল্গুন ১৩৩৪ তারিখ বৃহস্পতিবার পহেলা রমজান রাত ১টা বেজে ২৫ মিনিটে কবি যে ঢাকার ৯২ নম্বর দেওয়ান বাজার রোডে মিস্ ফজিলাতন্ নেসার বাসায় ছিলেন সে প্রমাণ ঢের পরে এই বিদুষী কুমারীর এক সাধারণ গানের খাতায় পাওয়া যায়। ছয় ইঞ্চি লম্বা ও পাঁচ ইঞ্চি চওড়া এই গানের খাতায় কবি নিজ হাতে লিখে দিয়েছিলেন 'বসিয়া নদীকূলে', 'নিশি ভোর হ'ল জাগিয়া', 'কেন উচাটন মন-পরাণ', 'পরদেশী বঁধুয়া', 'এ বাসি বাসরে', 'কে বিদেশী মন উদাসী', 'কেন কাঁদে পরাণ', 'এত জল ও কাজল চোখে', 'করুণ কেন অরুণ আঁখি', তার এই ন'টি গান। একের পর এক এই গানগুলোর পুরো বাণী লেখা শেষ হলে পরের পৃষ্ঠায় ফজিলাতন্ নেসার উদ্দেশে কবি স্বহস্তেই লিখেছেন চারটি পঙক্তি :

"সুন্দর বেশে মৃত্যু আমার আসিলে কি এতদিনে ?
বাজালে দুপুরে বিদায় পূরবী আমার জীবন বীণে।
ভয় নাই রাণী রেখে গেনু শুধু চোখের জলের লেখা।
রাতের এ লেখা শুকাবে প্রভাতে চ'লে যাই আমি একা !

২৩-২-২৮ কবি
রাত্রি ১টা ২৫ মিনিট।"

ঐ একই পৃষ্ঠায় পর দিন ২৪ ফেব্রুয়ারী ১৯২৮ তারিখ শুক্রবার ভোরে ফজিলাতন্ নেসার উদ্দেশেই কবিতায় আরো চার লাইন নজরুল ইস্‌লাম নিজ হাতেই লিখেছেন :

"দিনের আলোকে ভুলিও তোমার রাতের দুঃস্বপন,
উর্ধ্বে তোমার প্রহরী দেবতা,
মধ্যে দাঁড়ায়ে তুমি ব্যথাহতা,
পায়ের তলার দৈত্যের কথা ভুলিতে কতক্ষণ ?

২৪-২-২৮ নজরুল"

এই ২৪ ফেব্রুয়ারী ১৯২৮ : ১১ ফাল্গুন ১৩৩৪ তারিখ শুক্রবার সকালেই কবি ঢাকা ত্যাগ করেন।

ফজিলাতন নেসার খাতায় উপরিউক্ত দু'টি কবিতা যে পৃষ্ঠায় কবি লিখেছেন এর ঠিক পরের পৃষ্ঠায় এই বিদুষী মেয়েটিও কবির ভালোবাসার অকৃপণ স্বীকৃতি জানিয়েছেন রবীন্দ্রনাথের কথায় :

"তোমারে যা দিয়েছিনু, তার
পেয়েছ নিঃশেষ অধিকার।
হেথা মোর তিলে তিলে দান,
করুণ মুহূর্তগুলি গণ্ডুষ ভরিয়া করেছ পান
হৃদয়-অঞ্জলি হ'তে মম।



ধানমন্ডীর বাসগৃহে আদুল গায়ে



কবির মৃত্যুশয্যার পাশে দাঁড়িয়ে তাঁর আত্মার শান্তি কামনা করছেন সেনাবাহিনীর প্রধান জিয়াউর রহমান

ওগো তুমি নিরুপম
হে ঐশ্বর্য্যবান।
তোমারে যা দিয়েছিনু, সে তোমারি দান
গ্রহণ করেছ যত, ঋণী তত
করেছ আমায়।
হে বন্ধু, বিদায় !
হে বন্ধু, বিদায় !"



পরের পৃষ্ঠায় ফজিলাতন্ নেসা আবারও নিজহাতে লিখেছেন :

"তোমায় কিছু দেব ব'লে
চায় যে আমার মন
নাই-বা তোমার থাকল প্রয়োজন।"

বিবাহ শেষে বিলাত থেকে ফিরে ফজিলাতন্ নেসা যখন অসুস্থাবস্থায় কলকাতার ক্যাম্পবেল হস্‌পিটালে ছিলেন তখন তাঁর বিছানায় উক্ত খাতাটি পাওয়া যায়। কলেজ স্কোয়ারের 'এম্পায়ার বুক হাউস'-এর মালিক এ ডি পি আই খানবাহাদুর আহসান উল্লাহর দ্বিতীয় পুত্র, কলকাতা হাই কোর্টের এটর্নী শামসুজ্জোহার ছোট ভাই বদরুদ্দোজা এই খাতাটি মাহ্‌ফুজুর রহমান খানকে দিয়েছিলেন।

## অষ্টম সফর

কবির বয়স তখন উনত্রিশ বছর। কৃষ্ণনগরের চাঁদ সড়কে গ্রেস কটেজে থাকতেই ১৯২৮-এর এপ্রিলের শেষ সপ্তাহ থেকে জুনের শেষ সপ্তাহ পর্যন্ত প্রায় দু'মাস ব্যাপী কবির অষ্টমবার ঢাকা সফরের সময় ঢাকার তিন কুমারী শিল্পী নোটন, রাণু ও লোটন সঙ্গীতচর্চায় তাঁর আরো নিকট সান্নিধ্যে এলেন। ঢাকায় এবার কবি উঠেছিলেন বর্ধমান হাউসে অধ্যাপক কাজী মোতাহার হোসেনের বাসায়।

### নোটন

নোটন ওরফে উমা মৈত্র ছিলেন ঢাকা ইন্টারমিডিয়েট কলেজের অধ্যক্ষ, কবি ও সঙ্গীতজ্ঞ সুরেন্দ্রনাথ মৈত্রের কন্যা। তাঁর মা কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন গ্রাজুয়েটই কেবল নন, সুদক্ষা চিত্রশিল্পী ও পিয়ানো বাজিয়েও ছিলেন। ইন্টারমিডিয়েট কলেজ থেকে আই এস সি পাস করার পর তাঁদের এই শান্তশিষ্ট স্বভাবের একমাত্র কন্যা উমা উচ্চাঙ্গ রাগ সঙ্গীত, সেতার ও পিয়ানোয় তালিম নিচ্ছিলেন। দাবা খেলাও মোটামুটি রপ্ত করেছিলেন। টেনিস খেলাতেও তাঁর চমৎকার পারদর্শিতা ছিলো। প্রিন্সিপাল সুরেন্দ্রনাথ মৈত্র উচ্চাঙ্গ সঙ্গীতের বিভিন্ন অলঙ্কার : মীড়, গমক, বুঁদ, মূর্চ্ছনার সূক্ষ্মাতিসূক্ষ্ম ধ্বনিব্যঞ্জনা সেতারে ও কণ্ঠসঙ্গীতে ফুটিয়ে তোলার ব্যাপারে নোটনকে তালিম দিতে কবিকে তাঁর বাড়ীতে রোজই আসার আমন্ত্রণ জানান। প্রিয়দর্শিনী শিষ্যা উমা মৈত্র যখন সুরের অপূর্ব দ্যোতনা সৃষ্টি ক'রে সেতার বাজাতেন তখন তাঁর পাশে ওস্তাদ কবি অর্গানের রীডে সুনিপুণ আঙুল চালিয়ে সুরের সূক্ষ্মতম ব্যঞ্জনা সৃষ্টি করতেন। উভয়ে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে গাইতেন। আর মিস্টার ও মিসেস মৈত্র অপূর্ব সেই সঙ্গীতের শিল্প-সুষমা তন্ময় চিত্তে উপভোগ করতেন। কবি যতদিন ঢাকায় ছিলেন রোজ নিয়মিত প্রায় দু'ঘণ্টাব্যাপী এমনই মনোরম সঙ্গীত চর্চায় নিমগ্ন থাকতেন। শুধু সৌন্দর্য নয়, চারিত্রিক বৈশিষ্ট্যেও কুমারী উমা মৈত্র ছিলেন এক অভিজাত রমণী। যে-কোনো ওয়ার্ডসওয়ার্থের চোখে কাব্য-প্রেরণাদায়ী নিঝরিণী। ফ্যানটম অব্ ডিলাইট। নিবিড় আবেগে গানগুলো যে কবি মূর্ত করে তুলতেন সেই পরিচয়ই হুবহু তুলে ধরেছেন তাঁর "চক্রবাক"-এর 'গানের আড়াল' কবিতায় :

'তোমার কণ্ঠে রাখিয়া এসেছি মোর কণ্ঠের গান—
এইটুকু শুধু রবে পরিচয় ? আর সব অবসান ?
অন্তরতলে অন্তরতর যে-ব্যথা লুকায়ে রয়,
গানের আড়ালে পাও নাই তার কোনোদিন পরিচয় ?'

কবির গল্পগ্রন্থ "শিউলি মালা"-তেও এই সংযমী, স্বল্পবাক্ অথচ অন্তরঙ্গ উমা মৈত্রই ছায়া ফেলেছেন। নজরুল ইস্‌লাম "চক্রবাক"ও উৎসর্গ করেছেন নোটনের পিতা প্রিন্সিপাল সুরেন্দ্রনাথ মৈত্রকে।

### রাণু

রাণুর সঙ্গে কবির ঘনিষ্ঠতার নেপথ্য-কাহিনীটা এই রকম যে, ঢাকার নোটন ও রাণুর মতো ঢাকার টিকাটুলি এলাকায় লোটন ওরফে রেণুকা সেন নাম্নী আর এক কুমারীরও সঙ্গীত শিক্ষার দায়িত্বভার নিয়েছিলেন তাঁর অন্যতম সুরকার বন্ধু দিলীপ রায়। তাঁর ইয়োরোপ রওয়ানা হওয়ার আগে সম্ভবত তাঁরই মারফত কবির সঙ্গে রেণুকা সেনেরও আলাপ হয়ে থাকবে।

গ্রামোফোন রেকর্ডে রেণুকা সেন যখন খুবই জনপ্রিয়তা অর্জন করেছেন তখন নজরুল তাঁর অন্যতমা শিষ্যা ঢাকার বনগাঁ লেনের রাণু সোমকে দিয়ে আরো আকর্ষণীয় রেকর্ড করানোর ইরাদায় স্বরচিত সঙ্গীতে তালিম দেওয়ার সঙ্কল্প করলেন।

প্রতিভা সোমের কণ্ঠ এমনিতেই ছিলো খুবই সুরেলা। চড়া পর্দাতেও তাঁর গান খুবই মিষ্টি শোনাতো। আর কবিও তাঁর সঙ্গীত ভাণ্ডারে সুরের রাগ রাগিণীর যত বৈচিত্র্য ও গভীর সূক্ষ্ম কায়দা কানুন ছিলো তা সবই ঐকান্তিক উদ্যোগে রাণু সোমের কণ্ঠে তুলে দিতে যথাসাধ্য প্রয়াস চালালেন। ঢাকার বনগাঁ লেনের রাণু সোম নাম্নী এই প্রতিভাময়ী সাগরেদও তখন কবির ইজ্জত বজায় রাখার আপ্রাণ চেষ্টা করেছেন। এই উপযুক্তা শিক্ষার্থিনীটি চমৎকার দক্ষতায় তখনকার সমস্ত নজরুল সঙ্গীতের কলাকৌশল আত্মস্থ করতে সক্ষম হয়েছিলেন। কবি তাঁকে দিয়ে বেতারে ও গ্রামোফোন রেকর্ডে অনেক গানই গাইয়েছেন। স্মর্তব্য রাণুর কণ্ঠে মিশ্র ভৈরবী ও আশাবরী সুরে নজরুল ইস্‌লামের অন্যতম জনপ্রিয় গজল : 'কে বিদেশী মন-উদাসী বাঁশের বাঁশী বাজাও বনে।' রাণু সোমের খাতায় কবি যে-সব গান লিখে দিয়েছিলেন সেগুলোর মধ্যে আছে 'বসন্ত মুখর আজি', 'এলো বরষা শ্যাম সরসা প্রিয় দরশা' ইত্যাদি।

রথ-যাত্রার দু'দিন পর ২১ জুন ১৯২৮ : ৭ আষাঢ় ১৩৩৫ তারিখ বৃহস্পতিবার উক্ত খাতায় "শ্রীমতী রাণু সোম কল্যাণীয়াসু" এই সম্বোধন ক'রে কবি লেখেন : 'মাটির উর্ধ্বে গান গেয়ে ফেরে/স্বরগের যত পাখী,/তোমার কণ্ঠে গিয়াছে তাহারা/তাদের কণ্ঠ রাখি'।'

আর এরই মাত্র তিনদিন পর ২৪ জুন ১৯২৮ : ১০ আষাঢ় ১৩৩৫ তারিখ রবিবার রাত ১০টায় বনগ্রাম লেনে কতিপয় অবিবেচক ব্যক্তির তরফে কবির ওপর এক নাক্কারজনক হামলা চালানো হয়। ২৮ জুনের ডেট লাইনে সংবাদ সংস্থা 'ফ্রি প্রেস'-এর বরাত দিয়ে ৩০ জুন দৈনিক "বাঙ্গালার কথা"-য় ষষ্ঠ পৃষ্ঠায় চতুর্থ কলমে খবর :

**"কবি নজরুল ইস্‌লাম আহত**

"ঢাকা, ২৮ জুন—কয়েকদিন হয় কাজী নজরুল ইস্‌লাম এখানে আসিয়াছেন। গত রবিবার রাত্রি দশ ঘটিকায় বন্ধুগৃহ হইতে ফিরিবার সময় গুরুতররূপে আহত হইয়াছেন।—ফ্রি প্রেস।"

প্রতিভা বসুর কাছে শুনেছি, বাড়ীর অদূরে পথিমধ্যে বনগ্রাম লেনেই তাঁর ওপর আচমকা যে হামলা হয় কবি তা কেবল প্রতিহত নয়, পর্যুদস্তও করেছিলেন এবং আবার ফিরে এসে বিস্তারিত সব কিছু জানান। এমন আচমকা আক্রমণেও এতটুকু ভেঙে পড়েন নি। তাঁর বাবা তাঁকে পৌঁছে দিতে চাওয়া সত্ত্বেও সঙ্গে কাউকে নিতে রাজী হলেন না। হামলাকারীদের একজনের হাত থেকে ছিনিয়ে নেওয়া লাঠিটি সম্বল করে সেই রাতে একাই বর্ধমান হাউসে ফেরেন।

কার্তিক-পৌষ ১৩৫১-'র "কবিতা" : 'নজরুল সংখ্যা'য় বুদ্ধদেব বসু এই দুঃখজনক ঘটনার নিন্দা জ্ঞাপন ক'রে লিখেছেন :

'সে-বারে ঢাকায় সুধীজনের মধ্যে নজরুলকে নিয়ে কাড়াকাড়ি, জনসাধারণ তাঁর গান শুনে আত্মহারা, কেবল কতিপয় দুর্জন দুষমনের পক্ষে তাঁর প্রতিপত্তি এত দুঃসহ হ'লো যে, তারা শেষ পর্যন্ত তাঁর উপর গায়ের জোরের গুণ্ডামি ক'রে ঢাকার ইতিহাসে এক সঙ্গে অনেকটা কালি ঢেলে দিলে।'

যাঁর সঙ্গে তাঁর বিয়ের প্রথম উদ্যোগ ব্যর্থতায় পর্যবসিত হয়েছিল কুমিল্লার দৌলতপুরের সেই সৈয়দা খাতুনের এক চিঠির জবাবে কবি পরে এ প্রসঙ্গে লিখেছিলেন : 'আমারই অনুরোধে আমার ভক্তরা তাদের ক্ষমা ক'রেছিল। নৈলে তাদের চিহ্ন-ও থাকত না এ পৃথিবীতে।'

## নবম সফর

কবি তখন পুরোপুরি সুরের রাজ্যে। থাকেন কলকাতায় ৩৯ নম্বর সীতানাথ রোডে। সে সময় আজিজুল হাকিম মারফত নারায়ণগঞ্জ সঙ্গীত সংসদের যে-দাওয়াত পেলেন তা কবুল করে জবাব পাঠালেন যে, কতিপয় আর্থিক শর্তে ১৪ সেপ্টেম্বর ১৯৩৩ (২৯ ভাদ্র ১৩৪০) তারিখ বৃহস্পতিবার এবং এর পর দিন শুক্রবার তিনি ও আর পাঁচজন শিল্পী দু'রাতব্যাপী সঙ্গীত পরিবেশন করতে রাজী আছেন। সেবার কবির সঙ্গে ছিলেন অন্ধগায়ক কৃষ্ণচন্দ্র দে, ধীরেন্দ্রনাথ দাস, নলিনীকান্ত সরকার, আব্বাসউদ্দিন আহ্‌মদ এবং সঙ্গতিয়া রামবিহারী শীল।

এই দ্বিতীয়বার নারায়ণগঞ্জ সফরের সময় কবি নিশ্চয়ই ঢাকা সফরেও গিয়ে থাকবেন। ঢাকায় এটা তাঁর নবম সফর হওয়ার কথা।

## দশম সফর

কলকাতার ১৫ জি. হরি ঘোষ স্ট্রিটে থাকতে জুলাই ১৯৩৯ (আষাঢ় শ্রাবণ ১৩৪৬)-এ কবি দশমবার ঢাকা সফর করেন। সেবার ঢাকার বনগ্রাম রোডে অল ইণ্ডিয়া রেডিও'র পরিচালক সুনীল রায়ের বাড়িতে পিছনে দাঁড়ানো অবস্থায় আছেন বা দিক থেকে জনাব জামান, টি এইচ চৌধুরী এবং ডি গণি। ঢাকার নজরুল একাডেমী পত্রিকার ১৩৮৪-র নজরুল স্মারক সংখ্যায় চিত্র-পরিচিতিতে উল্লেখ করা হয়েছে যে, সুস্থাবস্থায় ঢাকায় তোলা এটাই কবির শেষ ছবি। কিন্তু এটাকে যে কবির সুস্থাবস্থায় শেষ ঢাকা সফর বলে উল্লেখ করা হয়েছে, সেটা সঠিক নয়।

## একাদশ সফর

কলকাতার ১৫ স্ট্রিটের বাসায় থাকতে ১২ ডিসেম্বর ১৯৪০ (২৬ অগ্রহায়ণ ১৩৪৭) তারিখ বৃহস্পতিবার কবি ঢাকা বেতার কেন্দ্রের বর্ষপূর্তি উপলক্ষ্যে দশম বার ঢাকা সফর করেন। এই উপলক্ষ্যে এদিন তাঁর রচনা, পরিচালনা ও অংশ গ্রহণে অনুষ্ঠিত হলো সঙ্গীত বিচিত্রা "পূবালী"। এই অনুষ্ঠানে অংশগ্রহণকারী অন্যান্য শিল্পীদের মধ্যে ছিলেন চিত্ত রায়, শৈল দেবী। বর্ণনায় ছিলেন বণেন কুশারী। "পূবালী"র অন্তর্ভুক্ত নজরুল সঙ্গীত সমূহের অন্যতম 'আমি পূরব দেশের পুরনারী।'

কবির এই একাদশবার ঢাকা সফর হপ্তাখানেকের বেশি ছিলো না। সুস্থাবস্থায় এটাই সম্ভবত কবির শেষ ঢাকা সফর।

এর বছর দেড়েক পর ৮ জুলাই ১৯৪২ তারিখ বুধবার গভীর রাতে কঠিন আঘাতে জখম কবিকে নাকি রাস্তার পাশে পড়ে থাকতে দেখে পুলিশ থানা হেফাজতে নিয়ে যান। কবি এ সময় দৈনিক "নবযুগ"-এর প্রধান সম্পাদক ছিলেন। গ্রীষ্ম ১৩৮৮'র ঢাকার "নজরুল একাডেমী পত্রিকা"য় 'স্মৃতির পরত খুলে' শীর্ষক স্মৃতিকথায় মোহাম্মদ কাসেম লিখেছেন যে, পুলিশ হেফাজতে থেকে উত্তরপাড়ার যুবকরা পর দিন বেলা দু'টোর পর কবিকে ১৫/৪ শামবাজার স্ট্রিটের বাসায় পৌঁছে দেন।

## দ্বাদশ বার

বাক ও লেখনীশক্তিহারা কবিকে তাঁর ৭৩-তম জন্ম বার্ষিকীর আগের দিন ২৪ মে ১৯৭২ : ১০ জ্যৈষ্ঠ ১৩৭৯ তারিখ বুধবার সকাল ১১টা বেজে ৪০ মিনিটে ফোকার ফ্রেণ্ডশিপ বিমানে দ্বাদশবার ঢাকা নিয়ে যাওয়া হলো। ভৃত্য কিশোর সাহু ও পুত্রবধূ উমা কাজীসহ কবি-পরিবারের অনেকেই সঙ্গে গেলেন। বিমানের অবতরণকাল সম্পূর্ণ গোপন রাখা সত্ত্বেও বিমানবন্দরে দর্শনার্থীদের এক নজিরবিহীন সমাবেশ হয়েছিল। ঢাকার তেজগাঁ বিমানবন্দরে নিরাপত্তা বেষ্টনী ভেঙে এগিয়ে আসা দর্শনার্থী বিশাল জনতাকে সামলানোর উদ্দেশ্যে কবির তৃতীয় পুত্র কাজী সব্যসাচী ইসলামকে মাইক্রোফোনে ঘোষণা করতে হলো : 'কবি অত্যন্ত অসুস্থ।'

সি-আই-টি বিল্ডিং, ফ্ল্যাট নম্বর ৪, ব্লক 'এল' ৪/২ ক্রিস্টোফার রোড, কলকাতা ৭০০০১৪'র ঠিকানা থেকে ঢাকার ধানমণ্ডি আবাসিক এলাকায় ২৮ নম্বর সড়কে ৩৩০ বি'র খোলামেলা সবুজ লনে ঘেরা এক দোতলা বাড়ীতে নিয়ে যাওয়ার পর সেই 'কবি ভবন'-এ গিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করলেন সে দেশের রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী এবং প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। রাষ্ট্রপতি ভক্তিনম্র কণ্ঠে ঘোষণা করলেন : 'আমি এসেছি সাড়ে সাত কোটি বাঙালী আর বাঙলাদেশ সরকারের তরফ থেকে মহান কবিকে শ্রদ্ধা জানাতে। কবি নজরুলের বাঙলাদেশ আগমন এক ঐতিহাসিক ঘটনা।' তিনি কবির রচনাবলী প্রকাশ এবং তা দেশের আগামী নাগরিকদের জন্য সংরক্ষণেরও আহ্বান জানালেন। প্রধানমন্ত্রী ঘোষণা করলেন : 'বাঙলাদেশ সরকার কবির জন্য মাসিক এক হাজার টাকা ভাতা মঞ্জুর করেছেন।'

পরদিন ১১ জ্যৈষ্ঠ কবির জন্মদিনে পঞ্চাশ হাজারেরও বেশি ভক্ত শ্রদ্ধা জ্ঞাপন করতে আসেন। কয়েকটি দুর্লভ মুহূর্তেরও সাক্ষী হয়েছিলেন তাঁরা। "দৈনিক সংবাদ"-এর প্রতিবেদন : "বাকহারা কবি সমাগত শিল্পীদের কণ্ঠে তাঁর গান শুনে এক সময় হেসে ওঠেন আবার কাঁদেন, আদর ক'রে শিল্পীদের পিঠে হাত বুলিয়ে দেন।....

'ফুলের জলসায় নীরব' ক্লান্ত কবির মুখে হাসি ফুটে উঠেছিল এবং স্মিতমুখে তিনি মালাগুলো নিচ্ছিলেন এবং যেন খুশী হয়ে সমবেত গায়ক গায়িকাদের দিকে ছুঁড়ে দিচ্ছিলেন।... তবলচী যখন তবলা বাজানো বন্ধ করেন, তখন তিনি ইশারা করে তাকে বাজাতে বলেন। মাঝে মাঝে তিনি শিল্পীদের দিকে ফুলের পাপড়ি ছুঁড়ে দেন।"

"দৈনিক ইত্তেফাক"-এর খবর : রাষ্ট্রের কর্ণধারসহ সর্বশ্রেণীর নাগরিক এইবার প্রথম বাঙলাদেশে কবির জন্মোৎসব নানান স্থানে জাতীয় মর্যাদায় উদযাপন করেন।

২৩ মার্চ ১৯৭৪ তারিখ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কবিকে ডি লিট খেতাবে ভূষিত করার যে সোপারিশ করলেন তা ১৩ এপ্রিল শনিবার সিণ্ডিকেটের মিটিঙে গৃহীত হলো।

৯ ডিসেম্বর সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় কবিকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদান উপলক্ষ্যে যে বিশেষ সমাবর্তন উৎসবের আয়োজন করেন সেখানে কবির প্রতি ভাইস-চ্যান্সেলর আবদুল মতিন চৌধুরীর উক্তি : 'হিন্দু ও মুসলমান, জাতিক ও আন্তজাতিক, উভয় ঐতিহ্যকেই আপনি আপনার স্বায়ত্তশাসিত চেতনার শব্দরূপে ব্যবহার করেছেন।'

২৫ জানুয়ারী ১৯৭৫ : ১১ মাঘ ১৩৮১ তারিখ শনিবার বঙ্গভবনে আয়োজিত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মাহমুদুল্লাহ্ কবিকে ডক্টরেট ডিগ্রী পত্রটি উপহার দিলেন।

বাঙলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে ২২ জুলাই ১৯৭৫ : ৫ শ্রাবণ ১৩৮২ তারিখ মঙ্গলবার কবির চিকিৎসার্থে বিশেষজ্ঞ সমন্বয়ে এক মেডিকেল বোর্ড গঠন করা হয়। আর এদিনই কবিকে তাঁর ইচ্ছার বিরুদ্ধে ধানমণ্ডি আবাসিক এলাকার ২৮ নম্বর সড়কের ৩৩০বি'র সবুজ লনে ঘেরা বাড়ীর দোতলা



শেষ শয়ানে

থেকে জবরদস্তি করে অ্যাম্বুলেন্সযোগে স্থানান্তরিত করা হলো পি জি হাসপাতালের ১১৭ নম্বর কেবিনে। ধানমণ্ডির খোলামেলা বাড়ীটিতে কবি খুবই স্বাচ্ছন্দ্য বোধ করতেন। সম্ভবত সে জন্যই দোতলা থেকে তিনি কিছুতেই নামতে চাইছিলেন না। 'জোর করে রেলিং আঁকড়ে ধরেছিলেন। হাত ছাড়িয়ে ফিরে যেতে চাইছিলেন তাঁর নিজ ঘরে, এ বাড়ী ছেড়ে যেতে চাইছিলেন না তিনি।' ডক্টর রফিকুল ইসলাম তাঁর গ্রন্থে এ বিষয়ে খুবই মর্মস্পর্শী বিবরণ দিয়েছেন। বাড়ীটি সে সময় জনৈকা মহিলার ব্যক্তিগত মালিকানাধীনে দেওয়ার বন্দোবস্ত হচ্ছিল। কারো কারো বিবেচনায় অনেকগুলো ভাল কাজের পর এ হয়তো এক গর্হিত কাজ। তবে এ-ও উল্লেখ্য যে, বাঙলাদেশে যাঁরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোনো কিছুই পছন্দ করেন না, তাঁরাও কবিকে ঢাকায় নিয়ে যাওয়ার ব্যাপারে তাঁর উদ্যোগের তারিফ করেন। সামরিক হাত বদলের পর বাড়ীটি পরে অবশ্য 'নজরুল ভবন' হিসাবেই বহাল হয়েছে। প্রেসিডেন্ট হোসেন মোহাম্মদ এরশাদের আমলে ১৯৮৫'র ফেব্রুয়ারী থেকে সেখানেই হয়েছে "নজরুল ইন্সটিটিউট"। উদ্যোগটা আসলে জিয়া সরকারই নিয়েছিলেন।

নজরুল বাঙলাদেশের জাতীয় কবি। প্রধান সামরিক আইন প্রশাসক জিয়াউর রহমানের শাসনামলে ১৯৭৬-এর জানুয়ারী মাসে কবিকে বাঙলাদেশের নাগরিকত্ব প্রদান করা হলো। অবশ্য বাঙলাদেশে কবি গিয়েছিলেন রাষ্ট্রীয় অতিথি হিসাবেই। কিন্তু সে দেশের জনগণের আবেগের কথা চিন্তা করেই হয়তো ভারত সরকার তাঁকে ফেরত আনার তেমন উদ্যোগ নেন নি। ১৯৭৫-এর ১৫ আগস্ট খন্দকার মোস্তাক আহমদের নেতৃত্বাধীন ফৌজী সরকার ক্ষমতাসীন হওয়ার পরেও নয়।

২১ ফেব্রুয়ারী ১৯৭৬ তারিখ শনিবার কবিকে 'একুশে' পদকে ভূষিত করলেন ফৌজী সরকার প্রধান জিয়াউর রহমান।

১১ জ্যৈষ্ঠ ১৩৮৩ (২৫ মে ১৯৭৬) তারিখ মঙ্গলবার কবির ৭৭তম জন্মবার্ষিকীতে ঢাকার পোস্ট গ্রাজুয়েট হাসপাতালের ১১৭ নম্বর কেবিনে গিয়ে সেনাবাহিনী প্রধান ও উপ-মুখ্য সামরিক আইন প্রশাসক মেজর জেনারেল জিয়াউর রহমান কবিকে বাঙলাদেশের সেনাবাহিনীর "আর্মি ক্রেস্ট" উপহার দিলেন।

কিন্তু এর মাত্র দু' মাস পরই কবি ব্রঙ্কো নিউমোনিয়ায় আক্রান্ত হলেন। সে সময় ২৪ আগস্ট ১৯৭৬ তারিখে দৈনিক "আনন্দবাজার পত্রিকা"য় এক গুরুত্বপূর্ণ চিঠিতে প্রখ্যাত বিশেষজ্ঞ চিকিৎসক ডাক্তার দ্বিজেন্দ্রনাথ রায়ের উক্তি :

'আমি ১৯৬৫ সাল থেকে কবির ব্যক্তিগত চিকিৎসক নিযুক্ত হই। কবির চিকিৎসা করতে এসে, কবিকে ভালো করে পরীক্ষা করে বুঝলাম, তাঁর একটি বিশেষ রোগে ভোগার জনশ্রুতি সম্পূর্ণ ভুল।

'আমি দিনের পর দিন নানাভাবে পরীক্ষা করে জানাতে পারলাম এই অসাধারণ কবির রোগও অসাধারণ। একটি বিশেষ রোগের যা লক্ষণ পা দুর্বল হয়ে যাওয়া তা কবির ছিল না। তিনি চমৎকার হেঁটে বেড়াতেন এবং এ-ঘর থেকে ও-ঘরে ভালোভাবেই যাতায়াত করতেন। কবির ব্রেনে কোনো জার্ম বা রক্তে এই বিশেষ রোগের কোনো লক্ষণ ছিলো না।....

'ঢাকায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যবস্থাপনায় ১৯৭২ সালে একটি চিকিৎসা টিমের হাতে কবির চিকিৎসার ভার দেওয়া হয়। এই টিমের অন্যতম সদস্য ডাঃ চৌধুরী আমার সঙ্গে পরামর্শ করে গিয়েছেন।'

বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত এই চিকিৎসা টিমের ফাইণ্ডিংসে সেই ১৯৪২-এর মাঝামাঝি থেকে তিন দশকেরও বেশি অসুস্থতার অর্থাৎ নিস্তব্ধ, নিশ্চুপ ও নিক্রিয় হয়ে যাওয়ার কারণ হিসাবে তাঁর ঘাড়ে এক কঠিন আঘাতের চিহ্নের উল্লেখ করে বলা হয়েছে যে, দায়ী অনুদার সমাজ, অনুদার সংস্কৃতি এবং অনুদার রাজনীতি। দেশবিভাগের বিরুদ্ধে দৈনিক "নবযুগ"-এ কবি-সম্পাদকের আপত্তির কথাই হয়তো এভাবে স্মরণ করা হয়েছে।

সোভিয়েত ইউনিয়নের তরফ থেকে চিকিৎসার্থে কবিকে নিয়ে যাওয়ার প্রস্তাব এলে তৎকালীন অর্থমন্ত্রী তাজুদ্দিন আহমদ সরকারী ফাইলে নোট দেন যে, এতে জনগণের মনে অতিরিক্ত আশার সঞ্চার হবে।

স্থায়ী হাসপাতাল-শয্যার বন্দী দশায় কবির স্বাস্থ্যের দ্রুত অবনতি ঘটেছিল।

২৭ আগস্ট ১৯৭৬ তারিখ শুক্রবার বিকেল চারটার দিকে কবির গায়ে সামান্য জ্বর আসে। পর দিন পহেলা রমজান শনিবার সকাল ১১টার পর কবির জ্বর বাড়তে থাকে। জ্বর ১০৩ ডিগ্রী পর্যন্ত ওঠে।

২৯ আগস্ট ১৯৭৬ : ১২ ভাদ্র ১৩৮৩ তারিখ রবিবার সকালে জ্বর আরো বাড়ে। একশ' পাঁচ ডিগ্রী ছাড়িয়ে যায়। কবি সে সময় অস্থিরভাবে করুণ চোখে কাকে যেন খুঁজছিলেন। তাঁর 'যাবার সময় হলো।'

কবির ব্যক্তিগত চিকিৎসক প্রফেসর ডাক্তার নাজিমুদ্দিন চৌধুরী আসেন ভারতীয় সময় সকাল ৮টায়। ডাঃ নূরুল ইসলাম এলেন সকাল পৌনে ন'টায়। সিস্টার বেগম শামসুন্নাহার মাহমুদ কবির মুখে চার চামচ পানি তুলে দেন। দীর্ঘ চৌত্রিশ বছরেরও বেশি অসুস্থতার পর কবির শ্বাস-প্রশ্বাস যখন বন্ধ হয় তখন ভারতীয় সময় সকাল ৯টা বেজে ৪০ মিনিট। প্রথমে ব্রাদার ওয়াহিদুল্লাহ্ ভূঁইয়া আচমকা চীৎকার করে ওঠেন : 'কবির শ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে গেছে।' মাত্র পনেরো মিনিটের মধ্যে ছুটে এলেন প্রেসিডেন্ট সায়েম, মেজর জেনারেল জিয়াউর রহমান, রিয়ার অ্যাডমিরাল মোশারফ হোসেনসহ সর্বস্তরের অসংখ্য মানুষ। কবির পুত্রবধূ উমা কাজী সেদিনও ঢাকায় ছিলেন। আর ছিলেন কবির বহু বছরের সাথী ও ভৃত্য কিশোর সাহু। ঢাকার পোস্ট গ্রাজুয়েট হাসপাতালে কবি মোট এক বছর এক মাস এক সপ্তাহ ছিলেন।

১১৭ নম্বর কেবিনের সম্মুখভাগ থেকে শুরু করে হাসপাতাল সংলগ্ন বিশাল এলাকা জুড়ে জমায়েত শোকাতুর জনগণের হাতে ফুল, লোবান, আগরবাতি আর দু'চোখ ভরা পানি। ঢাকার নজরুল একাডেমী পত্রিকার ১৩৮৪'র বিশেষ স্মারক সংখ্যায় 'শেষ সালাম' শিরোনামে আবদুল মুকীত চৌধুরীর এক বিবরণে দেখছি, জনতার নানান প্রশ্নের জবাবে কবির কেবিনের দায়িত্বভার প্রাপ্তা স্টাফ নার্স বিলকিস বেগম বলেছেন : 'আমরা আমাদের ছুটির দিনেও তাঁর পরিচর্যা করতাম। কবিও আমাদের সঙ্গ পছন্দ করতেন। কবি অত্যন্ত সতীর্থকাতর ছিলেন।....একদিন আমি এক মজার গল্প বলায় কবি খুশি হয়ে আমার পিঠ চাপড়ে দিয়েছিলেন।'

কবি ভবনের চৌকিদার মুজিবুর রহমানের বিবৃতি : 'কবিকে তাঁর পত্নীর কিংবা তরুণ বয়সের ছবি দেখালে তিনি হাসতেন। তাঁর গানের টেপ বাজালে কিংবা কোনো শিল্পী তাঁর সামনে বিশেষ কতকগুলো গান করলে তিনি কাঁদতেন।...ফুল দেওয়া হলে তিনি খুব খুশি হতেন।'

কবির বহুদিনের সাথী ও ভৃত্য কিশোর সাহু বলেছেন : 'বারো বছর বয়সে কবি পরিবারে এসে কবির আকর্ষণেই আমি এতো দীর্ঘদিন থেকে যাই। পক্ষাঘাতে আক্রান্ত হয়ে কবি-পত্নী মারা গেলে কবি দারুণ আঘাত পান। কবির স্বাস্থ্যের জন্য দীর্ঘদিন আমি আমার মা-বাবাকে দেখতে যাই নি। আজ সকাল বেলা দু'বার দীর্ঘশ্বাস ফেলে কবি আমার দিকে তাকিয়েছিলেন।'

পি জি হাসপাতালের স্টুয়ার্ট সৈয়দ নাসির আলী বললেন : "আমি কেবিনে ঢোকার সাথে সাথে কবি কাঁদতেন। আমি ভয় পেতাম। কবি কেন কাঁদতেন তা আমি বুঝতাম না।... আমরা তাঁকে কখনো রোগী হিসাবে দেখিনি, দেখেছি নায়েবে রসূল হিসাবে। তাঁর কবিতা, গান, গজল আমাদের মনে এই ভাবমূর্তি এঁকে দিয়েছে।"

দর্শনেচ্ছু জনতাকে লাইন করাতে পুলিশ হিমসিম খাচ্ছিলেন। বেলা পৌনে দশটায় কবির মরদেহ আউটডোরের দোতলা ঘরের উঁচু মঞ্চে এনে রাখা হলো।

বেলা দু'টো নাগাদ কবির লাশবাহী ট্রাক ছাত্র-শিক্ষক কেন্দ্রের পথে রওয়ানা হলো। শোকাতুর জনতার বিশাল মিছিল ঠেলে এই সামান্য পথটুকু আসতে সময় লেগেছে পুরো আধ ঘণ্টা।

জানাজা ও দাফনের আগে প্রেসিডেন্টের অন্যতম উপদেষ্টা কর্নেল এম এস হকের তত্ত্বাবধানে পি জি হাসপাতালের স্টুয়ার্ট সৈয়দ নাসির আলী কবিকে শেষ গোসল দেন। এর পর কবির লাশ নিয়ে বিশাল শোক মিছিল যখন সোহ্‌রওয়ার্দি উদ্যানের দিকে রওয়ানা হয়েছে তখন ভারতীয় সময় ৪টা। সোহ্‌রওয়ার্দি উদ্যানে বিকেল সাড়ে চারটায় বিশাল জনসমুদ্র এই মহান কবির নামাজে জানাজা পড়েছে। এই জানাজায় প্রেসিডেন্টসহ দেশের ক্ষমতাসীন তিন বাহিনীপ্রধান ছাড়াও শরীক হন বাঙলাদেশে নিযুক্ত পাকিস্তানী রাষ্ট্রদূত মোহাম্মদ খুরশীদ। আফগানিস্তানসহ অন্যান্য বহু মুসলিম দেশের রাষ্ট্রদূতও জানাজায় শরীক হন।

জানাজা শেষে দাফনের জন্য নিকটবর্তী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে যাঁরা লাশ বহন করে নিয়ে যান তাঁদের মধ্যে ছিলেন প্রেসিডেন্ট বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম, সেনাবাহিনী প্রধান ও মুখ্য সামরিক আইন প্রশাসক মেজর জেনারেল জিয়াউর রহমান, উপ-প্রধান সামরিক আইন প্রশাসক রিয়ার অ্যাডমিরাল মুশাররফ হোসেন খান, বিমান বাহিনীর সহকারী স্টাফ প্রধান এয়ার ভাইস্ মার্শাল এ জি মাহমুদ, বাঙলাদেশ রাইফেলস্‌প্রধান মেজর জেনারেল দস্তগীর ও রাষ্ট্রপতির উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদের পাশে কবির মরদেহ পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করার জন্য যখন আনা হয় তখন বিকেল পাঁচটা। অপেক্ষমাণ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের এক প্লাটুন সৈনিকের কাছে তখন ক্যামাণ্ড আসে : লাস্ট প্রেজেন্ট আর্মস্। একের পর এক বিশটি রাইফেল গর্জে ওঠে। গুলি ফায়ার শেষ হলে শ্রদ্ধার নিদর্শনস্বরূপ অবনমিত হয় রেজিমেন্টাল কালারস : রেজিমেন্টের নিজস্ব পতাকা। জুনিয়র টাইগার নামে পরিচিত সেকেণ্ড রেজিমেন্টের বিউগলে বেজে ওঠে লাস্ট পোস্ট তথা শেষ বিদায়ের করুণ সুর। একুশবার তোপধ্বনির সঙ্গে সঙ্গে কাফনের ওপর থেকে ফুলের স্তূপ সরিয়ে কবির লাশ যখন কবরে নামানো হয় তখনও তিন মিনিট ধরে কেঁপে কেঁপে বাজছিল বিউগলের লাস্ট পোস্ট। সমাধির পাশে দাঁড়িয়ে সামরিক সরকার প্রধান মেজর জেনারেল জিয়াউর রহমান কবির বিখ্যাত গান 'চল্ চল্ চল্'-কে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের রণসঙ্গীত হিসাবে ঘোষণা করলেন।

মসজিদের পাশে কবি সৈনিকের কবরে তখন সবাই ছড়িয়ে দেন এক মুঠো করে মাটি। বিভিন্ন প্রতিরক্ষা বাহিনীর তরফে সমাধিতে মাল্যদান সমাপ্ত হলে তিন বাহিনী-প্রধান কবি সৈনিককে শেষ সামরিক অভিবাদন জানান।

কবি নিজেই এক সময় লিখেছিলেন : 'মসজিদের পাশে আমায় কবর দিও ভাই।' তাঁর জন্মস্থান চুরুলিয়ার পীর পুকুরের পাশেও মসজিদ ছিলো। সেখানে এক সময় ইমাম ছিলেন তিনি নিজেই। তবু এ মসজিদের কথাও তিনি নির্দিষ্ট করে বলে যান নি। তবে যাঁকে লিখতে হয় 'নিজ বাস হলো চির-পরবাস, জন্মের ক্ষণ পরে', তাঁর নসীবটাই হয়তো আলাদা!

# ধূমকেতু আর দোলনচাঁপার ছুটি

সানাউল হক খান

দিনের পরে দিন গিয়েছে, তিনটি যুগের অন্ধকারে মরদেহের
স্নান সেরেছে
হয়নি তবু ধূমকেতু আর দোলনচাঁপার ছুটি;

যে ক'টি দিন কাছে ছিলো – এড়িয়ে ছিলাম সবাই কেমন
অন্ধ–অহংকারের নেশায়
এটাই যেন দীর্ঘ স্বভাবসূত্রে গাঁথা : চিরন্তন পঙ্গু – নিয়ম–
ষড়ঋতুর বধির কোলাহলে – – –

যে কটি দিন কাছে ছিলো
জীবন্মৃতের হিমাগ্নি চোখ বুলিয়ে দিতাম খেলাচ্ছলে,
বুলিয়ে দিতাম বিড়বিড়ে ঠোঁট :
অগ্নিবীণার বাঁশিটিকে লুফে নেয়ার মত্ত কাড়াকাড়ি,
মানবতার ভুক্তভোগী সে কোন্ যুবক উদাস চোখে দেখলো
শুধু––
ভালোবাসার খন্ডিত – রূপ দেয়ার মতো নগ্ন বাড়াবাড়ি !

যে কটি দিন কাছে ছিলো –
বধি এবং ভগবানের যুগল সাঁড়াশিতে কোনো জর্জরিত দুঃখী
পুরুষ

মুঠোয় আঁকড়ে থাকা – – –
যেদিন আমি হারিয়ে যাবো, বুঝবে সেদিন বুঝবে' – গানের
ফাঁকে ফাঁকে সবাই কেমন চোখ – টিপি দেয়, জন্মতিথির
রুগ্ণ আলিঙ্গনে,
পক্ষাঘাতের মৌণ ধূপে একজোড়া চোখ দেখলো ভুবন জুড়ে –
রূপ – কমলের কোমল শরীর বিশ শতকের বিভীষিকায় পোড়ে – –

যে কটি দিন কাছে ছিলো
সঙ্গী শুধু ভুল বিচারের নিক্তিখানি :
একটিতে যার একরতি ধন : স্বর্ণও নয়, রৌপ্যও নয় ––
প্রেমের যোগ্য মানিক ;
অন্যটিতে সেই জাগরণ : আপোষও নয়, বিরামও নয়,
অধিকারের রক্তমাখা ঘাম–
আজ অবধি কেউ পারেনি মেলাতে তার পুণ্য হিসেব খানি ।
সব আয়োজন ভাঙলো কেবল ক্রমাগত কালো দুর্ঘটনা ।

তাঁর অভিমান – ধূমকেতু আর দোলনচাঁপার ছুটি চেয়েছিলো
কিন্তু যারা মাটি এবং মাঠের মানুষ –
নজরবন্দী কবিতাকে মুক্ত করার দায়িত্ব নেয়,
তাঁদের হাতেই রইলো পড়ে
অগ্নিবীণা,
ধূমকেতু আর
দোলনচাঁপার
ব্যর্থ ছুটি চাওয়া!



# কাজী নজরুল ইসলামের প্রতি

শামসুর রাহমান

একদা কবিতা তার বুক নগ্ন করেছিলো আপনার চোখের সম্মুখে,
আপনি সে নগ্নতায় দেখেছেন নিজেরই মনের সূর্যোদয় ।
একদা কবিতা তার স্তনের গোলাপ কুঁড়ি চেয়েছিলো দিতে,
আপনি সে গোলাপের উজ্জ্বলতা ছেড়ে
কালবোশেখীর ঝড়ে চকিতে গেলেন ছুটে বাগ্মিতা নামের
দজ্জাল মেয়ের কাছে, যার ক্ষিপ্ত তুমুল নর্তনে স্বপ্নগুলি
পড়লো ছড়িয়ে ভাঙা ঘুঙুরের মতো ।

কতদিন হার্মনিয়ামের রীডে নিপুণ আঙুল
তন্ময় নাচেনি আর কতদিন কমিনীর ঠোঁটে
আঁকেন নি প্রগাঢ় চুম্বন !
এখন আপনি সেই যাত্রী আত্মভোলা, হঠাৎ যে নেমে পড়ে
ভুল ইস্টিশানে অবেলায় ।
তবু আপনার মতো কারুকেই চাই, চাই আজো নজরুল ইসলাম ।

সুপ্রভার তরঙ্গিত সুরের মতোই
হাওয়া ছুঁয়ে যায়
অস্তিত্বের তট,
এবং পবিত্র পাঙ্গুলীর দুটি অক্ষিগোলকের প্রসন্ন রশ্মির মতো
দিবালোক আসে,
প্রমীলার হাসির মতোই জ্যোৎস্না ঝরে আপনার
বুকের নির্জন মরু এবং পায়ের অন্ত:রীপে ।

তবুও বুকের মধ্যে কথা
নৈ:শব্দ্যের গভীর মোড়ক ছেঁড়া কথা
হয় না এখন উচ্ছ্বসিত ।
আপনার মগজের কোষে কোষে মৃত প্রতিধ্বনি কবিতার ?

কোন পুলিনের খুব স্মৃতিময় বকুল গাছকে
অনেক পেছনে ফেলে ছায়াচ্ছন্ন বারান্দায় শুধায় ফেরারী বুলবুল ঃ
কেমন আছেন নজরুল ইসলাম ?
কাবেরী নদীর জল, পদ্মার উত্তাল ঢেউ প্রশ্ন করে আজো ঃ
কেমন আছেন নজরুল ইসলাম ?
বাদুড় বাগান লেন এবং মন্মথ দত্ত রোড
বেলগাছিয়ার
প্রতিটি সকাল আর প্রতিটি সন্ধ্যায় করে প্রশ্ন ঃ
কেমন আছেন নজরুল ইসলাম ?
সারা বাংলাদেশের ব্যাকুল কন্ঠে সেই একই প্রশ্ন ঃ
কেমন আছেন নজরুল ইসলাম ?

# হে বিদ্রোহী এসো ফিরে

*জিয়াউর রহমান*

*দুরন্ত অপ্রশান্ত বৈশাখী বেশে*
*ঘন – মেঘ – কালো ঝাঁকড়া কেশে*
*অনন্ত অফুরন্ত শৌর্য বীর্যে পূর্ণ*
*অপূর্ণ জীবন, অন্নপূর্ণহীন, ছিন্নবন্ধন,*
*শির, শিখরী হে উদ্দাম, দস্যি দামাল কবি –*
*তব নব সনাতন সৃষ্টির প্রভা উদ্দীপ্ত ভাস্বর ।*

*হে ঐশী – প্রভাকর !*
*তব জীবন্ত সুকুমার প্রাণ*
*ছন্দে হিন্দোল সুললিত গান*
*তব সৃষ্ট সুকুমারশিল্প কথার*
*বিদ্রোহী জাগরণে জেগে উঠে যেন*
*সমুদ্র ফেনিল, বানে – তুফানে, জীবন সৈকতে ।*

*প্রতিজ্ঞা তব হে বিদ্রোহী রণ ক্লান্ত !*
*যবে রবে ভবে দুঃখ – ক্ষুধা, নাহি হবে তুমি শান্ত*

*রুদ্ধবাক্ অনন্ত অভিমানে*
*তবু করুণ নীরবে গেলে চলে*
*চার দশকের প্রতীক্ষার অন্তরালে*
*ভ্রান্ত পথিকের মত ক্লান্ত নয়নে*
*সচকিত হেরিলে অবহেলা*
*বিষাদ নিসর্গ ভবখেলা ।*

*হে শান্ত – দান্ত শ্রান্ত তব ক্লান্ত নয়ন কর উন্মীলিত*
*উৎকর্ণ কর অন্ত:কর্ণ তব, অন্ত:করণ কর উন্মোচিত –*

*দেখিবে হেথা, আজো – জরা জীর্ণতা,*
*শীর্ণতা মানসপটে, কুটিল পঙ্কিলতা,*
*হৃদয়–মনে আছে মিশে, বিষে*
*কুহেলিকাময় অন্ধকার আচ্ছাদনে ।*
*নাহি সাম্য হেথা, নাহি প্রেম – ভালবাসা,*
*নাহি সুমধুর স্বার্থহীন বন্ধন ।*
*শ্রেণীতে – শ্রেণীতে, জাতিতে – জাতিতে*
*এখনও হানাহানি কোন্দল –ক্রন্দন।*

*বর্ণ, ধর্ম নিয়ে মানুষে মানুষে বিভেদের হাঙ্গামা,*
*রণ দামামা তাই আজিও বাজিছে সেই ভীম রণভূমে*

*হে নিরব! আর নয় অভিমান,*
*নিরবতা বেমানান তব, এইক্ষণে*
*হে কবি! হোক তব নবজনম*
*এসো হে ভবে বিভবে পুনর্জনমে*

*নব রূপে, নিয়ে এসো তব তেজ:পুঞ্জ সুনিপুণ মসী*
*তপ্তকাঞ্চন তব কবিতার সবিতা রশ্মি*
*মানস – চৈতন্য জাগরণে, হে বিদ্রোহী কবি !*
*হে বিদ্রোহী এসো ফিরে*



# বিক্রীত ও বিকৃত নজরুল ইসলাম

*শক্তি সেনগুপ্ত*

॥ এক ॥

তাঁর কবিতার হাতল আছে। হাতের মুঠিতে ধরা যায়। মুরাপাত্রের মত। হাতুড়ি, শাবল, গাঁইতির মত। তিনি একই সাথে প্রণয় ও প্রতিবাদের জগতে বিচরণ করেন। তিনি স্বভাবকবি, নেশাগ্রস্ত উন্মত্ত প্রেমিক, নির্লজ্জ ও নির্ভীক, নৈরাজ্যবাদী, কল্পরাজ্যের বাসিন্দা। তিনি এস্টাব্লিশমেন্টের চক্ষুশূল। তাঁকে মুজরো দিয়ে ভুলিয়ে ভালিয়ে বশ করা যায় না। তাঁর কবিতা আর গান শুনতে লোকজনের ভীড় লেগে যায়। তিনি হৈ হৈ করে আসর জমিয়ে দেন। হো হো করে হাসেন। কোনো রাখো – ঢাকো নেই। মেকী আভিজাত্য নেই। কিন্তু, জাত Entertainer। সন্ধ্যা হলে চলে যান কেরানী বা ছাত্রদের মেসবাড়ীতে, গান ধরেন, “ *আজ তলোয়ার সে খেলেঙ্গে হোরি, জমা হো গয়ে দুনিয়া কা সিপাঈ। ঢালোঁও কি ডংকা বদন লাগি। তোঁপও কে পিচকারী। গোলা বারুদকা রঙ্গ বনিহেয়, লাগিহেয় ভারি লড়াঈ।* ” কিংবা, ছুটে যান কুলি – মজুরদের বস্তিতে, হিন্দী গান ধরেন, রকমারি সুরে। বেশীর ভাগই রবীন্দ্রসঙ্গীত গান। রবীন্দ্রনাথের বহু গান তাঁর মুখস্ত। তাঁকে ডাকলেই তিনি হাজির। তাঁকে প্রেমের গান গাইতে বলো, তিনি কখনও নিরাশ করবেন না, ধরবেন গান: “ *আমার ভুবন কান পেতে রয়, প্রিয়তম, তব লাগিয়া।* ” কিংবা, “ *পিয়া বিনা মোর জিয়া না মানে বদরী ছায়ী রে।* ” আবার, এস্টাব্লিশমেন্টের চোখে তিনি বন্য, হিংস্র, ক্রুদ্ধ যুবক। বাংলা সাহিত্যের Enfant terrible। তাঁর কলমে আগুন ছোটে: “ *হিংসাশী মোরা মাংসাসী, ভণ্ডামী ভালোবাসাবাসি, শত্রুকে পেলে নিকটে ভাই, কাঁচা কলিজাটা চিবিয়ে খাই।*” বাজারী পত্রিকায় পুজোসংখ্যার জন্য ফরমায়েসী লেখা লিখতে গিয়ে তাঁর হাতের কলম থমকে দাঁড়ায়। গর্জে ওঠেন তিনি: “ *আর কতকাল থাকবি বেটি মাটির ঢেলার মূর্তি আড়াল, স্বর্গ যে আজ জয় করেছে অত্যাচারী শক্তি চাড়াল।*” তিনি অনায়াসে মাঠ – ঘাট, খেত – খামার, কল – কারখানা থেকে “ছোটলোক” এর ভাষা তুলে এনে গান আর কবিতা লেখেন, পৌঁছে দেন “ভদ্দরলোক” বাড়ীর অন্দরমহলে। পুঁথি – পত্র, দৈনন্দিন জীবন থেকে বহু ব্যবহৃত আরবী – ফারসী শব্দ তুলে এনে কাব্য রচনা করেন: “ *আবু বকর উসমান উমর আলী হাইদার, দাঁড়ি যে এ তরনীর নাই ওরে নাই ডর! কান্ডারী এ তরীর পাকা মাঝি মাল্লা, দাঁড়ি – মুখে সারি গান লা শরীক আল্লাহ!* ” শব্দ আর ছন্দের আশ্চর্য্য প্রয়োগ! শব্দে শব্দে মিল ঘটানোয় তাঁর জুড়ি মেলা ভার। সাহিত্য – জগতে হুলস্থুল পড়ে যায় তাঁকে নিয়ে। তরুন, বৃদ্ধ সবাই তাঁকে দলে টানতে চায়, তাঁর পাশে পাশে ঘোরে। তাঁর চারপাশে পুলিশেরও আনাগোনা। কিন্তু, ভবঘুরে মানুষটিকে কেউই কব্জা করতে পারে না। খাওয়ার পয়সা নেই, আশ্রয় নেই – এখানে ছোটো ওখানে ছোটো – অবশেষে সব জুটে যায়। কেননা তিনি বাঙ্গালীর সবচেয়ে প্রিয় কবি, গান আর সুরের রাজা; বাংলা সাহিত্যের প্রথম ''Angry young man"। কারারুদ্ধ অবস্থায় অনশন করায় রবীন্দ্রনাথ তাঁকে টেলিগ্রাম পাঠান: " Give up hunger strike, our literature claims you। " বন্ধুর ছদ্মবেশে প্রবঞ্চকেরা ঘোরে তাঁর আশেপাশে। তাঁর দাপটে কাবু হয়ে বয়োজ্যেষ্ঠ মোহিতলাল মজুমদার ছল করে লেখেন: ''*সর্পদন্ত মৃতসব মরিয়াও হইবি অমর, শব হয়ে জাগিবিরে মৃত্যুহীন মরণ–বাসর।* ” তিনিও কম রসিক নন। পাল্টা জবাবে লেখেন “ ***সর্বনাশের নেশা*** ”। সব শ্রেণীর মানুষের সাথেই তাঁর আদান – প্রদান চলে। ক্রমশঃ তিনি হয়ে ওঠেন জীবন্ত Myth, স্বপ্ন – সত্য – খাদ্য – বস্ত্র – প্রণয় – মানবিকতা – ক্রোধের কবি। তিনি শুধু *“গণ–সংস্কৃতির”* প্রতিমূর্তি নন, তিনি নিজেই *“গণ–সংস্কৃতি”*।

যুক্ত হওয়া, দু-হাজারেরও বেশী গান রচনা, স্বরচিত গানে সুরারোপ করা - এসবের মাধ্যমে শিল্পী নজরুল অন্য এক দিগন্তের সন্ধান করেন। শব্দ - ছন্দ - ভাবের জাদুকর হয়ে ওঠেন সুরের জাদুকর।

নজরুলের জীবন অসমাপ্ত, তাঁর সাহিত্যের মূল্যায়নের কাজও অসমাপ্ত। তাঁকে, আমাদের চিরাচরিত অভ্যাস অনুযায়ী রবীন্দ্রনাথের সাথে তুলনা করাটা যেমন ভুল, তেমনি ভুল ইতিহাস -সমাজ - ঐতিহ্য - দেশ - কাল ও ব্যক্তি নজরুলকে বাদ দিয়ে তাঁর সাহিত্যের বিচার। তিনি রবীন্দ্রনাথের সমকক্ষ নন। সমকক্ষ হওয়ার সুযোগও তিনি পাননি। বিক্ষুব্ধ জীবনের তাড়নায়, দারিদ্র্যের জ্বালায়, প্রবঞ্চণার বিষে ক্ষত - বিক্ষত - জর্জরিত রণক্লান্ত সৈনিক নজরুল গানে ও কবিতায় রবীন্দ্র-বিরোধী এক ধারার প্রবর্তন করেছেন - করেছেন অত্যন্ত সচেতন ভাবেই। একজনের জন্য তৈরী হয়েছে বিশ্বকবি - সম্রাটের আসন, রবিলোক - আর একজনের জীবন কেটেছে পথে-ঘাটে, দীনের কুটিরে। রবীন্দ্রনাথ তৈরী করেছেন বিশাল সাম্রাজ্য, আর নজরুল তৈরী করেছেন সাঁকো। ঐতিহ্য ও আধুনিকতার মাঝের সাঁকো।

এই সাঁকো পেরিয়েই আজও নজরুলের প্রতিনিয়ত আনাগোনা আমাদের জীবনে ও সাহিত্যে।



# প্রসঙ্গ : উচ্চাঙ্গসঙ্গীত ও নজরুলগীতি

*মো: গোলাম সোহরাব*

কবি কাজী নজরুল ইসলামের গান সম্পর্কে বলতে গেলে উচ্চাঙ্গ সঙ্গীত বা শাস্ত্রীয় সঙ্গীতকে বাদ দিয়ে কিছু বলা কঠিন। অবশ্য তার মানে এ নয় যে নজরুলের সব গানই উচ্চাঙ্গসঙ্গীত ঘেষা। রাগ আশ্রয়ী গান ছাড়াও তার কাব্যসঙ্গীত, প্রেমগীতি, ঋতুভিত্তিক, হাসির গান, কোরাস, দেশাত্মবোধক গান, গণসঙ্গীত, তরুনের গান, মার্চ সঙ্গীত, জাগরণী গান, শ্যামাসঙ্গীত, ইসলামী, কীর্ত্তন, ভক্তিগীতি, শিশু সঙ্গীত, নৃত্যসঙ্গীত, লোকগীতি, ভাটিয়ালী, ভাওয়াইয়া, ঝুমুর, সাঁওতালী, লাউনী, কাজরী, বাউল, মুর্শিদী বা কাওয়ালী ইত্যাদি নানা ধরনের গান আছে। তবে খেয়াল, রাগপ্রধান, ঠুংরি বা গজল ইত্যাদি রাগ আশ্রয়ী গান ছাড়া অন্য সব নজরুলের গানেও প্রচ্ছন্নভাবে হলেও রাগ রাগিনীর প্রভাব অত্যন্ত স্পষ্ট।

নজরুলের উচ্চাঙ্গসঙ্গীত প্রীতি ও তার গানে শাস্ত্রীয় সঙ্গীতের ব্যবহারের ব্যাপকতা, বৈশিষ্ট্য ও তাৎপর্য্য নিয়ে কিছু বুঝতে গেলে আমাদের শাস্ত্রীয় সঙ্গীতের ইতিহাস নিয়ে একটু নাড়াচাড়া করতে হবে। উপমহাদেশে মুসলমানদের পদার্পনের আগে ধ্রুপদই ছিল ভারতীয় রাগসঙ্গীতের আদি রূপ। ধ্রুপদের সুর পূর্ব - নির্দ্দিষ্ট - যে সুরের বাইরে যাওয়া নিষিদ্ধ। মুসলমানগনই প্রথম ধ্রুপদের সীমাবদ্ধতাকে ভেঙ্গে প্রবর্তন করেন খেয়াল ও আরো সহজতর ঠুংরি। খেয়াল বা ঠুংরিতে কন্ঠের কসরৎ দেখানোর সুযোগ আছে - আছে স্বাধীনতা যা ধ্রুপদের বেলায় নেই। ধ্রুপদ দক্ষিণ ভারতীয় (কর্ণাটক) হিন্দু ঘরানার সৃষ্টি, আর খেয়াল, ঠুংরি উত্তর ভারতীয় ( লক্ষ্মৌ ) মুসলমান ঘরানার অবদান।

বাংলা সঙ্গীতের দুই দিকপাল রবীন্দ্রনাথ ও নজরুল ইসলাম ছিলেন সঙ্গীত আকাশের দুই চন্দ্র-সূর্য্য। এদের উত্তরসূরী হিসেবে দ্বিতীয় সারিতে রয়েছেন দ্বিজেন্দ্রলাল রায়, রজনীকান্ত সেন ও অতুলপ্রসাদ। কবিগুরু রবীন্দ্রনাথের গানের সুরের ভিত্তিভূমি হলো ধ্রুপদ। তার গানের সুরে বিষ্ণুপুরি ধ্রুপদের ছাপ সুস্পষ্ট। রবীন্দ্রনাথের গান সুরের চেয়ে বাণী প্রধান। তাছাড়া তিনি ছিলেন হিন্দু ঐতিহ্যসমৃদ্ধ দক্ষিণ ভারতীয় সঙ্গীত ধারার মুখপাত্র। বিপরীতে নজরুল ইসলামের গানের সুরের ভিত্তিভূমি হলো খেয়াল ও ঠুংরি - উত্তর ভারতীয় মুসলিম সঙ্গীত সুধায় অবগাহী, উদারপন্হী, সুরের স্বাধীনতায় পক্ষপাতী, শাস্ত্রীয় কিন্তু বন্ধনহীন। দ্বিজেন্দ্রলাল রায়ের ( ডি, এল, রায় ) গানের বৈশিষ্ট্য বাংলা গানে খেয়ালের অনুপ্রবেশ, খেয়াল ও টপ্পার সংমিশ্রণে *'টপ-খেয়াল'* সৃষ্টি; কোরাস ও দেশাত্মবোধক গান। এ ছাড়া তার বিশেষ এক অবদান রয়েছে *'থিয়েটারী গান'* সৃষ্টিতে। রজনীকান্তের গানের সুর বা বাণীর কোন জটিলতা নেই। সুর ও বাণী সরল ও সাধারণ, যেমন ছিল রামপ্রসাদের গানে ( রামপ্রসাদী )। তার গান বেশীর ভাগই ঈশ্বর প্রেমানুভূতির আবেগে রচিত। অতুলপ্রসাদের গানের বাণী ভাবের ক্ষেত্রে রবীন্দ্রনাথের অনুগামী। বাণীর ক্ষেত্রে অবশ্য জটিলতা নেই। কিন্তু জীবিকার প্রয়োজনে যেহেতু তিনি উত্তর ভারতের লক্ষ্মৌতে প্রবাসী ছিলেন সেহেতু সুর সৃষ্টিতে তিনি রবীন্দ্রনাথের অনুগামী না হয়ে ধ্রুপদ থেকে সরে এসে নজরুলের মত খেয়াল ও ঠুংরি অবলম্বন করেছেন। তবে এক্ষেত্রে লক্ষ্যনীয় যে ঠুংরির যে কারুকাজ সুরের মাধুর্য্য বৃদ্ধি করে তিনি শুধু সেটুকুই বাংলা গানে ব্যবহার করেছেন। কিন্তু ঠুংরিতে যে সুর বিস্তার তা তিনি সযত্নে পরিহার করেছেন। এদিকে কাজী নজরুল ইসলাম সে সুরবিস্তার গ্রহণ করেছেন সুরের স্বাধীনতার জন্য। মূলতঃ বাংলাগানে নজরুলের পূর্বে খেয়াল ও ঠুংরির স্বাধীন ব্যবহার এত ব্যাপকভাবে কোনদিন হয়নি।

নজরুল শাস্ত্রীয় সঙ্গীতের কোন বিশেষজ্ঞ ছিলেন না ঠিকই কিন্তু গানের ভুবনে পদচারণা করতে করতে ভারতীয় মার্গ সঙ্গীতের রাগ রাগিণীর উপর তার একটা বিশেষ জ্ঞান ও ধারণা গড়ে উঠেছিল। এবং সেটা হয়ত সম্ভব হয়েছিল তার অসাধারণ প্রতিভার কারণে। চারিত্রিক অস্হিরতা ও বৈশিষ্ট্যের

কারণেই কোন ওস্তাদের কাছে বছরের পর বছর ধরে ধারাবাহিকভাবে অনুশীলন গ্রহণ করা তার পক্ষে হয়ত সম্ভব হয়নি। কিন্তু তবু বেশ ক'জন গুনী ওস্তাদের সান্নিধ্যে নজরুল এসেছিলেন যাদের মধ্যে বিশেষভাবে ঠুংরি – সম্রাট ওস্তাদ জমিরুদ্দিন খান, ওস্তাদ কাদের বক্স, মস্তান গামা ও মঞ্জু সাহেবের নাম উল্লেখযোগ্য। উচ্চাঙ্গসঙ্গীতে পারদর্শী ছিলেন বলেই হয়ত তার পক্ষে নতুন কিছু রাগ রাগিণী সৃষ্টি করাও সম্ভব হয়েছিল। *"বেণুকা ওকে বাজায়"* ( রাগ: **'বেণুকা'**–নজরুলের সৃষ্টি ) ও *"দোলনচাঁপা বনে দোলে"* ( রাগ: **'দোলনচাঁপা'**– নজরুলের সৃষ্টি ) গান দুটির বেলায় নজরুল মন্তব্য করেছিলেন "যারা মনে করেন যে হিন্দী ছাড়া বাংলা ভাষায় খেয়াল, ধ্রুপদ ইত্যাদি হতে পারে না, আমার এ গান দুটির সুর সমাবেশ ও তালের, লয়ের ও ছন্দের কর্তব্য, তাদের সে ধারণা পাল্টে দেবে। গানের আঙ্গিক ও মিউজিকাল টেকনিক বজায় রেখেও এই শ্রেণীর গান কত মধুর হতে পারে, আশা করি আমার এ গান দুটি তা প্রমান করবে।" যারা গান দুটো শুনেছেন তারাও হয়ত নজরুলের এ মন্তব্য নিয়ে দ্বিমত পোষণ করবেন না।

উপরের দুটি রাগ ছাড়াও নজরুল সৃষ্ট নবরাগের মধ্যে রয়েছে **দেবযানী, মিনাক্ষী, অরুণ রঞ্জণী, নিঝরণী, রূপমঞ্জুরী, সন্ধ্যামালতী, বনকুন্তলা, অরুণ ভৈরব, শিবানী ভৈরব, উদাসী ভৈরব, রুদ্র ভৈরব, যোগিনী, আশা ভৈরবী** ইত্যাদি। নতুন রাগ রাগিণী সৃষ্টি ছাড়াও নজরুল বহু অপ্রচলিত রাগ রাগিণীকে নতুন করে শ্রোতাদের সামনে তুলে ধরতে গিয়ে বিখ্যাত কিছু গান রচনা করেছেন। যেমন *"বসন্ত মুখর আজি"* ( রাগ: **বসন্ত মুখারী** ), *"আমি পথ মঞ্জুরী, ফুটেছি আঁধার রাতে"* ( রাগ: **পটমঞ্জুরী** ), *"নীলাম্বরী শাড়ী পরে"* ( রাগ: **কর্ণাটি সামন্ত** ), বা *"পরদেশী মেঘ যাওরে ফিরে"* ( রাগ: **সিংহেন্দ্র মধ্যমা** ) ইত্যাদি।

নজরুল তার অসাধারণ প্রতিভা বলে একই গানে একাধিক রাগ রাগিণীর সংমিশ্রণ এত নৈপুন্যের সাথে ব্যবহার করেছেন যা অতিজ্ঞানী কোন ওস্তাদ মহাপুরুষ ব্যতীত হয়ত কোনদিন সম্ভব হতো না। এ ক্ষেত্রে দু'একটা উদাহরণ দেয়া যেতে পারে। যেমন *''ছাড়িতে পরান নাহি চায়"* – এ গানটিতে ব্যবহৃত হয়েছে রাগ **'জয়জয়ন্তী'** ও **'খাম্বাজ'**, *'কেন কাঁদে পরান কি বেদনায়'* গানটিতে ব্যবহৃত হয়েছে রাগ **'বেহাগ'**, *'তিলক কামোদ'* ও *'খাম্বাজ'*, *'চেয়োনা সুনয়না আর চেয়োনা'* – এ গানটিতে ব্যবহার হয়েছে রাগ **'বাগেশ্রী'** ও **'পিলু'**, আবার *'সন্ধ্যামালতী যবে ফুলবনে ঝুরে'* গানটির আরোহীতে ব্যবহৃত হয়েছে **'ভীমপলশ্রী'** আর অবরোহনে ব্যবহার করা হয়েছে **'ভৈরবী'**। রাগ আশ্রয়ী নয়, যেমন ধরুন নজরুলের বিখ্যাত কোরাস গান *'দুর্গম গিরি কান্তার মরু'* অথবা বিখ্যাত বিপ্লবী গান *'কারার ঐ লৌহ কপাট'* – এ গান দুটোতেও প্রচ্ছন্নভাবে আমরা যথাক্রমে রাগ **'ইমন'** ও **'কেদারা'** এবং **'ইমন'** ও **'বিলাবল'** রাগের আমেজ পাই – যে কথা আমি ইতিপূর্বেই উল্লেখ করেছি। এতক্ষণ আমি যে উদাহরণগুলো দিয়ে গেলাম সেগুলো নজরুল সৃষ্ট খেয়াল, রাগপ্রধান বা ঠুংরি অঙ্গের গানগুলোর অতিরিক্ত। নজরুলের রাগ আশ্রয়ী মূল গানগুলোর উদাহরণ দিতে গেলে হয়ত এত অল্প কলেবরে তা দেয়া সম্ভব হবে না – এ কারণেই সযত্নে প্রসঙ্গটি আমি এড়িয়ে গেলাম। আমাদের জানামতে এমন কোন রাগ রাগিণী হয়ত নেই নজরুলের গানে যার স্পর্শ একেবারেই লাগেনি। বাংলা সঙ্গীতের ক্ষেত্রে কাজী নজরুল ইসলাম তাই গৌরবোজ্জ্বল মুসলিম ঘরানা সৃষ্ট শাস্ত্রীয় সঙ্গীতের সার্থক উত্তরসাধক।



# কাজী নজরুল ইসলাম

*খোন্দকার আলমগীর*

চল্লিশ – দশকের মাঝামাঝি সময়ে নজরুল ইসলামের কবিতার সাথে প্রথম পরিচয়। তখন কবিতা তেমন ভাল করে বোঝার বয়সও হয়নি; বড়রা পড়তেন উচ্চস্বরে – অনেকটা আবৃত্তির ঢংয়ে। রোমাঞ্চ অনুভূত হত শুনে। শব্দের ঝংকারে ও পংক্তির মিলে একাকার হয়ে যেতাম। উঁচু ক্লাসের ছেলেদের মধ্যে দেখেছি আগ্রহভরে এ সব কবিতা মুখস্ত করার প্রতিযোগীতা। হাত – পা নেড়ে লাফিয়ে ঝাঁপিয়ে উঠতেও দেখতাম এঁদের। মজা পেতাম খুব।

নবম – দশম শ্রেণীতে উঠতেই আমরাও আবিষ্কার করলাম কবি নজরুল ইসলামের কিছু কবিতা। কাগজে খবর বের হচ্ছে – কবির নাম বিদ্রোহী কবি। বৃটিশরাজ তাঁকে জেলে পুরেছে। কবিতার বই ছাপানো বা প্রকাশ করা নিষিদ্ধ হয়েছে সরকার থেকে। আমরা সে কথার কি খুব গুরুত্ব দিয়েছি তখন? মোটেই না। কখনও কেউ ভয়ও পায় নি এই সব নিষিদ্ধ কবিতাগুলো চেঁচিয়ে চেঁচিয়ে পড়তে। স্কুলে যেতে ও বাড়ী ফিরতে গন্ডায় গন্ডায় ছেলেরা ভীষণ চীৎকার জুড়েই ত বিভিন্ন কবিতার অংশ আবৃত্তি করতে করতে হাঁটতাম। বয়স্করাও কিন্তু কখনও বারণ করেন নি এমন বেপরোয়া চীৎকারকে। দেশ জুড়ে তখন স্বাধীনতা আন্দোলনের জোয়ার। নানা কর্মসূচী বিভিন্ন রাজনৈতিক দল, সংগঠন থেকে। সুভাষ বসুর গড়া ভারতীয় জাতীয় বাহিনীর অনেক সেনাপতি ও নেতাদের ধর – পাকড়, খোঁজ–খবর চলছে। কারো বিরুদ্ধে হুলিয়া; অনেকে জেলে। বিচারাধীন অনেকেই। ধিক্ ধিক্ করে বাম রাজনৈতিক দলের সমর্থকরা বাড়ছে। ছোট ছোট মার্কসীয় পুস্তিকা বিলি হচ্ছে। সাথে হচ্ছে নানান ইস্তেহার। এর সাথে চলছে কংগ্রেস ও মুসলিম লীগের নানান ঝগড়া – বিবাদ। ইংরেজরাজের টোপ গেলাগেলির মহরত দু – দলে। আপোষ – রফার স্বাধীনতা লড়াইও চলছে দুই বৃহৎ দল – কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে। এই এক সময়ে দেশে সাম্প্রদায়ীকতার বিষও ছড়াচ্ছে বেশ তেজের সাথেই।

এমন এক রাজনৈতিক পরিবেশে আমাদের পরিচয় কাজী নজরুলের কবিতার সাথে। তাঁর বিদ্রোহী কবি আখ্যায়িত হওয়ার কারণেই আমরা খুঁজে ফিরি সেই সব কবিতা ও গান –যেখানে তিনি বিদ্রোহী। বৃটিশরাজের বিরুদ্ধাচরণ করে বিদ্রোহ ও বিপ্লবের কথা লিখেছেন, লিখেছেন অত্যাচারী জমিদার, শোষক মহাজনদের বিরুদ্ধে। শোষিত জনসাধারণের পক্ষে, নিপীড়িত মানুষের ফরিয়াদ, বঞ্চিত মানুষের কন্ঠকে বলীয়ান করার লক্ষ্যে তাঁর লেখা থেকে যে অগ্নিকণা ঝরতে থাকে তাকেই আমরা প্রথম জানলাম সেই বয়সে। জেনেছি, কিন্তু এখনও জানার শেষ হয়নি। প্রতিবাদ করা শিখেছিলাম। কিন্তু এখনও প্রতিকার করা হয়নি। এই কবি লেখাজোখার অন্যান্য অঙ্গনেও সহজ – সরল চলাফেরা করে প্রতিষ্ঠিত হয়েছেন। তিন হাজারের উপরে ত গানই লিখেছেন – যার মধ্যে প্রেমের গান, হামদ্, নাত, কীর্ত্তন – ইত্যাদি ত রয়েছেই, যার সাথে রয়েছে আন্তর্জাতিক শ্রমিকদেরও গান। সামরিক বাহিনীর জন্য কুচ্ – কাওয়াজেরও গান – যার একটি এখন বাংলাদেশ সামরিক বাহিনীর জন্য নিয়োজিত। আছে ছাত্রদের জন্য গান এবং সংগ্রামী মানুষকে সংগ্রামে উদ্বুদ্ধ করার গান। আছে বহু গজল। এ সব নিয়ে বহু আলোচনা ও কত শত নিবন্ধ সুধী ও বিজ্ঞজনেরা গত কয়েক দশক ধরে আলোচনা করেছেন ও লিখেছেন।

আজকের এই স্বল্প পরিসরের আলোচনায় শুধু বিদ্রোহী কবিকে নিয়েই থাকতে চাই – কেননা সেই হিসেবেই তাঁকে প্রথম জেনেছি। তবে তারও চেয়ে বড় কারণ সেই প্রতিবাদী কন্ঠ আজ নতুন করে মূল্যায়ণের অপেক্ষা রাখে। কেননা পৃথিবী থেকে সেই বঞ্চণা, অত্যাচার, অবিচার, ক্ষুধা, নিরাশ্রয়তা, শোষণ ইত্যাদি আজও নিশ্চিহ্ন হয় নি। কখনও কখনও মনে হয় যেন এসব বেড়েছে। নতুন নতুন কায়দায় দেশে বিদেশে আবির্ভূত হয়েছে। তাই এই বিদ্রোহী কবির *"বিদ্রোহী"* কবিতার এক অংশকে বার বার মনে পড়ে –

*মহাবিদ্রোহী রণক্লান্ত*
*আমি সেই দিন হব শান্ত*
*যবে উৎপীড়িতের ক্রন্দনরোল আকাশে বাতাসে ধ্বনিবে না,*
*অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণভূমে রণিবে না –*
*বিদ্রোহী রণ – ক্লান্ত*
*আমি সেই দিন হব শান্ত।*

পৃথিবীর যে কোন দেশের দিকেই তাকাই না কেন সর্বত্রই শুনতে পাই এই উৎপীড়িতের কান্না– তাই নজরুলের বিদ্রোহী আত্মা এখনও শান্ত হতে পারছে না। আমরা যারা তাঁর কথাগুলোর কিছুটা অন্ততঃ হৃদয়ে ধারণ করতে চাই – তারা এজন্যে সজাগ থাকব না কি? রণে ক্লান্ত হলেও চলবে না। শান্তও থাকা চলবে না। তা আমরা পৃথিবীর যে কোন দেশেই থাকি না কেন। বাংলাদেশে উৎপীড়িতের সংখ্যা শতকরা আশীভাগ বলে বিদ্রোহী সংগ্রাম আরো দীর্ঘ হবে, সন্দেহ নেই।

হতাশাগ্রস্ত মানুষ বা জাতির জন্য সাহস ও শক্তির প্রয়োজন। হতোদ্যম না হয়ে সংগ্রাম মুখর করে তুলতে তাঁর রচিত '*'কাণ্ডারী হুশিয়ার"* জাতীয় গানের প্রয়োজন এই সময়ে। সর্বদেশে সর্বকালেই এমন সংকটময় কাল থাকেই। এ থেকে উত্তরণের জন্যও আমরা অভয় বাণী পাই কবির কণ্ঠে – *'কাণ্ডারী হুশিয়ার'* গানের শেষ কয়টি ছত্রে:

*ফাঁসীর মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান*
*আসি অলক্ষে দাঁড়ায়েছে তারা, দিবে কোন বলিদান?*
*আজি পরীক্ষা জাতির অথবা জাতেরে করিবে ত্রাণ?*
*দুলিতেছে তরী, ফুলিতেছে জল, কাণ্ডারী হুশিয়ার ।*

কাজী নজরুল ইসলামের বহু কবিতা, যেমন সর্ব্বহারা, সাম্যবাদী, নারী, ফরিয়াদ, মানুষ, বারাঙ্গণা, কুলি – মজুর, আমার কৈফিয়ত ইত্যাদি কবিতাগুলো যখন তিনি লেখেন তখন তাঁর রাজনৈতিক মতাদর্শের এক স্বচ্ছ প্রতিফলন পড়ছে বলে মনে হয়। কমরেড মোজাফ্ফর আহমদের সাথে গভীরভাবে জড়িত ছিলেন জীবনের এক বিরাট অধ্যায়ে। মার্কস – এঙ্গেলস – এর ভাবাদর্শে উদ্বুদ্ধ কবি মানুষের জন্য তাঁর লেখনী ধরবেন – তাতে আশ্চর্য্যের কিছু নেই। উৎপীড়িত, অত্যাচারিত, বঞ্চিত মানুষের পক্ষে এমন সোচ্চার লেখা তখন আর কেউ লেখেন নি। এর জন্য জীবনের সুখ স্বাচ্ছন্দ্য বিসর্জন দিয়ে সার্বক্ষণিক এক অতন্দ্রপ্রহরী হয়ে জন – জীবনের সেবায় নিয়োজিত ছিলেন। সামাজিক, বিশেষ করে, আর্থ – সামাজিক পরিবর্তনের জন্য একজন দায়বদ্ধ কবি – লেখক হিসেবে তাঁর কর্ত্তব্য ও দায়ীত্ব এত সুচারুরূপে পালন করেছিলেন বলে আজ জাতি, দেশ ও পৃথিবীর মানুষ এত উপকৃত হয়েছে।

বাংলাদেশের বর্তমান রাজনৈতিক ও আর্থ–সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে কাজী নজরুলকে আমাদের প্রয়োজন যেন শতগুন বেড়ে গেছে। কবির আদর্শে অনুপ্রাণিত লেখক, কবি, রাজনৈতিক কর্মী ও নেতাদের – সমাজকর্মী ও সংস্কৃতিকর্মীদের ঐক্যবদ্ধ হওয়ার প্রয়োজন আজ সর্বাধিক অনুভূত হচ্ছে। কাজী নজরুলকে পাকিস্তানের মৌলবাদীরা ইসলামিক কবি বলে প্রচারের যে প্রয়াস চালিয়েছিল – সে চেষ্টা এখনও বাংলাদেশের মৌলবাদীরা করে চলেছে। জাতির এই সংকটময় সময়ে মানুষের মানবিক অধিকার যখন ভূলুণ্ঠিত, স্বৈরশাসন যখন ব্যক্তি – স্বাধীনতা, বাক – স্বাধীনতা হরণ করে রেখেছে, নারীদের প্রতি মৌলবাদীদের অত্যাচার ও অবিচার যখন তুঙ্গে – তখন আমাদের দেশের সংগ্রামী প্রগতিশীল মানুষ একত্র হয়ে এসব থেকে পরিত্রাণ পাওয়ার উপায় কি খুঁজবেন না? কাজী নজরুল তাঁর অজস্র লেখায়, কবিতায় ও গানে আমাদের যে পথ দেখিয়ে গেছেন তার সুষ্ঠু ব্যবহার করতে আমরা যেন বিফল না হই। কবিকে স্মরণ করা শুধু তাঁর গান গেয়ে ও কবিতা পড়েই শেষ নয়–তাঁর কথাগুলোকে সমাজ –জীবনে প্রতিফলিত করা প্রয়োজন। বঞ্চণা, অবিচার, অন্যায় ও উৎপীড়নের সমূলে উৎপাটন না হওয়া পর্যন্ত মানব – সমাজ সুস্থ হয়ে উঠতে পারে না। কবির এ কথা মনে রাখা প্রয়োজন আমাদের সকলের।



# নজরুল কাব্যের চিত্রকল্প

*প্রজ্ঞা লাবনী*

*কাঠবেড়ালী কাঠবেড়ালী পেয়ারা তুমি খাও?*
*গুড়–মুড়ি খাও? বেড়াল বাচ্চা – কুকুরছানা, তাও?*

খুকী ও কাঠবেড়ালী কবিতার ছোট্ট, সেই চির শিশু, চির নবীন, আল্লাদী মেয়েটিকে আমরা সবাই চিনি। সুন্দর ফ্রক পরা ( ফ্রকটি নেবে, জামা দুটো? ), চুলে বোধ করি ফিতে বাঁধা, ছোট্ট – মিষ্টি – পাকুরাম মেয়েটির ছবি, কবিতা পড়ার প্রথম মুহূর্ত থেকেই মনের পাতায় আঁকা হয়ে গেছে। খুকীর সাথে কাঠবেড়ালীর কোথায় দেখা? শহরে না গ্রামে? তা কিন্তু আমরা জানি না। তবে যেখানেই হোক না কেন, কাঠবেড়ালী তার নিরাপদ দূরত্ব সর্বদাই বজায় রেখে দিয়েছে। বৌদি কিংবা ছোড়দি হবার লোভে ভাগ্যিস খুকীর কাছে এসে পড়েনি, তাহলে কিল আর টিলের গুঁতোয় তার প্রাণ নিয়ে টানাটানি পড়ে যেতো। খুকীতো একাই কথা বলে চলেছে এই (মোনোলগ) কবিতায়। তার ছান্দিক শব্দমালার বিবরণে আমরা সব কিছুই জানতে পারছি। শতবার পঠিত এই কবিতা, আমরা যখনই পড়ি, তখন প্রথমবারের মত আনন্দ পাই, উপভোগ করি। ন্যাংটো কাঠবেড়ালী জামা–ফ্রক কিছুই না নিয়ে কেমন লেজ গুটিয়ে দৌড়ে পালিয়ে গেল, চিত্রকল্পটি ভেবে হাসি পায় প্রতিবারই। নজরুলের যতগুলো হাসির কবিতা পড়েছি, তার মধ্যে সবচেয়ে বেশী মনে পড়ে বাংলা–ইংরেজী মেশানো কবিতাটি–

*কাজী নজরুল ইসলাম*
*একদিন বাসায় গেছলাম –*

নানা–নাতির মধুর সম্পর্ক প্রতিফলিত হয়েছে অতি পরিচিত সেই কবিতায়;

*ওমা তোমার বাবার নাকে কে মেরেছে ল্যাং*
*খাদা নাকে নাচছে দাদা নাক ড্যাগা ড্যাং ড্যাং।*

( **'খাদু–দাদু', সঞ্চিতা; পৃ: ১৩৮** )

এই চিত্রকল্পে আমি যেন শুধু কার্টুন ফিগার দেখতে পাই। কেমন লাফিয়ে লাফিয়ে পুতুল নাচের মতই এরা যেন কাব্যাভিনয় করে চলেছে। এদের অদ্ভুত চেহারা মনে মনে কল্পনা করে, সশব্দে হাসি পায়।

ছোটদের কবিতাই শুধু যে হাস্যরসপূর্ণ, তাতো নয়; বড়দের কবিতার মধ্যেও হাসির খোরাক আছে প্রচুর। জাতি–ধর্ম–বর্ণ নির্বিশেষে তার সব কবিতা মুখপাত্র হয়েছে সবারই। *'বর প্রার্থনা'* কবিতার প্রতিটি লাইনেই আছে হাস্যরসের ছোঁয়া।

*সবাইকে তুই বর দিলি মা পাষাণ রাজার ঝি,*
*আমি ভিড় ঠেলে যে যেতে নারি, বর পাব না কি?*

..........................................................................................

*বেশী কিছু চাইনে আমি, চাইবো নাকো যাতা*
*ঘোল ঢালতে পারি যেন মুড়িয়ে দুখের মাথা।*
*তোর সিঙ্গিটাকে দে মা ছেড়ে এক মিনিটের তরে*
*আমার যত পাওনাদার মা সবকটিকে ধরে–*
*ঠেসে গোটা কতক করে মেরে আসুক থাবা,*
*মনের সুখে বলব "বাছা" আর কি টাকা চাবা? '*

( **'বর প্রার্থনা', নজরুল রচনাবলী; ২য় খন্ড** )

প্রেম-অভিমান-বিচ্ছেদ নজরুল কাব্যের বিশাল অংশ জুড়ে আছে। তাঁর বহু কবিতায় প্রেমময় যে প্রশান্তি উন্মিলীত হয়েছে, তা আমাদের অন্তরের সূক্ষতম কুঠরীতেও প্রবেশ করে অতি সহজেই।

*যেদিন আমি হারিয়ে যাব*
*বুঝবে সেদিন বুঝবে*
*অস্তপারের সন্ধ্যাতারায়*
*আমার খবর পুছবে*
*বুঝবে সেদিন বুঝবে।*

**( 'অভিশাপ', প্রথম স্তবক )**

প্রেমের অপূর্ণতার বেদনা কোথায় যেন বারংবার তাকে আঘাত হানে। স্বেচ্ছায় নির্বাসিত জীবনকে বেছে নিতে চান, তাঁর এসব কবিতা পড়তে গিয়ে এমনই অনুভূতি মনে জেগে ওঠে।

*হে মোর রাণী*
*তোমার কাছে হার মানি আজ শেষে*

এ পরাজয় অবশ্য মন-জয়ের পরাজয়। এতে কোনো গ্লানি নেই, বরং আছে গৌরব। এমন গর্বিত প্রেমের কবিতার সংখ্যা যথেষ্ট, তবে প্রেমের ব্যর্থতায় দংশিত হয়ে, ক্ষত-বিক্ষত মনের নীরব অভিমান নিয়ে রচিত হয়েছে অনেক অনেক কবিতা।

*তোমাদের পানে চাহিয়া বন্ধু আর আমি জাগিব না*
*কোলাহল করি সারাদিনমান কারো ধ্যান ভাঙ্গিব না*
*নিশ্চল নিশ্চুপ*
*আপনার মনে পুড়িব একাকী গন্ধ বিধুর ধূপ*

**( 'বাতায়ন পাশে গুবাক তরুর সারি', সঞ্চিতা; পৃ: ১৮১ )**

আমার এ লেখায় নিরস কাব্য সমালোচনার প্রকাশ কিছুটা ঘটলেও আসলে কবিতার বিশ্লেষণ, সত্যিকার অর্থে, করতে বসিনি এবং সম্ভবও হয়ত নয় আমার দ্বারা - নজরুল কাব্য বিশারদ আমি নই। শুধুমাত্র নজরুল কবিতা পড়তে গিয়ে, বিভিন্ন অনুষ্ঠানে আবৃত্তি করতে গিয়ে যেসব কবিতা সর্বাপেক্ষা আমায় আকৃষ্ট করেছে এবং কবিতার যেসব চিত্রকল্প আমার মানসপটে ফুটে উঠেছে, তারই এক লেখ্য রূপ দেবার চেষ্টায় ব্রত হয়েছি। এতে পাঠকের কতটা আনন্দ হবে জানি না, আমি সত্যিই আনন্দিত এবং কিছুটা গর্বিত বই কি !

আমার বেশ স্পষ্টভাবে মনে পড়ে এক নজরুল জয়ন্তীর কথা। বোধ করি, বোঝার বয়সের আমার প্রথম নজরুল জয়ন্তী পালন। আমরা তখন ময়মনসিংহে থাকি, ক্লাস টু'তে পড়ি, লোহারকুঠিতে অবস্থিত টিচার্স ট্রেনিং কলেজের এক্সপেরিমেন্টাল স্কুলে। সেবার আমাদের ক'জনাকে নিয়ে যাওয়া হল '*'দরিরামপুর হাই স্কুলে"*, যেখানে কেটেছে নজরুলের শৈশবের কিছু উল্লেখযোগ্য দিন। বটবৃক্ষের পাদদেশে যেখানে বসে কবি বাঁশী বাজাতেন, সেখানেই হয়েছিল আমাদের অনুষ্ঠান। শত-সহস্র দর্শকের সামনে ***"খুকী ও কাঠবেড়ালী"*** কবিতা আবৃত্তি করে প্রথম হয়েছিলাম। আমার চাইতে কনিষ্ঠ কোনো প্রতিযোগী ছিল না বলেই হয়ত 'প্রথম' এর শিরোপা আমার জন্য নির্দ্ধারিত হয়েছিল। দ্বিতীয় হয়েছিল ক্লাস ফোরের ছাত্র - নামটা ভুলে গেছি, ***'ঝিঙ্গেফুল'*** আবৃত্তি করেছিল। এই কবিতার প্রতি আকর্ষণ আমার তখন থেকেই জন্মেছিল।

*'গুল্মে পর্ণে*
*লতিকার কর্ণে*
*ঢলঢল স্বর্ণে*
*ঝলমল দোলে দুল*
*ঝিঙ্গে ফুল*

**( 'ঝিঙ্গেফুল', সঞ্চিতা/ পৃ: ১৩৬ )**

বড় হয়ে যখনই পড়েছি এই কবিতা, প্রতিবারই আমার কানে ধ্বনিত হয়েছে সত্যেন্দ্রনাথ দত্তের কবিতার ছন্দ-

*ঝর্ণা ঝর্ণা সুন্দরী ঝর্ণা*
*তরলিত চন্দ্রিকা চন্দন বর্ণা*
*ঝর্ণা*

**( 'ঝর্ণা', প্রথম স্তবক )**



ছন্দের যাদুকর সত্যেন দত্ত, কিন্তু নজরুলেরই বা ছন্দের যাদুময়তার অভাব কোথায়! ছন্দের দোলায় বহু কবিতা রচিত হয়েছে, আন্দোলিত করেছে পাঠকের মন - প্রাণ।

তার কবিতায় আছে সুরময়তা, আছে ছন্দের মায়াময় দোলা, আছে প্রেম - প্রকৃতি, সাধারণ মানুষ, সর্বোপরি আছে বিপ্লব - প্রতিবাদ, বিদ্রোহ। তাইতো তাঁকে ***"বিদ্রোহী"*** কবির বরমাল্যে বরণ করেছি আমরা।

তাঁর প্রত্যেকটি প্রতিবাদী কবিতার প্রতিটি বর্ণে প্রতিফলিত হয়েছে সোচ্চার কন্ঠ - সাধারণের কথা। ধনী আর দরিদ্রের তারতম্যের কথা, শঠ আর সঠিক মানুষের ভেদাভেদের কথা, বিশ্বজাতির ভাগাভাগির কথা;

*'জাতিতে জাতিতে বিদ্বেষ যুদ্ধ বিগ্রহ*
*মানুষের জীবনে একদিকে কঠোর দারিদ্র ঋণ অভাব*
*অন্যদিকে লোভী অসুরের যক্ষের ব্যাংকে*
*কোটি কোটি টাকা পাষাণস্তুপের মত জমা হয়ে আছে*
*এই অসাম্য ভেদজ্ঞান দূর করতেই আমি এসেছিলাম -*

**( যদি আর বাঁশী না বাজে )**

এই গদ্য কাব্যের চিত্রকল্পের মাঝে আমি স্পষ্টতই দেখতে পাই, আধো আলো আধো ছায়াতে দিন রাতের সন্ধিক্ষণে পৃথিবী মঞ্চে দাঁড়িয়ে আমাদের কবি - বক্তা। উদাত্ত কণ্ঠে তাঁর সতীর্থদের আহ্বান জানাচ্ছেন। এ বক্তব্যে আছে দৃঢ়তা। এর প্রতিটি চরণই প্রতিবাদের তীক্ষ্ন বর্ণে রঞ্জিত, যা পাঠকের মনন - মেধায় নানা বর্ণচ্ছটার সৃষ্টি করে, সুপ্ত মনকে জাগ্রত করে, সচেতন করে তোলে।

তাঁর অন্য সব বিপ্লবাত্মক কবিতায় কবির যে বিপ্লবী কণ্ঠস্বর আমরা শুনতে পাই, তাতে শিহরিত হই। প্রভাবিত হই কখনও বা। কিন্তু মানুষ নজরুলের মত এক বুক সাহস - শক্তি আর দৃঢ়তা নিয়ে জীবনের সাময়িক আনন্দ - লোভকে জলাঞ্জলী দিয়ে এগিয়ে যেতে পারি না। তাহলে এ পৃথিবী অন্যরকম হতো!

***"আমার কৈফিয়ৎ"*** কবিতায় সেই একই কবি - বক্তাকে দেখি, তখন তিনি সাধারণ মানুষের মাঝেই দাঁড়িয়ে কথা বলেন, বিদ্রুপ করেন সমাজের তথাকথিত জনদরদী - সমাজসেবীদের। কবিতার শেষ অংশে কবি বলেন -

*'প্রার্থনা করো - যারা কেড়ে খায় তেত্রিশ কোটি মুখের গ্রাস*
*যন লেখা হয় আমার রক্ত লেখায় তাদের সর্বনাশ।*

**( 'আমার কৈফিয়ৎ', সঞ্চিতা/ পৃ: ৭৮ )**

নিজের আত্মাহুতি দিয়েও তিনি চান শান্তি স্থাপন করতে, সন্ধি প্রতিষ্ঠা করতে, সুখময় জীবনের ছবি আঁকতে।

***"বিদ্রোহী"*** কবিতা আমাদের সবারই কম - বেশী একাধিকবার পঠিত। এ কবিতায় বিদ্রোহী আত্মার লোমহর্ষক চ্যালেঞ্জ আমাদের সত্যিই রোমাঞ্চিত করে। কবি হুইটম্যানের সাথে কবি নজরুলের যে সাদৃশ্য ধরা পড়ে তা প্রধানত এই ***'আমি'*** নিয়ে।

আবৃত্তিকার হিসেবে, নজরুলের কবিতা পড়ে যে অনুভূতি আমার মনকে সর্বদা আলোড়িত করে, সেই অনুভবের কিছু পরশ দিতে চাইলাম মাত্র। আসলে, কবি আর শ্রোতার মাঝে সেতবন্ধকারী তো আবৃত্তিকার। কবিতার বক্তব্য অনুধাবন করে আপন মনন - মেধা দ্বারা বিশ্লেষণ ঘটিয়ে, সেই সন্দেশ শ্রোতা - হৃদয়ে প্রেরণ করার গুরুদায়ীত্ব হলো আবৃত্তিকারের। কবিতার বক্তব্য সঠিকভাবে অনুধাবন করতে না পারলে, বেঠিক তথ্যই সে শ্রোতাকে পৌঁছে দেবে।

ভালো কবিতা পড়তে যেমন আমাদের ভাল লাগে, তেমনি ভালো কবিতার ভালো আবৃত্তি শুনতে, বেশী বই কম কিন্তু ভালো লাগে না। এই লেখায় কতগুলো নজরুল কাব্যের চিত্রকল্পের লেখ্যরূপ দেবার চেষ্টা করলাম মাত্র। এই লেখার বর্ণচ্ছটা যদি পাঠক মনে নজরুল কবিতার প্রতি আকর্ষণ বাড়িয়ে তোলে, তার মনের মধ্যে অনুরণিত হয় নবতম কোনো সুর, তবেই সার্থক হবে এ লেখনী।

# স্বাধীনতা ও মানবতার কবি কাজী নজরুল ইসলাম

এ. কে. আব্দুল মোমেন

নজরুল কাব্য – সাহিত্য পর্যালোচনায় “মানবতা” এবং “স্বাধীনতা” বা “মুক্তি” র বলিষ্ঠ প্রকাশ লক্ষ্য করা যায়। নজরুল কাব্যের বৈশিষ্ট্য এই যে তার প্রকাশ অত্যন্ত ধারালো, সোচ্চার ও বলিষ্ঠ। এর আবেগ সর্বযুগের বিপ্লবী চেতনার পাথেয়। নজরুলের কাব্য – সাধনা এমন এক যুগে শুরু হয় যখন সারা বিশ্বব্যাপী মহাযুদ্ধের দামামা বেজে উঠেছে এবং বিশেষ করে ভারতবর্ষে স্বাধীনতার সংগ্রাম তৎপর হয়ে উঠেছে। নজরুল কাব্যে তাই নিপীড়িত মানুষের জয়গান, বৈপ্লবিক ভাব ও মুক্তির এক অনবদ্য সমন্বয় ঘটে। পরাধীন ভারতবর্ষে ঔপনিবেশিক শোষকযন্ত্রের সীমাহীন উৎপীড়ন, অত্যাচার, অবিচার আর নৃশংসতা দেখে কবি তাঁর **‘বিদ্রোহী’** কবিতায় উদাত্তকণ্ঠে ঘোষণা করেন:

*“মহা বিদ্রোহী রণক্লান্ত*
*আমি সেইদিন হবো শান্ত*
*যবে উৎপীড়িতের ক্রন্দন রোল*
*আকাশে বাতাশে ধ্বনিবে না*
*যবে অত্যাচারীর খড়গ কৃপাণ*
*ভীম রণভূমে রণিবে না।”*

নজরুল তাঁর বিশ্বাসে ছিলেন অবিচল, বক্তব্যে ছিলেন দুর্দমনীয়। মুক্তিচেতা নজরুলের বক্তব্যে স্বদেশ প্রেমিকতার বক্তব্য সোচ্চার হয়ে উঠলে ইংরেজ সরকার তাঁকে কারারুদ্ধ করে। নজরুল তাতে দমে যাবার পাত্র নন, কারণ বিশ্বাসে তিনি অটল। জেল কর্মচারীদের দুর্ব্যবহারের প্রতিবাদে তিনি অনশন করলে তারা তাঁকে **“শিকলে”** আটকিয়ে রাখে। নজরুল তাতে গর্জন করে উঠলেন:

*“এই শিকল–পরা ছল মোদের*
*এই শিকল–পরা ছল।*
*এই শিকল পরেই শিকল তোদের*
*করবো রে বিকল।’*

স্বাধীনতা – প্রেমিক নজরুল মোহগ্রস্ত জাতিকে মোহভঙ্গ করার অভিপ্রায়ে **“আনন্দময়ীর আগমনে”** গেয়ে উঠলেন:

*“আর কতকাল রইবি বেটী মাটির ঢেলার মূর্তি আড়াল?*
*স্বর্গ যে আজ জয় করেছে অত্যাচারী শক্তি চাড়াল!*
*দেব – শিশুদের মারছে চাবুক, বীর যুবাদের দিচ্ছে ফাঁসি,*
*ভূ – ভারত আজ কসাইখানা, আসবি কখন সর্বনাশী?*
*দেব – সেনা আজ টানছে ঘানি তেপান্তরের দ্বীপান্তরে,*
*রণাঙ্গণে নামবে কে আর তুই না এলে কৃপাণ ধরে? ”*

জাতি তবুও যখন রণাঙ্গণে নামছে না তখন তিনি তাদেরে ধিক্কার দিয়ে, চাবুক মেরে সজাগ করতে চান। তাই তিনি উচ্চস্বরে বলে উঠেন:

*“লানত গলায় গোলাম ওরা সালাম করে জুলুমবাজে,*
*ধর্ম্ম – ধ্বজা উড়ায় দাড়ি, গালিজ মুখে কোরান ভাঁজে।”*

কিন্তু মানবতার ডাকে, স্বাধীনতার ডাকে জনতা সাড়া দেয় না। জাতীয় চেতনা উজ্জীবিত করার মানসে স্বদেশ –প্রেমিক গেয়ে উঠেন:

*“বাজাও প্রভু বাজাও ঘন বাজাও*
*দাসত্বের এ ঘৃণ্য তৃপ্তি*
*ভিক্ষুকের জঘন্য বৃত্তি,*



*বিনাশ জাতির দারুন এ লাজ, দাও তেজ, দাও মুক্তি–গরব!”*
-------------------------------------
*ঘুচাও ভীরুর নীচতা দৈন্য*
*প্রাণের পরশে কর হে ধন্য,*
*শৃংখলিতের টুটাতে বাঁধন হানো আঘাত প্রচন্ড আহব*
*দুর্জয় মহা আহ্বান তব– বাজাও”*

জাতিকে শক্ত – সবল–বিপ্লবী সত্তায় দুর্জয় করার মানসে কবি লিখেন:

*“কারার ঐ লোহ–কপাট*
*ভেঙ্গে ফেল কররে লোপাট*
*রক্ত জমাট*
*শিকল – পূজার পাষাণ – বেদী।*
*ওরে ও তরুণ নিশান!*
*বাজা তোর প্রলয় বিষাণ!*
*ধ্বংস নিশান*
*উড়ুক প্রাচির প্রাচীর ভেদী।*
*লাথি মার, ভাঙ্গরে তালা*
*যতসব বন্দীশালায় –*
*আগুন জ্বালা, আগুন জ্বালা, ফেল উপাড়ি।’*

প্রলয়ের ডাক অহিংস আন্দোলনের বিরোধী বলে জাতি ভয় পেতে পারে, তাই তিনি সজোরে গর্জন করে উঠেন;

*“ধ্বংস দেখে ভয় কেন তোর*
*প্রলয় নতুন সৃজন–বেদন।”*

প্রলয়ের মধ্যেই, ধ্বংসের মধ্যেই নতুনের জন্ম, স্বাধীনতার মুক্তি আসবে বলেই কবি স্থির প্রতিজ্ঞ।

স্বাধীনতার জন্যে যুগ যুগ ধরে দেশ–প্রেমিক প্রাণ হারাচ্ছে, একের পর এক আন্দোলন: ফারায়জী আন্দোলন, অসহযোগ আন্দোলন ইত্যাদি সফলতা লাভ করতে পারেনি দেখে জনগণ যাতে **‘কাণ্ডারী’** না হারায়, সাম্প্রদায়িক দাঙ্গা–হাঙ্গামায় স্বাধীনতা বিঘ্নিত না হয়, তার জন্যে গেয়ে উঠলেন:

*“দুর্গম গিরি, কান্তার–মরু, দুস্তর পারাবার*
*লংঘিতে হবে রাত্রি–নিশীথে, যাত্রীরা হুশিয়ার।*
-------------------------------
*অসহায় জাতি মরিছে ডুবিয়া, জানে না সন্তরণ*
*কাণ্ডারী! আজ দেখিব তোমার মাতৃমুক্তি – পণ,*
*“হিন্দু না ওরা মুসলিম?” ওই জিজ্ঞাসে কোন জন?*
*কাণ্ডারী! বল, ডুবিছে মানুষ, সন্তান মোর মা’র।”*

বিপ্লবী কবি নজরুল মানবতার কবি। মানবতাকে তিনি দেশ – কাল – পাত্রের উর্দ্ধে স্থান দিয়েছেন। **“মানুষ”** কবিতায় তিনি লিখেন,

*“গাহি সাম্যের গান–*
*মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান!*
*নাই দেশ – কাল – পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি,*
*সব দেশে, সব কালে, ঘরে – ঘরে তিনি মানুষের জ্ঞাতি।”*

ধর্মের নামে মানুষ যখন মানুষকে ঠকায় তখন মানব দরদী কবি ক্ষিপ্ত হয়ে উঠেন:

*“মসজিদে কাল শিরনি আছিল, অঢেল গোস্ত রুটি*
*বাঁচিয়া গিয়াছে, মোল্লা সাহেব হেসে তাই কুটি কুটি!*
*এমন সময় এলো মুসাফির, গায়ে আজারির চিন,*
*বলে ‘বাবা, আমি ভুখা – ফাঁকা আছি আজ নিয়ে সাতদিন’।*
*তেরিয়া হইয়া হাঁকিল মোল্লা – ‘ভ্যালা হ’ল দেখি লেঠা,*

*ভুখা আছ মর গো – ভাগাড়ে গিয়ে! নামাজ পড়িস বেটা?"*
*ভিখারী কহিল, 'না বাবা।' মোল্লা হাঁকিল – তা হলে শালা,*
*সোজা পথ দেখ।' গোস্ত – রুটি নিয়া মসজিদে দিল তালা!*
*ভিখারী ফিরিয়া চলে*
*চলিতে চলিতে বলে –*
*"আশিটি বছর কেটে গেল প্রভু, আমি ডাকিনি তোমায় কভু!*
*আমার ক্ষুধার অন্ন তা'বলে বন্ধ করোনি কভু!*
*তব মসজিদে মন্দিরে প্রভু নাই মানুষের দাবী,*
*মোল্লা – পুরুত লাগায়েছে তার সকল দুয়ারে চাবী।"*

মানবতার কবি মানুষকেই সবচেয়ে উর্দ্ধে স্থান দিয়েছেন। মানবতাবোধে সচেতন ছিলেন বলেই মানুষের দুঃখ, শোক, অত্যাচার, উৎপীড়ন তাঁর গানে, তাঁর কবিতায় এত তীব্র ও অপূর্ব হয়ে আত্মপ্রকাশ করেছে। তিনি গেয়ে উঠেন:

*'মানুষের চেয়ে বড় কিছু নাই*
*নহে কিছু মহীয়ান।"*

পৃথিবীর সব লোক তার আপন ভাই – বোনসম। তিনি লিখেন:

*"সাম্যের গান গাই*
*যত পাপী তাপী সব মোর বোন*
*সব হয় মোর ভাই।"*

মানুষের দঃখ দেখে তিনি **"ফরিয়াদ"** করে উঠেন,

*"এই ধরণীর ধূলি – মাখা তব অসহায় সন্তান*
*মাগে প্রতিকার, উত্তর দাও, আদি – পিতা ভগবান!"*

শুধু শ্বেত – রাজ্যে উন্নয়ন ও প্রগতির স্রোত বইবে, আর ভারতবর্ষ পেছনে পড়ে থাকবে –সে প্রশ্ন দেশ – প্রেমিক নজরুলকে চিন্তিত করে। তিনি লিখেন:

*"আমরা যে কালো, তুমি ভাল জান, নহে তাহা অপরাধ,*
*তুমি বল নাই, শুধু শ্বেত–দ্বীপে,*
*জোগাইবে আলো রবি – শশী দীপে,*
*সাদা র'বে সবাকার টুঁটি টিপে, এ নহে তব বিধান।*
*সন্তান তব করিতেছে আজ তোমার অসম্মান!*
*ভগবান! ভগবান!"*

আজ বিশ্বজুড়ে মানবতা ও মুক্তি সংগ্রাম সোচ্চার হয়ে উঠেছে – দেশে দেশে অত্যাচারী অগণতান্ত্রিক সরকারের নিপাত হচ্ছে। এমন দিনে বাংলার আকাশে কালো মেঘের ঘনঘটা। সারাটি বাঙ্গালী জাতি এখনো দিবা–স্বপ্ন দেখছে, তারা এখনো "সালাম করে জুলুমকে"। সারা বাংলাদেশে মানবতাবোধ বিঘ্নিত, বি – ডি – আর আর সাধারণ নাগরিক আজ "উঁচু" ও "নীচু" তলার শ্রেণীতে কলংকিত। বাংলাদেশ আজ কসাইখানা, এখনো মানবতা ও ব্যক্তি – স্বাধিকার ধীকৃত। এমন দিনে জাতীয় জীবনে নজরুলের প্রয়োজন, নজরুলের জাতীয় চেতনা, বলিষ্ঠতা, মানবতা ও মুক্তির প্রবল প্রবাহ আমাদের প্রয়োজন। কবি নজরুল তাঁর **"ধূমকেতু"** তে লিখেন;

*"---সত্যকে জানবার জন্য বিদ্রোহ চাই। ---বিদ্রোহের মত বিদ্রোহ যদি করতে পারো, প্রলয় যদি আনতে পারো তো নিদ্রিত শিব জাগবেই...কল্যাণ আসবেই ।"* আজ বাংলার জীবনে এমন লোকের বা সংগঠনের প্রয়োজন যে অত্যাচারীর সামনে সগর্ভে বলতে পারবে, *"রাজার পক্ষে রাজার নিযুক্ত রাজ – বেতন ভোগী রাজ –ক র্মচারী। আমার পক্ষে সকল রাজার রাজা, সকল বিচারকের বিচারক, আদি ও অনন্তকাল ধরে সত্য জাগ্রত ভগবান। আমার বাণী সত্যের প্রকাশিকা।"*

সে বাণী সামরিক সরকারের কাছে দেশদ্রোহী হতে পারে, কিন্তু ন্যায়ের বিচারে সে বাণী দেশদ্রোহী নয়, সত্যাদ্রোহী নয়।

আজ বাংলাদেশ কুশাসিত, তার অধিবাসীবৃন্দ হতাশাগ্রস্ত। কিন্তু কুশাসনকে কুশাসন বললে এ রাজত্বে তা হবে দেশদ্রোহ! এটা ন্যায়ের শাসন হতে পারে না, সরকারী বেতনভোগী কর্মচারী বিনা কারণে অসহায় নাগরিককে হত্যা করতে পারে না। এই জোর করে সত্যকে মিথ্যা, অন্যায়কে ন্যায়, দিনকে রাতকে বানানো – একি সত্য সহ্য করতে পারে? যে সরকারে সাধারণ নাগরিকের জন্যে জনপ্রতি



চার ডলার বাৎসরিক খরচ হয়, কিন্তু সরকারী বেতনভোগী নিরাপত্তা কর্মচারীর জন্যে জনপ্রতি চার হাজার ডলার খরচ হয়, যে দেশে ভোটারবিহীন নির্বাচন হয়, যে দেশে অগণতান্ত্রিক সরকারকে গণতান্ত্রিক সরকার বলা হয়, যে সরকার দেশের সম্পদ লুটপাট এবং আত্মসাৎ এ তৎপর – সে সরকার মানুষের কল্যাণব্রতী হতে পারে না। এ শাসন কি চিরস্থায়ী হতে পারে? কবির কণ্ঠে: *"এই অন্যায় শাসন – লিখা বন্দী সত্যের পীড়িত ক্রন্দন আমার কণ্ঠে ফুটে উঠেছিল বলেই আমি কি আজ রাজদ্রোহী? আমার কণ্ঠে কাল – ভৈরবের প্রলয় – তূর্য বেজে উঠেছিল, আমার হাতে ধূমকেতুর অগ্নি – নিশান দুলে উঠেছিল, সে সর্বনাশা নিশান – পুচ্ছ নট – নারায়ণ রূপ ধরে ধ্বংস নাচন নেচেছিল। এ ধ্বংস – নৃত্য নব সৃষ্টির পূর্ব সূচনা – তাই আমি নির্মম, নির্ভীক উন্নত শিরে সে নিশান ধরেছিলাম, তার তূর্য বাজিয়ে ছিলাম। ---আমি তখনই বুঝেছিলাম, আমি সত্য রক্ষার, ন্যায়–উদ্ধারের বিশ্ব – প্রলয়–বাহিনীর লাল সৈনিক"*। বাংলার গগনে অনুরূপ লাল সৈনিকের প্রয়োজন।

# শিশু সাহিত্য : নজরুল

*তাহমিনা জামান*

বাংলা সাহিত্যে শিশুদের উপযোগী রচনার সূচনা হয়েছে বিংশ শতাব্দীর প্রথম ভাগে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত, রবীন্দ্রনাথ ঠাকুর, সত্যেন্দ্রনাথ দত্ত, অবনীন্দ্রনাথ ঠাকুর প্রমুখ লেখক এগিয়ে এসেছিলেন বাংলা সাহিত্যের ইতিহাসে শিশুদের রচনা সংযোজনা করতে। এরপরেই নজরুল কলম ধরলেন শিশুদের জন্যে।

নজরুল শুধু কবি ও গীতিকার হিসেবে খ্যাতি অর্জন করেননি; তাঁর প্রতিভা ছিল বহুমুখী। তিনি গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ বড়দের জন্য লিখে যেমন বড়দের মহলে সুখ্যাত ছিলেন, তেমনি শিশুদের মানসপটেও তিনি চির অমর হয়ে আছেন তাঁর শিশু – সাহিত্যের মাধ্যমে। শিশুদের জন্যে লিখিত ছড়া, কবিতা, গল্পে তিনিও একজন শিশুটি সেজেছেন; তিনি যেন শিশু জগতের অতি কাছের মানুষটি। শিশু – সাহিত্যে নজরুলের দান অপরিসীম বা অপর্যাপ্ত না হলেও তিনি যা রচনা করেছেন তা নিঃসন্দেহে শিশু মনের চঞ্চলতা এবং শিশু সাহিত্যের ঐশ্বর্য্যে ভরা।

নজরলের শিশু – সাহিত্য সৃষ্টির মূলে রয়েছে শিশুদের প্রতি তাঁর নিবিড় ভালবাসা। শিশুদের সঙ্গে তিনিও শিশুটি বনেছেন – শিশুদের উচ্ছ্বাসে, তারল্যে, নিঃস্বার্থ আলাপে তিনিও সামিল হয়েছেন – দুর্বার দূরত্বের পরিবর্তে মমত্বের বন্ধনে জড়িয়ে তিনি শিশুরাজ্যে বিচরণ করতে ভালবেসেছেন; এর ফলেই তিনি শিশুদের উপযোগী সাহিত্য সৃষ্টি করেছিলেন নির্দ্বিধায়।

নজরুলের কবিতা শিশু মনে দোলা জাগায়। সেই দোলায় তাঁর **'ঘুম পাড়ানী গান'**–

*ঘুম পাড়ানী মাসী পিসি ঘুম দিয়ে যেয়ো*
*বাটা ভরে পান দেবো গাল ভরে খেয়ো*
*ঘুম আয়রে, ঘুম আয় ঘুম।*
*ঘুম আয়রে, দুষ্টু খোকার ছুঁয়ে যা*
*চোখের পাতা লজ্জাবতী লতার মত নুয়ে যা*
*ঘুম আয়রে, ঘুম আয় ঘুম।–*

শিশুর চোখে যেমন ঘুম এনে দেয়, তেমনি ভোরের ব্যস্ততা, পাখীর শিস শিশুর ঘুম ভাঙ্গিয়ে দেয় যা নজরুলের **'ঝিঙে ফুল'** এর **'প্রভাতী'** কবিতায় উল্লেখ করা হয়েছে:

*ভোর হলো দোর খোলো*
*খুকুমণি ওঠরে!*
*ঐ ডাকে জুঁই – শাখে*
*ফুল – খুকী ছোটরে*
*রবি মামা দেয় হামা*
*গায়ে রাঙ্গা জামা ঐ*
*দারোয়ান গায় গান*
*শোনো ঐ "রামা হৈ"।*
*ত্যাজি নীড় ক'রে ভীড়*
*ওড়ে পাখী আকাশে*
*এন্তার গান তার*
*ভাসে তার বাতাসে!*
*চুলবুল বুলবুল*
*শিস্ দেয় পুষ্পে*
*এইবার এইবার*
*খুকুমণি ওঠরে!*



ছেলেবেলায় পড়াশুনাটা স্বভাবতঃ প্রায় সব শিশুদের কাছেই কষ্টকর, এর উপরে অভিভাবকদের শাসন আরো অতিষ্টকর। শিশুর মনের সত্যিকারের এই বোধ, এই অভিযোগের রূপ ফুটে উঠেছে নজরুলের **'আমি যদি বাবা হতাম, বাবা হত খোকা'** কবিতায়–

*আমি যদি বাবা হতাম, বাবা হত খোকা*
*না হ'লে তার নামতা পড়া মারতাম মাথায় টোকা,*
*রোজ যদি হ'ত রবিবার*
*কি মজাটাই হ'ত না আমার*
*থাকত না আর নামতা পড়া লেখা আঁকা–জোঁকা*
*আমি যদি বাবা হতাম, বাবা হ'ত খোকা।*

ছোটদের সহজ মনের সরল উক্তি নজরুল প্রকাশ করেছেন অত্যন্ত নিপুণ ভাবে–

*মাসীমা আসলে এ ঘর*
*মোদেরও করবে আদর?*
*বাস, কি মজার খবর!*
*আমি রোজ করব বিয়ে।*

শিশুদের মনোরাজ্যে আনন্দ সৃষ্টিতে নজরুল আনন্দিত। শিশুলীলায় তিনি সঙ্গ দিয়েছেন; তাই ঠাট্টারসে ভরিয়ে দিয়েছেন কথার শব্দমালা –

*সাত লাঠিতে ফড়িং মারেন এমনি পালোয়ান,*
*দাঁত দিয়ে সে ছিড়লে সেদিন মস্ত আলোয়ান! ---*

এবং

*অ–মা! তোমার বাবার নাকে কে মেরেছে ল্যাং?*
*খাঁদা নাকে নাচছে ন্যাদা– নাক ড্যাংগা ড্যাং ড্যাং।...*

নজরুলের ছড়ায় শিশুদের মন আকৃষ্ট হয় তার ছন্দ আর ধ্বনির মাধুর্য্যে। শিশুদের হৃদয় আপ্লুত হয় নজরুলের কথার বিন্যাসে – তাঁর আকর্ষণীয় পদবাচ্যে। যেমন;

*আয়রে আয় টিয়ে*
*নায়ে ভরা দিয়ে!*
*না নিয়ে গেল বোয়াল মাছে*
*তা দেখে ভোদর নাচে*
*ওরে ভোদর ফিরে চা*
*খোকার নাচন দেখে যা।*

শিশুদের হাসি, অভিযোগ, ঠাট্টা – তামাসা, কল্পনার মাঝে নজরুল যেমন জড়িয়ে আছেন, তেমনি শিশুদের অনুপ্রেরণার ক্ষেত্রেও তাঁর সহযোগীতা অনাবিল। শিশুদের ভাষাই তাঁর লেখনীতে কথা বলে ওঠে –

*আমরা যদি না জাগি মাগো*
*কেমনে সকাল হবে*
*তোমার ছেলে উঠলে গো মা*
*রাত পোহাবে তবে।....*

এবং

*থাকব নাক বদ্ধ ঘরে দেখব এবার জগৎটাকে*
*কেমন করে ঘুরছে মানুষ যুগান্তরের ঘুর্ণিপাকে।*
*দেশ হতে দেশ দেশান্তরে*
*ছুটছে তারা কেমন করে।*
*কিসের নেশায় কেমন করে মরছে বীর লাখে লাখে*
*কিসের আশায় করছে তারা বরণ মরণ যন্ত্রণাকে।*

এই অনুপ্রেরণা যোগাতে গিয়েই নজরুলের বিদ্রোহী ভাবাপন্ন মনের পরিচয় প্রকাশ পেয়েছে **'মায়া – মুকুর'** কবিতায়–

*ভাঙ্গো ভাঙ্গো এই ক্ষুদ্র গণ্ডী, এই অজ্ঞান ভোলো*
*তোমাতে জাগেন যে মহামানব, তাঁহারে জাগায়ে তোলো।*

*তুমি নহ শিশু দুর্বল, তুমি মহোত মহীয়ান*
*জাগো দুর্বার, বিপুল, বিরাট অমৃত সন্তান।*

শিশুরা শিশু বলেই ছোট নয় – বড় হবার অদম্য ইচ্ছে তাদেরও আছে। আজকের শিশুইতো দেশের ভবিষ্যৎ, তাই তাদের জাগিয়ে তুলতে সচেষ্ট হলেন নজরুল এই বলে:

*তোমরা ভাবিছ, আমরা বালক অথবা বালিকা কেহ;*
*আমি বলি – কেহ দেখনি আজিও তোমরা নিজের দেহ।*
*তোমাদের মন মায়া দর্শনে দেখো যদি নিজ কায়া*
*দেখিবে তোমারই ঐ দেহে আছে সারা বিশ্বের ছায়া।.....*

*শিশুদের ছোট্ট হৃদয়ে বড় হবার* আকাংখা প্রশংসনীয়, সেই সাথে প্রশংসনীয় মায়ের প্রতি তাদের গভীর শ্রদ্ধা নিবেদন যা নজরুলের **"মা"** কবিতায় স্পষ্ট।

*আয় তবে ভাইবোন*
*আয় সবে আয় শোন*
*গাই গান, পদধূলি শিরে লয়ে মা'র*
*মা'র বড় কেউ নাই*
*কেউ নাই কেউ নাই।*
*নতি করি বল সবে "মা আমার! মা আমার!"*

শিশুরা স্বভাবতঃই কৌতূহল – প্রিয়। তাদের কচি মনে বহু প্রশ্নই উঁকিঝুঁকি দেয়। নজরুল শিশুর এই স্বাভাবিক চাহিদাকে লক্ষ্য করে, তাদের কৌতূহলকে প্রকাশ করেছেন **'কোথায় ছিলাম আমি'?** কবিতায়:

*মাগো! আমায় বলতে পারিস কোথায় ছিলাম আমি*
*কোন না জানা দেশ থেকে কোলে এলাম নামি?*
*আমি যখন আসিনি, মা তুই কি আঁখি মেলে*
*চাঁদকে বুঝি বলতিস – ঐ ঘর – ছাড়া মোর ছেলে?*

ছোটদের কাছে নজরুলের ছড়া, কবিতা অমৃত স্বরূপ। **লিচুচোর, শিশু যাদুকর, খুকু ও কাঠবেড়ালী** ইত্যাদি কবিতা ছোট ছেলে মেয়েদের ঠোটস্ত। শুধু ছোটই নয়, বড়দের কাছেও নজরুলের এ সকল ছড়া, কবিতা সুখ – পাঠ্য। শুধু টুকরো টুকরো কবিতা, ছড়ায় শিশু – সাহিত্যে নজরুলের অবদান সীমিত নয়; নাটক, কাব্যগ্রন্থে তিনি তাঁর সাহিত্যের ভান্ডার উজাড় করে দিয়েছেন – এক্ষেত্রে **'পুতুলের বিয়ে'** নাটিকা, **'ঝিঙ্গে ফুল'** কাব্যগ্রন্থ ইত্যাদির নাম উল্লেখ্য।

**'পুতুলের বিয়ে'** তে **'সাত ভাই চম্পা"** কবিতাটি তিনি রচনা করেন চট্টগ্রামস্থ মরহুমা বেগম সামসুন্নহার মাহমুদের বাড়ীর এক আনন্দমুখর পরিবেশে। **'সাত ভাই চম্পা'**তে নজরুল সাত ভাই'র মাধ্যমে শিশু মনের বর্ণালী স্বপনকে রূপ দিতে চেষ্টা করেছিলেন। কিন্তু 'শিশু – সাহিত্যে নজরুল' প্রবন্ধে বেগম মাহমুদ লিখেছেন, " *সেখানে এত হৈ হুল্লোরের মধ্যে তাঁর দিনগুলো কেটেছিল যে, চম্পা ভাইদের সকলের কথা বলে শেষ করা আর হয়ে উঠেনি তাঁর।"*

শিশু – সাহিত্যে নজরুলের দান অপর্য্যাপ্ত নয়, হয়তো তাঁর অকাল অসুস্থতাই এর কারণ। তবুও শিশুদের জন্যে তাঁর যে অবদান – তা শিশু – সাহিত্যের অমূল্য সম্পদ। তাঁর লেখার স্রোতধারা শিশুদের মনে যেমন রোমাঞ্চের সৃষ্টি করে, তেমনি বাস্তব চেতনাবোধও জাগায়। এক কথায় নজরুল শিশুদের অনুভূতি নিয়েই শিশুদের লেখা রচনা করেছেন এবং একাধিক বৈচিত্র্যের সন্ধান দিয়েছেন যা বাংলা শিশু – সাহিত্যে অমূল্য সম্পদ হয়ে রয়েছে এবং থাকবেও বিশেষ সাহিত্য হিসেবে বিবেচিত হয়ে।



# সার্বজনীন নজরুল

*সউদ আহমদ চৌধুরী*

'কুহু – কুহু – কুহু পাপিয়া ফুকারে।' পাপিয়ার ডাক শুনে অনুসন্ধিৎসু পথিক পথযাত্রী ব্রাহ্মণ পন্ডিতকে বললেন – 'ঠাকুর! শোকশাস্ত্র ত অনেক রপ্ত করেছেন, বলুন তো পাখীটি কি বল্‌ছে?' পন্ডিত তাচ্ছিল্যের সুরে জবাব দিলেন – অতি সহজ। পাখীটি বলছে রাম – সীতা – দশরৎ'। পরক্ষণে একজন মৌলভীকে পথিক একই প্রশ্ন করলেন, বললেন 'হুজুর! অনেক এলেমদার আপনি, বলতে পারেন কুহু – কুহু – কুহু বলে পাখীটি কি বুঝাচ্ছে?' এলেমের ফখর নিয়েই মৌলভী উত্তর দিলেন –'আল্লাহ্‌র তৈরী কুদরৎ'। সবশেষে একজন পাঁচক বামনকে ধরে পথিক বললেন – 'তুমি ত সারাটা জীবন হেঁসেলে কাটিয়ে দিলে, পাখীর ভাষাটা কিছু বুঝলে কিনা বলতো?' বামুন চটকরে উত্তর দিলেন – 'পেঁয়াজ – রসুন – আদ্রক্'। বাংলার বুলবুল কবি নজরুলের বোলটাও আমরা এমনি ভাবে বুঝেছি, আর তাই আংশিক বুঝে ওঠা থেকে আংশিক স্বীকৃতি তিনি পেয়েছেন গোষ্ঠী বিশেষের কাছ থেকে।

রাজন্যবর্গের ষড়যন্ত্রের সোপান বেয়ে ঔপনিবেশিক শক্তির ভারতবর্ষে প্রবেশের সদর – দরজা এই বাংলার প্রজাকুলের এক অর্বাচীন বালকের মসি যখন অসি হয়ে তাদের দিকে ধাবিত হলো, তখন তেড়ে আসাটাই রাজধর্ম। দ্বিতীয়তঃ নজরুল প্রতিভা গড়ন গঠনে পাশ্চাত্য শিক্ষা ব্যবস্থার প্রত্যক্ষ অনুশীলন ছিল না। স্বশিক্ষায় সুশিক্ষিত নজরুল এখানে ব্যতিক্রম। তাই, তৎকালীন শাসকবর্গ এঁকে মেনে নেবেন অমন আশা করাটা বাতুলতা। উল্লেখ্য যে, মধুসূদন, বংকিমচন্দ্র আর রবীন্দ্রনাথের সাহিত্যকর্মের স্বীকৃতি দিয়ে ইংরেজরা উদারতার পরিচয় দিয়েছিলেন সত্য, কিন্তু এতে British liberalism এর সময়োপযোগী প্রচারের উদ্দেশ্যটাও সন্দেহাতীত ছিল না। কাব্য – সাহিত্যে দেশ – প্রেম আর দেশকে ভালবাসি বলে আত্মসমালোচনার সাথে সাথে বহিরাগত প্রতিবন্ধকতার প্রতিবাদ করাটা ছিল পাশাপাশি দুটি ভিন্ন স্রোত। একটাতে শীতল প্রবাহ আর আরেকটাতে উষ্ণ। নজরুল নিজেই এই দ্বিতীয় শ্রেণীটির প্রবক্তা। নজরুলের সমকালে বিশ্বজুড়ে অস্তাচলগামী বৃটিশ সাম্রাজ্যবিরোধী আন্দোলনটা মূলত ঃ দুটি বিপরীতমুখী ধারায় বহমান ছিল। ভারতবর্ষে ছিল তা আরও স্পষ্টতঃ বিভাজ্য – অহিংস আর সহিংস। নজরুলের কাব্যব্যঞ্জনা এ দুটির কোন দিকে ধাবিত হচ্ছে, তা বেশ পরিচ্ছন্নভাবে ধরা দেয় শাসকগোষ্ঠীর কাছে। আর তাই রাজদ্রোহী খেতাবটা নজরুলের ললাটে শোভিত হলো। পুরস্কার নয়, তিরস্কারে ভূষিত হলেন তিনি। বরমাল্যের বদলে শিকল পড়ল তাঁর গলে। কিন্তু, *'শিকল পরেই শিকল'* বিকল করার দৃঢ় প্রত্যয় নজরুলের ছিল অবিচলিত।

হিন্দু – মুসলিম সম্পর্কোন্নয়ন নজরুলের জীবনদর্শনে অনেকটা জোরেসোরে উপস্থিত থাকলেও ধর্মীয় উত্তরাধিকারগত কারণে প্রাথমিক পর্য্যায়ে বঙ্গীয় হিন্দু সমাজ নজরুল প্রতিভার নিরপেক্ষ মূল্যায়ন করেনি বলা যেতে পারে। সংস্কারমুক্ত পরিচ্ছন্ন – বিবেক কবিকে অযৌক্তিক সংস্কারের বিরুদ্ধে সোচ্চার করে তোলে। নানা প্রশ্ন নিয়ে আসেন তিনি অন্ধবিশ্বাস, সামাজিক বৈষম্য আর ধর্মের ভুল ব্যাখ্যার সামনে। মাতৃহন্তা পরশুরামের অবতাররূপটা মেনে নিতে পারেননি তিনি। তাঁর স্পষ্টবাদীতা তাই সাধারণ হিন্দু মনে অগ্রাহ্য ছিল। সৈনিকবেশে মধ্যপ্রাচ্য প্রবাসের প্রভাব, চারিত্রিক গুণগত সার্বজনীনতা, বিশ্বপ্রকৃতির সাথে একাত্মতা, বাংলা ভাষার মৌলিক ধারায় আরবী – ফারসী শব্দের এবং তদ্দেশীয় সংস্কৃতির উপমা উপকরণের মিশ্রণ ইত্যাদি কারণসমূহ তৎকালীন হিন্দু সামাজিকতার কাছে নজরুলের কাব্য–সাহিত্যকে আপেক্ষিকভাবে কম সমাদৃত করে রাখে। অবশ্য, সমকালীন রাজনৈতিক গণবাসনার সাথে তাঁর লেখনীর সুসম্পর্ক; এবং তাঁর প্রতি রবীন্দ্র – সম্প্রীতি তাঁকে প্রগতিশীল হিন্দু সমাজে সমাদৃত করেছিল।

এদিকে, জাতীয়তা আর তদোদ্ভূত সংস্কৃতি নির্ণয়ে দোদুল্যমান মুসলিম সম্প্রদায়ও সুবিচার

করলেন না তখন নজরুলের প্রতি। জাতীয় জীবনে তাঁর অবদানের চেয়ে তাঁর ব্যক্তিগত আচার আচারণের প্রতি রক্ষণশীল দৃষ্টি ফেলে নজরুলকে বিচার করলেন তারা। মূল দর্শনের চেয়ে আনুষ্ঠানিকতার উপর গুরুত্ব দেয়ার ফলশ্রুতিতে ইসলামে ব্রাহ্মণ্যবাদের সৃষ্টির বিরুদ্ধে তীক্ষ্ন লেখনী ধরে মৌলবাদীদের কোপদৃষ্টিতে পড়লেন তিনি। পক্ষপাতহীন কবি মানসে সকল কুসংস্কারই একইভাবে ধরা পড়েছিল। তার ধ্বংসে তিনি ***'গজনী মাসুদ'*** আর ***'কালাপাহাড়'*** কে আহ্বান করেছিলেন। মুসলিম সম্প্রদায়ের অনুকরণে ফেরদৌসী, ওমর খৈয়ামের সৃজনশীলতার প্রতি নজরুলের অকৃত্রিম শ্রদ্ধাবোধও তাঁর নিজের কৌলিন্য প্রতিষ্ঠা করতে পারে নি। কাফের বলে মুসলিম মুখের নিকৃষ্টতম গালি খেলেন নজরুল।

হিন্দুর সাথে চলতে গিয়ে মুসলমানের কাছে কুলহারা হলেন। মুসলমানের গুণ গেয়ে হিন্দুর অভিশাপ কুড়ালেন। প্রজার সাথী হয়ে হলেন রাজার দুষমন। এখানেই শেষ নয় – কবির জবানীতে *"গোঁড়া – রাম ভাবে নাস্তিক আমি, পাতি – রাম ভাবে কনফুসি! স্বরাজীরা ভাবে নারাজী, নারাজীরা ভাবে তাহাদের অংকুশি! নর ভাবে, আমি বড় নারী ঘেঁষা! নারী ভাবে, নারী বিদ্বেষী!"*

পাপ – পুণ্যের বাটখারায় মেপে তেত্রিশ কোটিকে পাপী সাব্যস্ত করলেন নজরুল। স্বজাতি – বিজাতি সবাই ক্ষেপে গেলেন। কবি বিচার হলো তাই আপন আপন গোষ্ঠীস্বার্থের মাপকাঠিতে। এমনি প্রতিকূলতায় স্বীকৃতি বা প্রতিষ্ঠালাভ স্বভাবতঃই হলো ব্যাহত। অবশ্যি, কর্মযোগী নজরুল এর কোনটার প্রত্যাশাও করেন নি। *'ফলের আশা করলে কর্ম আর নিষ্কাম হলো কই'* – ওমনি সন্ন্যাসব্রত তিনি নিয়েছিলেন।

কিন্তু যে চায়নি তাকেও দেব ওমন ঐশিক ইচ্ছাতাড়িত হয়ে নয় বরং কাউকে দেখিয়ে দেবার জন্যই এক পক্ষ এগিয়ে এলেন। এ শতাব্দীর প্রায় মাঝটাতে এসে যখন উপমহাদেশের ইতিহাসটা একটা নতুন মোড় নিল, তখন নজরুলের মত একজনকে নিয়ে গর্ব করার প্রয়োজন বোধ করলেন তারা। কিন্তু এ ভালবাসাটা চললো শর্তসাপেক্ষে। ইসলামের কবি, মুসলমানের গৌরব – এমনতর পরিচয় নিয়ে এসে নজরুল প্রতিভার সার্বজনীন পরিধিটিকে সংকীর্ণ করা হলো। অগণিত শ্যামা – সঙ্গীত, ভজন আর কীর্ত্তন রচয়িতা নজরুলের এদিকটার পরিচয় গোপন রাখা হলো। 'মহাশ্মশানকে' কে 'গোরস্তান' করে 'মসজিদ' এর পাশে কবর খুঁড়লেন তারা। ভাগ্যিস কবি এতোদিন অভিমান করে বসে ছিলেন। নয়ত বা যদি গেয়ে উঠতেন *'দিবে গোর খুঁড়িয়া মাটি শরাবী ঐ শরাবখানায়?"* অথবা, তাঁর প্রতি এই পক্ষপাতিত্বে বিক্ষুব্ধ হয়ে যদি ডেকে বলতেন, *'জাগো, যোগমায়া, জাগো মৃণ্ময়ী মা গো।'*

আরেকটা রাজনৈতিক পরিবর্তনের সাথে সাথে স্তব্ধ নির্বাক কবিকে টেনে আনা হলো এপারে। কারণ বুঝানো হলো – তিনি যে গণতন্ত্রের অবতার, সাম্রাজ্যবাদের প্রবক্তা, সাম্যবাদের কবি, অসাম্প্রদায়ীকতার নবী। ঘটা করে আসরে বসিয়ে বার বার জিজ্ঞাসা – *'ফুলেরও জলসায় নীরব কেন কবি?'* ভক্তমনের আকুল আকুতি, *'কথা কও, কও কথা, থাকিওনা চুপ করে।'* জবাব পেলেন না কেউ, কবি অভিমানী, বহু আগেই বলে রেখেছেন – '*'তোমাদের চাহিয়া বন্ধু আর আমি জাগিব না, কোলাহল করি দিনমানভরি তোমাদের ঘুম ভাঙ্গিব না।"* এসব কাণ্ড ঘটিয়ে এর হোতারা কতটুকু বাহ্বা পেলেন জানি না, তবে সুখের বিষয় অতটুকু যে সাধারণ মানুষ 'আপনার মনে' জ্বলে যাওয়া 'গন্ধবিধুর 'ধূপ' টিকে উপভোগ করলেন কিছুদিন।

তা হলে কি নজরুল সাধারণ মানুষের খুব কাছের ছিলেন বলেই এমনটি হলো? হয়ত বা তাই। কারণ, রবীন্দ্রনাথ বলেন – 'খুব কাছে থাকলে সম্পূর্ণটা দেখা যায় না।' আর তাই বুঝি এই আংশিক দেখা, আংশিক বিচার, আংশিক মূল্যায়ন আর আংশিক স্বীকৃতি। চন্দ্রগুপ্ত মৌর্যের রাজ্যাভিষেকের পেছনে চাণক্য পন্ডিতের ক্ষুরধার মস্তিষ্কের কারসাজি ছিল। দাস – বংশের ভারত শাসনের পেছনে মুসলিম উত্তরাধিকার আইনের অস্পষ্টতা ছিল। কিন্তু রুটির দোকানের দিন মজুরের অমন প্রথিতযশা হওয়াটা ভাবিয়ে তোলে সবাইকে। যুগে যুগে বিশেষ প্রক্রিয়ায় কবি বা সাহিত্যিকের আবির্ভাবের জন্য সমাজ প্রস্তুত ছিল বা থাকে। বিশ্ব – সভ্যতায় ভারতীয় সংস্কৃতির স্থান এর স্পষ্ট প্রমাণ। প্রক্রিয়ার ব্যতিক্রমহেতু নজরুল তাই সৃষ্টি করলেন এক দোদুল্যমানতার। আর এখানেই প্রথম সংশয়ের অবকাশ, নজরুলের সর্বসম্মত স্বীকৃতি পরাহত।

আস্তাকুঁড়ে ফুল ফুটে আস্তাকুঁড়েই ঝরে যায় – এমন গতানুগতিকতার বিপ্লবাত্মক ব্যতিক্রম নজরুল। কালিদাস, মধুসূদন, বংকিমচন্দ্র, শরৎচন্দ্র প্রমুখের পরিবেশ পরিচ্ছন্নতার সাথে তুলনাহীন পারিবারিক ও আর্থ – সামাজিক ব্যতিক্রমে নজরুল প্রতিভার বিকিরণ ঘটে। দুঃখ – দারিদ্র্যের পাঠশালায় প্রশিক্ষণ দুঃখুমিয়ার। আবাল্য সরস্বতীর স্পর্শহীন নজরুল প্রতিভা প্রমাণ দিল 'Genius is



born, it never can be taught' রবিরশ্মিস্নাত বঙ্গীয় সুধিসমাজে নজরুল ব্যক্তিত্ব আপন মহিমায় বেড়ে উঠেছিল। সবার মধ্যে থেকে সবার থেকে ভিন্ন দৃষ্টিতে দেখলেন তিনি পারিপার্শ্বিকতাকে। দরিদ্র – সমাজ, সাম্রাজ্যবাদ কবলিত স্বদেশ আর মহাযুদ্ধ জড়িত বিশ্ব – এই তাঁর পাঠ্যতালিকা। আর এই সব থেকে মুক্তির সুপথ নির্ধারণ তাঁর ব্রত। সমাজ জীবনের লাবণ্যের আগে কদর্য্যতা দৃষ্টিগোচর হলো তাঁর, আর তিনি বিক্ষুব্ধ হয়ে উঠলেন। বিক্ষুব্ধ প্রেমহীনতার বিরুদ্ধে। বিক্ষুব্ধ দারিদ্র্যের বিরুদ্ধে। বিক্ষুব্ধ অন্যায়, অবহেলা ও নিপীড়নের বিরুদ্ধে। কিন্তু এ তো নজরুলের আংশিক ব্যক্তিত্ব। উৎকর্ষিত মননশীলতায় প্রেমসুখানুভূতি এতো প্রবল ছিল যে বাস্তব পৃথিবীতে এর স্বরূপ নির্ণয় করতে গিয়ে তাঁর বিদ্রোহ দানা বেঁধে ওঠে। *'এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী'* নিয়ে ঘর থেকে বেরিয়ে তাঁকে 'আর এক হাতে রণ – তূর্য' তুলে নিতে হয়েছিল। আসলে শাশ্বত প্রেমই নজরুল মানসের সর্বাঙ্গে দ্রবীভূত ছিল; আর এটাই নিগূঢ় সত্য। সুতরাং, স্বর্গ – মর্ত্যের সকল নীতিশাস্ত্র নিঃসৃত প্রেমসলিলে নিমজ্জিত এই মানুষটি এখানেই সার্থক, সার্বজনীন। "মনের গহীন অতলের বুকে অহরহ কত তরঙ্গ জাগিতেছে – তাহাতে ঝংকার আছে, শব্দ আছে, কিন্তু ভাষা নাই। অনাদিকাল হইতে মানব জাতির প্রকাশব্য আতুর মন ভাষা খুঁজিয়া বেড়াইতেছে।" প্রেমের সে ভাষা, মুক্তির সে ভাষা, প্রতিবাদের সে ভাষা জনমনে যোগান দিয়ে নজরুল কবি হয়েছিলেন। কিন্তু এই কবি বোলটিতেও তাঁর ক্ষোভ – *'আমি কবি হতে আসিনি, আমি প্রেম পেতে এসেছিলাম, প্রেম দিতে এসেছিলাম।'* এ আবার এমন কি চাওয়া! সবার কথা বলে নিঃস্ব এই সমাজসেবী নিঃস্বই থেকে গেলেন। কার্পণ্যের পরাকাষ্ঠা দেখিয়ে জাতি তাঁকে আংশিক মূল্যায়ন করে মেকী শ্রদ্ধায় গদগদ হয়ে থাকলো। কিন্তু কালের মানসে নজরুলের অবদান শাশ্বত, খাঁটি ও সত্য – *"মেকীর বাজারে আমরণ তুমি র'য়ে গেলে তুমি খাঁটি, মাটির এ দেহ মাটি হ'ল, তবু সত্য হ'ল না মাটি।"*

# নজরুলের জীবনে প্রেম

*জিয়াউর রহমান*

## শিল্পী মানসপট :

উত্তর আমেরিকার নিউজার্সীতে অনুষ্ঠিত প্রথম রবীন্দ্রমেলায় পশ্চিমবঙ্গ থেকে আমন্ত্রিত একজন সাংবাদিক রবীন্দ্রনাথের জীবনে প্রেম সম্পর্কে আলোচনা করতে গিয়ে যা বললেন, তার সারমর্ম এরকম দাড়ায় – প্রবল প্রতিভার প্রখরতা দিয়ে যে মানুষ অতি – মানব হয়েছেন সঙ্গীত এবং বাংলা কথাশিল্পের স্বসৃষ্ট জগতে, তাঁর যৌবন এবং পৌরুষও তেমনি প্রবলতর বীর্যবান ছিল। আসলে যারা শিল্পী এবং প্রতিভাবান তাঁদেরকে সবসময় গতানুগতিক ধারায় সামাজিক ছকে বাধা যায় না। রবীন্দ্রনাথের মত বড় প্রতিভাসূকে এবং ব্যক্তিত্বকে কাদম্বিনী দেবী, দক্ষিণ আমেরিকার ভিক্টর ওকাম্পা, হয়তো অন্যরাও অনুরাগে টলিয়েছিল। কবি গুরু রবীন্দ্রনাথের ব্যক্তিগত জীবনের প্রেম কাহিনী নিয়ে আলোচনাটি এমনি রসাত্মক হয়েছিল যে, কেউ কেউ গোঁড়া রবীন্দ্র – ভক্তরা আলোচনাটি মোটেই পছন্দ না করলেও, সে রসে অনেকেই আত্মহারা হয়েছিলেন। যাইহোক, অনেক অনুজ নজরুলও এই জাতিয় ফাঁস অথবা মালা এড়িয়ে যেতে পারেননি। গোঁড়া নজরুল ভক্তরা এ আলোচনায় নিশ্চয়ই বিতশ্রদ্ধ হবেন না আশা করছি, কারণ এর আগে এ বিষয় নিয়ে যথেষ্ঠ আলোচনা হয়েছে বিভিন্ন লেখকদের লেখনীতে এবং অলেখকদের আড্ডার আসরে। বিবাহ – পূর্ব, বিবাহ এবং বিবাহ – পরবর্তী তিনটি ঘটনা নিয়েই সীমাবদ্ধ স্বল্প পরিসরে এই আলোচনাটি অত্যন্ত সংক্ষিপ্ত ভাবে উপস্থাপন করা হবে ।

## নার্গিস ও কবি :

কবি এসেছেন ত্রিপুরার ( বর্তমান কুমিল্লা ) দৌলতপুর গ্রামে, আলী আকবার খানের বাড়ীতে বেড়াতে, কলকাতা থেকে। মাতিয়ে রেখেছেন সারা গ্রামের আবালবৃদ্ধবনিতা তাঁর গানে, কবিতায় আর তাঁর অনুপম ব্যক্তিত্বের হাস্য রসিকতায়। আলী আকবার খানের বোনের যুবতি মেয়ে নার্গিসের পাসের বাড়ীতেই বাস। কবির আগমন উপলক্ষ্যে মা মেয়ে নার্গিসকে নিয়ে ভাইএর বাড়ীতেই থাকছেন। "গতরাতে আপনি খুব সুন্দর বাশী বাজালেন," আকস্মাৎ একদিন আবেগ জড়িত কন্ঠে বললেন নার্গিস, "আমার খুব ভাল লেগেছে।" কবির হৃদয় মানসপট আনন্দে উথলিত হোল। যেন থমথমে স্তব্ধ নীল জলে পরিপূর্ণ কুলকিনারাহীন সাগরে অজান্তে নক্ষত্রমন্ডলী থেকে সবেগে একটি উল্কাপিন্ড এসে ছুটে পড়লো তারই বিশাল বক্ষে। কবির হৃদয়ে প্রেমানন্দের ঢেউ খেলে গেল। সযত্নে লালিত হোল একটি সুন্দর স্বপ্ন। ছিন্নবন্ধন, মুক্ত যে চিত্ত জীবন – যুদ্ধের মুক্তাঙ্গন থেকে সীমান্ত – রণাঙ্গনে হণ্যে হয়ে ফিরেছে বিজয়ের নেসায়, সহসা প্রেম – বিজয়ের প্রচন্ড সুখানুভূতি হৃদয়ে তাঁর মর্মর বেজে উঠলো। ভালবাসার স্বপ্ন রূপ নিল তাঁর মনে ছোট্ট নিবিড় – বাসায়। কবি তাঁর বন্ধু পবিত্র গঙ্গোপাধ্যায়কে লিখলেন, "এক অচেনা পল্লী – বালিকার কাছে এত বিব্রত আর অসাবধান হয়ে পড়েছি, যা কোন নারীর কাছে কখনও হইনি" কিন্তু হায়! সহসাই কবি আবিষ্কার করলেন নক্ষত্রমন্ডলী থেকে ছুটে আসা অচেনা বস্তুটি একটি ছিন্নাংশ, উত্তপ্ত কঠিন প্রস্তর খন্ডই বৈকি! ব্যথাতুর হলেন কবি গভীর ভাবে। হয়তো এরও প্রয়োজন ছিল। সেই বেদনার অনুভূতি নিয়েই হয়তো তিনি সৃষ্টি করেছিলেন তাঁর অপূর্ব সুধাময় আপন জগৎ। কথাশিল্পে – সঙ্গীতে, কবিতায় এক একটি রত্ন করেছিলেন তৈরী। পবিত্র গঙ্গোপাধ্যায় চিঠির উত্তরে লিখলেন : "যখন আজ তোর চিঠিতে জানলুম যে, তুই স্বেচ্ছায় স্বজ্ঞানে তাকে বরণ করে নিয়েছিস, তখন অবশ্য আমার কোন দুঃখ নেই। তবে একটা কথা, তোর বয়েস আমাদের চাইতে ঢের কম, অভিজ্ঞতাও তদনুরূপ,



feeling –এর দিকটা অসম্ভব রকম বেশী। কাজেই ভয় হয় যে, হয়তো বা দু'টো জীবনই ব্যর্থ হয়।"

মোজাফফর আহমদ তাঁর "কাজী নজরুল ইসলাম স্মৃতিকথায়" লিখেছেন, "পবিত্র গঙ্গোপাধ্যায়ের এই আশংকা বিশ্রী রকম বাস্তবে পরিণত হয়েছিল।" এ বিষয়ে বিস্তারিত লেখার পরিসর এখানে নেই। তবে এটুকু বলা প্রয়োজন যে এ ঘটনাটি একটি বিতর্কীত বিষয়। কবি রুদ্ধবাক্ হওয়া এবং সম্বিত হারানোর পরেই নার্গিস জড়িত কবির প্রেম জীবন সম্পর্কীয় বিভিন্ন জনের লেখা প্রকাশিত হয়েছে। এঁদের মধ্যে ডক্টর সুশীলকুমার গুপ্ত, মোহম্মদ নাসির উদ্দীন, মুজাফফর আহমদ, শেখ দরবার আলম প্রমুখ উল্ল্যেখযোগ্য। মোজাফফর আহম্মদ কবির দুর্দিনে এবং সুদিনে একজন প্রকৃত বন্ধু ছিলেন তিনি লিখেছেন, এ বিতর্কীত বিষয় নিয়ে কবির নামে 'বাবাশ্বশুর" নামক একটি চিঠি জাল করা হয়েছে। ভাষাগত ভুলে পরিপূর্ণ আপাত কাব্যিক এই চিঠিটি 'নজরুল রচনা – সম্ভারে' কবির স্বলিখিত চিঠি হিসাবে স্থান পেয়েছে। নার্গিস বেগমকে লেখা কবির অন্য আর একটি চিঠিও 'নজরুল রচনা – সম্ভারে' ছাপা হয়েছে। এ চিঠিখানা উল্লেখিত ঘটনার পনেরো বৎসর পর লেখা এবং এটাই ছিল নার্গিসকে কবির লেখা প্রথম ও শেষ চিঠি। এর একাংশে নজরুল লিখেছেন : "আমি জানি তোমার সেই কিশোরী মূর্তিকে, যাকে দেবীমূর্তির মত আমার হৃদয় – বেদীতে অনন্ত প্রেমে অনন্ত শ্রদ্ধার সঙ্গে প্রতিষ্ঠা করতে চেয়েছিলাম। সেদিনের তুমি সে বেদী গ্রহন করলে না। পাষাণ দেবীর মতই তুমি বেছে নিলে বেদনার বেদী – পীঠ।"

## প্রমীলা সেনগুপ্তার সাথে বিয়ে :

প্রথম বিয়ের ব্যর্থ উদ্যোগের মধ্যে দিয়েই কবির পরিচয় হয়েছিল গিরিবালা সেনগুপ্তার কন্যা প্রমীলার সাথে। পরিচয় থেকে প্রণয়ে রূপ নিয়েছিল সহসাই, হয়তো পূর্ব ব্যর্থতার বেদনা অবসান ঘটাতে। প্রেম নিবেদনে কবি লিখলেন *'বিজয়িনী'* কবিতা, যার প্রথম দু'টি লাইন :

*হে মোর রাণী ! তোমার কাছে হার মানি আজ শেষে*
*আমার বিজয় কেতন লুটায় তোমার চরণ–তলে এসে!*

এইভাবে পরিচয় থেকে প্রণয় অত:পর পরিণয়ে আবদ্ধ হলেন দু'জনে ১৯২৪ সালের ২৪শে এপ্রিলে। "সওগাত যুগে নজরুল ইসলাম" বইএ জনাব নাসির উদ্দীন লিখেছেন, "বিবাহের পর নজরুলের আর্থিক সংকটের মধ্যে প্রমীলা দুঃখকষ্টে সংসারধর্ম পালন করতে থাকেন। এ বিবাহে হিন্দু – সমাজের লোকেরা নজরুলের উপর বিরূপ হন। তাঁদের কবি – লেখকেরা বিভিন্ন উপায়ে নজরুলকে অপদস্থ করবার চেষ্টা করেন" মুসলমানরা কি কম বিরূপ হয়েছিলেন? কবি তো কাফেরও আক্ষা পেলেন স্বধর্মীদের থেকে। আসলে ধর্ম, জাতির ভেদাভেদের নোংরামী কবিকে স্পর্শ করতে পারেনি কখনও। তিনি ছিলেন মানবতার কবি। মানুষের প্রেমের মধ্যে দিয়েই তিনি স্রষ্টার প্রেম খুঁজেছেন। মানুষ ও স্রষ্টার প্রেমই তাঁর কাছে ছিল বড়। তাঁর ব্যতিক্রম – ধর্মী চেতনা সাধারণ মানুষের কাছে বোধগম্য ছিল না বলেই তারা হিংসায় কুৎসা রটানোর প্রয়াস পেয়েছে ।

## কবির জীবনে ফজিলাতুন্নেসা :

কবির জীবনে আর একটি ব্যর্থ প্রেমের সূচনা হয় যখন তিনি ঢাকায় আসেন বঙ্গ মুসলিম সাহিত্য সম্মেলন উদ্বোধন করতে। কবি আকর্ষিত হন ফজিলাতুন্নেসার উপর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অংকের মেধাবী ছাত্রী, কিঞ্চিৎ সাহিত্য চর্চায় অভ্যস্ত ছিলেন ফজিলাতুন্নেসা। কবির সাথে পরিচয়ের সূত্র খুঁজতে কাজী মোতাহার হোসেনকে তিনি অনুরোধ করেন যেন কবি তার হাত – দেখা জ্যোতিষী হন। মোতাহার হোসেন ছিলেন কবির অন্তরঙ্গ বন্ধু। এই হাত দেখা সূত্রে কবি ফজিনাতুন্নেসার প্রেমে পড়েন। কিন্তু তিনি সে প্রেমের প্রতিদান পাননি। মোতাহার হোসেনকে এক চিঠিতে তিনি লিখেছেন, "পাওয়ার বেভুল আনন্দে যে আত্মবিস্মৃতি আমার ঘটেছে, তা তাঁর ঘটেনি – কেবল মনে আছে তাঁকে – তাঁর প্রতিটি গতিভংগী, হাসি কথা চলাফেরা সব। ঐ তিন দিনের দেখা তাঁকে আজো তেমনি স্পষ্ট দেখতে পাচ্ছি আমার চোখের সামনে! ঐ তিনটি দিন আমার কাছে অনন্তকালের মত অক্ষয় হয়ে রইল। তাঁর আঘাত বেদনা – অশ্রু আমার শাশ্বতলোকের শূন্য ভান্ডার পূর্ণ করে দিয়েছে!"

কবির এ প্রেম দীর্ঘস্থায়ী হয়নি; ফজিলাতুন্নেসার উদাসীনতা, উন্নাসিকতাই হয়তো এর কারণ ছিল। তাছাড়া উচ্চ শিক্ষার উদ্দেশ্যে বিলেত গিয়ে তিনি সেখানে পরিণয় সূত্রে আবদ্ধ হন। কবির এ প্রেম ছিল কিছুটা "মধ্য বয়সের সঙ্কট" এর মতই প্রেমের জগতে নিজেকে হারিয়ে, পরিণাম, পরিণতির কথা ভাবেননি তিনি কখনও। পবিত্র গঙ্গোপাধ্যায় ঠিকই লিখেছিলেন, " feeling -এর দিকটা অসম্ভব রকম বেশী।" তিনি ছিলেন কোমল - হৃদয়, যদিও তাঁর কলমে ছিল শৌর্যবান বিদ্রোহের ক্ষুরধার। সৃষ্টি জগতের স্রষ্ঠাদের জীবনে আজন্মকাল হতেই হয়তো প্রেম - ভালবাসার এমনই ধারা বয়ে আসছে।





# সাম্যবাদী নজরুল : কাব্য-সাহিত্য যেখানে মাধ্যম মাত্র, গন্তব্য নয়

*দেওয়ান শামসুল আরেফীন*

*০*

নজরুলের কাব্য-সাহিত্যের গন্তব্য - সাম্যবাদ।
তাই তখন সাম্প্রদায়ীকতা-দোষে দুষ্ট বাংলা কাব্য - সাহিত্যের অঙ্গনে তাঁর উৎকট অসাম্প্রদায়ীকতা মনে হয়েছে অস্থির / অপরিণত চিত্তের প্রকাশ।
Psychedelic - পরধর্মীদের কাছে।
কাফের - গোঁড়া স্বধর্মীদের কাছে; এবং
Idiosyncratic - উদারপন্থী স্বধর্মীদের কাছে।

বস্তুতঃ, তাঁর গন্তব্য ছিল সাম্যবাদ। বিশ্ব - মানবতাবাদ।
এবং সাম্যবাদভিত্তিক মানবতাবাদ - উল্টোটি নয়। **'বিদ্রোহী'**, **'কাণ্ডারী হুঁশিয়ার'**, **'সর্বহারা'**, **'সাম্যবাদী'**, **'ফরিয়াদ'**, **'দারিদ্র্য'** ইত্যাদি সমস্ত সাহিত্য - কর্ম তাঁর নির্ভেজাল প্রগতিবাদী ব্যক্তিত্বের স্বাক্ষর বহন করে।

*০০*

শ্রেণীবিভক্ত সমাজ-ব্যবস্থা মূলতঃ Upside down সমাজ-ব্যবস্থা।
প্রাচ্য ও প্রতীচ্যের বহু দার্শনিক এই তথ্যকে তাত্ত্বিক ব্যাখ্যায় সত্যায়িত করেছেন যুগ যুগ ধরে। দর্শনের সাম্প্রতিক ইতিহাসে এ ধারণাকে জনপ্রিয় করেছেন হেগেল, এবং তাতে একটা গুরুত্বপূর্ণ সংশোধন এনে পরবর্তীতে আবেগ - বিবর্জিত বিজ্ঞানে পরিণত করেছেন মার্কস্ / এ্যাঙ্গেলস্।
সমাজ - ব্যবস্থা যে Upside down অবস্থায় রয়েছে - এই স্বীকৃতি প্রগতিবাদী।
Upside down অবস্থার কারণেই সমাজে অন্যায়, অবিচার, উৎপীড়ন, শোষণ ইত্যাদি রয়েছে - এ স্বীকৃতিও প্রগতিবাদী।
Upside down - এই অস্বাভাবিক, কৃত্রিম ও গোষ্ঠীবিশেষের স্বার্থ রক্ষাকারী অর্পিত সমাজ - ব্যবস্থা সম্পর্কিত সচেতনতা অবশ্যই প্রগতিবাদী।

Upside down অবস্থা সম্পর্কে সচেতনতা,
Upside down অবস্থার পরিবর্তন অত্যাবশ্যক ( ফরজ )- সে সম্পর্কে সচেতনতা
এবং
আরাধ্য মৌল পরিবর্তন ঘটানোর লক্ষ্যে সক্রিয় উদ্যোগ হচ্ছে প্রগতিবাদীতার প্রধানতম শর্ত।।

এ কয়টি পদক্ষেপের যে কোন একটি অপরটি ছাড়া অর্থহীন। বায়বীয়। ফানুস।
এমন কি ক্ষেত্রবিশেষে তা অজ্ঞ রক্ষণশীলতার চাইতে প্রতিক্রিয়াশীল।
প্রগতিশীল সমাজ পরিবর্তনে অচলায়তনের সৃষ্টিকারী। চিয়াং-কাইসেকদের প্রসূতিগার।

একটা সহজ উদাহরণ: ইতিহাসে নজীর আছে :

বহু রাজা – বাদশাহ ন্যায় – অন্যায় সম্পর্কে নসিহত করছেন।
গরীবের দুঃখে ব্যথিত হচ্ছেন।
জনহিতকর কাজ করছেন।
জনগণকে আইনানুগতার পরামর্শ দিচ্ছেন।
পুকুর কাটছেন,
রাস্তা তৈরী করছেন,
শিক্ষা – ব্যবস্থার প্রসার ঘটাচ্ছেন,
দাতব্য – চিকিৎসালয় স্থাপন করছেন;–
আরো কত শত মহৎ কাজ করছেন।
কিন্তু তা বলে কি কেউ আজ দাবী করবে যে বাদশাহী আমল / সামন্তবাদী ব্যবস্থা শ্রেয়তর ছিল। অমুক বাদশাহ অথবা তমুক জমিদার প্রগতিবাদী ছিলেন!

সত্যি বলতে কি,
প্রগতিবাদ ব্যক্তিগত করুণাবোধ, দান – দক্ষিণা, পছন্দ – অপছন্দের ব্যাপার নয়; নয় কোন নির্দ্দিষ্ট ব্যক্তির সমাজ – সোপানে আরোহন বা অপসারণ নির্ভর।
Upside down সমাজ – ব্যবস্থার আমূল পরিবর্তন এর লক্ষ্য। এবং
Upside down অবস্থার পরিবর্তনের সক্রিয় প্রচেষ্টা এর অপরিহার্য্য শর্ত।

০০০

ওয়েবারীয়ান ধারণায় সমাজ হচ্ছে মূলতঃ মানুষের বিভিন্ন উদ্দেশ্য – প্রণোদিত তাৎক্ষণিক কর্মকান্ডের যোগফল।
সামাজিক – প্রক্রিয়া সাধারণতঃ Ahistorical – অনৈতিহাসিক বা পূর্বাপর যোগসূত্র বিচ্ছিন্ন।
কখনো আবার আকস্মিক / দৈব / অত্যাশ্চর্য্য ঘটনা উদ্ভূত একটা কিছু।
সমাজ সেখানে অনেকটা স্থিরচিত্রের মত।
বর্ণনামূলক স্থিরচিত্র হয়তো বা।
এবং এই বর্ণনামূলক স্থিরচিত্র সাধারণতঃ আটকা থাকে সমসাময়িক Traditional (ঐতিহ্যগত)), Legal (আইনগত), Bureaucratic (আমলাতান্ত্রিক) কর্তৃত্বধারার ফ্রেমে।কালে ভদ্রে Charismatic (দৈবসুলভ) কর্তৃত্ব সবকিছুকে প্লাবিত করে দিতে চায়।

০০০০

নজরুলের সময় বাংলার আর্থ – সামাজিক Upside down স্থিরচিত্রের অবয়ব ছিল জটিলতর।
একদিকে ভারতীয় সামন্তবাদী মূল্যবোধ পুষ্ট শোষণ ও নির্যাতন,
অন্যদিকে বৃটিশ ঔপনিবেশিক শোষণ ও নির্যাতন।
দুইয়ের সমন্বিত চাপে সাধারণ মানুষের ত্রাহি ত্রাহি অবস্থা। প্রাণ ওষ্ঠাগত। নজরুল এই স্থিরচিত্রের উপকরণের কঠোর ব্যঙ্গ করলেন। উপড়িয়ে ফেলার প্রয়োজনীয়তার কথা সোচ্চারে ঘোষণা করলেন। গতানুগতিক মূল্যবোধে এক ভীষণ ভূমিকম্পের সৃষ্টি করলেন। হলেন Non - conformist।বিপ্লবী।

বৃটিশ বাংলায় তখন আরেক সাম্রাজ্যবাদ পেতে বসে আছেন বিশ্বকবি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর।
অত্যাচারী, শোষক ঔপনিবেশিক প্রভুদের কাছ থেকে পাচ্ছেন খেতাব।
আবার অত্যাচারের প্রতিবাদে খেতাব করছেন বর্জন।
খেতাব প্রাপ্তি যতটা খ্যাতি তাঁকে দিল,
খেতাব বর্জন দিল তার চেয়ে অনেক বেশী।
জোড়া – সাঁকোর জমিদার।
জমিদারের অত্যাচার, শোষণ তার জানা।
**"দুই বিঘে জমি"** তারই ফসল।
আরো অনেক এহেন কবিতা, নাটক, উপন্যাস, প্রবন্ধ ইত্যাদি।



খেতাব বর্জন তাঁর পক্ষে সম্ভব হলো,
জমিদারী বর্জন সম্ভব হলো না। অথবা
সম্ভব হলো না ঐতিহাসিক আন্তর্জাতিক জমিদারী প্রথা উচ্ছেদের সক্রিয় অংশী হওয়ার।
Upside down ব্যবস্থার মূলোৎপাটনে তাঁর ভূমিকা কমই রইলো।'
*' Gold...Thou common whore of mankind "* - ঐশ্বর্য্যের যুগাতীত কুৎসিত চেহারা গভীর জানা শেকসপীয়ারের। কিন্তু সে চেহারা পাল্টানোর ব্যক্তিগত প্রচেষ্টা শেকসপীয়ারের ছিল – এমন প্রমাণ বৃটিশ ইতিহাসে নেই।
কাব্যের চেয়ে বড়ো জরুরী –
Upside down সমাজ –ব্যবস্থার পরিবর্তনেরক্ষেত্রে তাঁরা 'Arts for art's sake' এর কবি হয়ে রইলেন।
কাব্য – চর্চ্চা তাঁদের মাধ্যম হয়ে রইলো,
কাব্য – চর্চ্চা তাঁদের গন্তব্য হয়ে রইলো।

অপরপক্ষে, নজরুল শুরুতেই দুখু মিয়া।
শ্রেণীচ্যুত।
Declassed ।
Upside down সমাজ – ব্যবস্থার প্রতি ক্ষিপ্ত। বিক্ষুব্ধ।
নজরুল সাম্যবাদী, চিন্তায় ও কর্মে। Upside down ব্যবস্থার পরিবর্তনের অত্যাবশ্যকীয়তা সম্পর্কে সম্পূর্ণ সচেতন। প্রগতিবাদী সমাজ – পরিবর্তনে সুশিক্ষিত। বিশ্বস্ত কর্মী। মোজাফ্ফর আহমদের সহচর।
এবং
তার চেয়ে বড়ো কথা –
Upside down সমাজ – ব্যবস্থার পরিবর্তনের অক্লান্ত কর্মী:
কৃষক সম্মেলনে, শ্রমিক সম্মেলন, যুব–সম্মেলন, নারী – মুক্তি সম্মেলন – কোথায় তিনি নেই!

*" সারাদিন পিটি কার দালানের ছাদ গো*
*পেটভরে ভাত পাই না ধরে আসে হাত গো "*
Alienation। Deprivation ।
Marxist alienation সম্পর্কে নজরুল সচেতন।
Dealienation এর জন্যে প্রতিবাদ ও সংগ্রাম ন্যায়সংগত। নজরুল করেছেনও তাই। মাঠে –ময়দানে – সাংগঠনিকভাবে। জনপ্রিয় কবির রাজনৈতিক হুংকারে বৃটিশ সরকার সন্ত্রস্ত হন। একমাত্র জেলে পাঠিয়ে তবেই স্বস্তির নিঃশ্বাস ফেলেন।

প্রগতিবাদী নজরুলের কাছে কাব্য – সাহিত্য ছিল মাধ্যম / বাহক বা হাতিয়ার।
গন্তব্য / অভীষ্ট লক্ষ্য স্পষ্টতঃ ছিল সাম্যবাদ।

# সত্য ও সুন্দরের কবি নজরুল

*আমিনুর রশীদ পিন্টু*

" তিনিই আর্টিস্ট, যিনি আর্ট ফুটাইয়া তুলিতে পারেন। আর্ট এর অর্থ সত্যের প্রকাশ *(Execution of Truth )* এবং সত্য মাত্রেই সুন্দর, সত্য চির - মঙ্গলময়। আর্টকে সৃষ্টি, আনন্দ বা মানুষ এবং প্রকৃতি *( Man plus Nature )* ইত্যাদি অনেক কিছু বলা যাইতে পারে; তবে সত্যের প্রকাশই হইতেছে ইহার অন্যতম উদ্দেশ্য। "

**( নজরুল : বিষয় নজরুল সাহিত্যের উৎকর্ষ বিচার )।**

এই বিশ্বপ্রকৃতির জলেস্থলে আর নভোমণ্ডলে ছড়িয়ে আছে যে অন্তহীন সৌন্দর্য্যরাশি - যুগে যুগে কবি আর শিল্পীরা তার মাধুরী পান করে তাদের আর্ত চিত্তের অন্তহীন পিপাসা মিটিয়েছেন। এই *"আনন্দ - মাধুরী-ধারা"* বিশ্বের সকল পাত্র হতে আস্বাদন করে, তাঁরা মেতে উঠেছিলেন *"সৃষ্টি সুখের উল্লাসে"*। নিখিলের এই অপার মহিমা থেকে উপকরণ সংগ্রহ করে এবং তাকে *"আপন মনের মাধুরী"* মিশিয়ে তাঁরা প্রকাশ করেছেন তাঁদের রসময় চিত্তের অনিন্দ্যসুন্দর ভাবনাকে - কবিতায় - গানে আর সাহিত্যে ।

যদি বলা হয়ে থাকে কবি নজরুল শুধু বিদ্রোহের কবি - কিংবা রোমান্টিক কবি অথবা গানের কবি - তবে হয়তো তাঁর সৃষ্টির যথার্থতা কিছুটা অস্পষ্ট থেকে যায়। কবি নিজেই বলে গেছেন 'আমি কবি - আমি গাই সুন্দরের জয়গান।' ওয়ার্ডসওয়ার্থ - শেলী - বায়রণ এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ - সবার মত উনি নিজেও এই বিশ্ব প্রকৃতির অন্তর্নিহিত চিরসুন্দরের সন্ধানে ব্যাপৃত হয়েছিলেন। তাই তাঁর কাব্যে বিদ্রোহ - বিপ্লব - প্রেম আর সাম্যবাদের পাশাপাশি - নিখিলের চিরসুন্দরের প্রতি তাঁর হৃদয়ের প্রগাঢ় অনুভূতির ব্যাকুলতাও অনুরণিত। সৃষ্টির সৌন্দর্য্যের নিগূঢ় ভাবধারা তার ধেয়ানে আভামণ্ডিত।

*-হে চিরসুন্দর, বিশ্ব চরাচর*
*তোমারি মনোহর রূপের ছায়া।*
*রবি শশী তারকায় তোমারি জ্যোতিভায়*
*রূপে রূপে তব অপরূপ কায়া -*

কবির কাছে এই বিশ্বপ্রকৃতি জড়বস্তু নয়। এই বিশ্ব সৃষ্টি যেন এক বিশ্ব চৈতন্যেরই বহিঃপ্রকাশ। সৃষ্টি প্রবাহের স্তরে স্তরে জড়ের আবরণ ভেদ করে ক্রমে ক্রমে সেই প্রাণের প্রকাশ, এবং প্রকাশের পথেই সৃষ্টির অগ্রগতি। পৃথিবীর প্রতি এই যুগ যুগান্তরব্যাপী গভীর সম্পর্কের সঙ্গেই অবিচ্ছেদ্য সূত্রে জড়িয়ে আছে মানুষের নিবিড় আত্মীয়তাবোধ। আর এই বোধ থেকেই জন্ম নিয়েছে চির সুন্দরের প্রতি তাদের গভীর মমত্বের টানাপোড়ন।

*-হে বিরাট শিশু! এ যে তব খেলনা*
*ভাঙ্গা গড়া নিতি নব, দুখ শোক বেদনা।*

বলা হয়ে থাকে, কবি নজরুলের কাব্যে চঞ্চলতা বেশী - কোলাহলকেই যেন উনি গানে বেঁধেছেন। তাহলে হয়তো কবির প্রতি বেশ কিছুটা অবিচার করা হয়। প্রখ্যাত সমালোচক *A.R. Richards* এর মতে কবিতা হচ্ছে *"Supreme form of emotive language"*। আবেগ আছে বলেই হয়তো নজরুল এত অল্প সময়ে সৃষ্টির বাঁধনহারা ফল্গুধারা বইয়ে দিয়েছিলেন। কিন্তু তাঁর এই উদ্দামতা তাঁর চিরসুন্দরের ধেয়ানকে ম্লান করেনি কখনো। বরং তাঁর প্রেম - প্রকৃতি সম্পর্কিত রচনাবলীতে কবি আশ্চর্য্যভাবে রস নিমগ্ন। চঞ্চলতার পাশাপাশি এখানে পাওয়া যায় নিখিলের চিরসুন্দরের প্রশান্তি।



এই বিশ্ব প্রকৃতির সঙ্গে মানবজীবনের যে জন্ম -জন্মান্তরের সংযোগ কবি নজরুল তাকেই প্রকাশ করেছেন তাঁর সৃষ্টিতে। তাঁর কাব্যে তাই নিখিলের এই চিরসুন্দর অনেক ধারায় বিভক্ত। মানবতা যেখানে লাঞ্ছিত, আকাশে বাতাসে যখন উৎপীড়িতের ক্রন্দন রোল ধ্বনিত, কবি চিত্ত জেগে ওঠে -

*আমার নয়ন*
*আমারি সুন্দরে করে অগ্নি বরিষণ,*
*স্বপ্ন যায় টুটি সুন্দরের, কল্যাণের।*

সুন্দরের এই আগমন দেখেই কবি যুগান্তরের খড়গপাণিকে আহ্বান জানিয়েছেন। বাস্তব জীবনের নির্মম কষাঘাত বারে বারেই তাঁর সুন্দরবোধকে পীড়িত করেছে-

*দারিদ্র্য অসহ*
*পুত্র হয়ে জায়া হয়ে কাঁদে অহরহ*
*আমার দুয়ার ধরি, কে বাজাবে বাঁশী*
*কোথা পাব আনন্দিত সুন্দরের হাসি ?*

তবু কখনও তাঁর অন্তরের সুন্দরের ধ্যান হারিয়ে যায় নি। যাকে সত্য বলে অনুভব করেছেন তাকে প্রকাশ করতে দ্বিধা করেন নি। এই সত্য-সুন্দরের ভাবচিন্তা দেশীবিদেশী অনেকেরই রচনায় প্রকাশিত হয়েছে। কীটসের মতে -

*Beauty istruth, truth beauty-that is all*
*Ye Know on earth, and all ye need to know*

*কবি নজরুল তারই প্রতিধ্বনি তুলেছেন 'রাজবন্দীর জবানবন্দী' তে - "আমি কবি -আমি অপ্রকাশ সত্যকে প্রকাশ করার জন্য, অমূর্ত্ত সৃষ্টিকে মূর্তিদানের জন্য ভগবান কর্ত্তৃক প্রেরিত। কবির কণ্ঠে ভগবান সাড়া দেন। আমার বাণী সত্যের প্রকাশিকা - ভগবানের বাণী। "*

কবি নজরুল কিশোর কালেই আউল - বাউল - দরবেশ, সুফী - সাধু - সন্ন্যাসীদের সঙ্গে অন্তরঙ্গভাবে মিশেছেন। নিজ গ্রামেই সেই সময়ে তিনি হাজী পাহলোয়ানের মাজারে খাদেমগিরি করেছেন। মুসলমান ধর্মশাস্ত্র কোরান থেকে শুরু করে রামায়ণ - মহাভারত - পুরাণ - সবই তিনি অত্যন্ত আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে পাঠ করেছেন। পরবর্তীকালে আবার প্রভাবিত হয়েছিলেন কবি হাফিজ, ওমর খৈয়াম, রুমী প্রভৃতি বিদেশী কবিদের দ্বারা; - আবার পরম স্নেহাস্পদ পুত্র বুলবুলের মৃত্যুর পর তিনি যোগ সাধনায় নিমগ্ন হন। এই যে *Study of Meditation* - এর যথার্থতা খুঁজে পাওয়া বড় দুষ্কর। তবে একটাই যোগসূত্র প্রমাণিত হতে পারে এই যে বিশ্ব - প্রকৃতির গূঢ় রহস্য আর তার মাঝে রয়েছে যে আবছায়া *( Mysticism )* - তার সন্ধান হয়তো বা উনি পেয়েছিলেন।

তাই তাঁর উল্লসিত কবি -চিত্ত স্বাভাবিকভাবেই এক ভাবের সাধনায় তৃপ্ত থাকতে পারে নি। তেমনি শুধু কবিতা - গান রচনা ছাড়াও কিসের সন্ধানে যেন ব্যাপৃত হয়ে উঠেছিলেন। তিনি হয়তো হতে চেয়েছিলেন আদর্শবাদী - সত্য-সুন্দরের পূজারী, সাম্যবাদের অগ্রদূত। কিন্তু পারেন নি। আর তাই হয়তো অতৃপ্তি আর গভীর নৈরাশ্য তাঁর জীবনকে রাহুর মত গ্রাস করেছিল। আলোর পথের যাত্রী অন্ধকারের বিশীর্ণ আভায় মূক হয়ে গেলেন চিরতরে। তাঁর অন্তরের সত্য - সুন্দরের অনেক ভাবনাই রয়ে গেল আমাদের জন্য চিরদিনের অজানা।

*সুন্দর বেশে মৃত্যু আমার আসিলে কি এতদিনে ?*
*বাজালে দুপুরে বিদায়-পূরবী আমার জীবন-বীণে,*
*ভয় নাই রানী, রেখে গেনু শুধু চোখের জলের লেখা*
*রাতের এ' লেখা শুকাবে প্রভাতে, চলে যাব আমি একা।*



নজরুলের একটি বিখ্যাত গান 'মোমতাজ মোমতাজ' –এর পান্ডুলিপি





নজরুলের একটি বিখ্যাত গান 'মোমতাজ মোমতাজ' –এর পান্ডুলিপি

প্রিয়জনের সান্নিধ্যে এবং স্বল্পমূল্যে স্বদেশ
যাত্রার জন্য
আজই যোগাযোগ করুন

**বাংলাদেশ ট্রাভেল**

**2146 East 13th Street**
**Brooklyn, New York 11229**

**জাফর ফেরদৌস**

**PHONE : 718 - 627 - 1412**

আভ্যন্তরীন যে কোন শহর থেকে পৃথিবীর সর্বত্র সুলভে এবং নিরাপদে ভ্রমণের জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**THE FAMILY AND STAFF**
**OF**
*MOHAMMAD A. MEAH M. D.*
**EXTEND THEIR CONGRATULATIONS TO**
**SHOUKHIN**
**FOR ORGANIZING**
**FIRST NAZRUL CONFERENCE**
**IN**
**NORTH AMERICA**

**MOHAMMAD A. MEAH, M. D.**
**293 BROADWAY**
**PATERSON, NEW JERSEY 07501**
**201-279-3806**





Kimball Medical Center in Lakewood is proud of its reputation for compassionate care, professional skill and excellence in health care technology. The 354-bed hospital serves the Ocean County area with emergency, general, maternity, pediatrics and rehabilitative care. We also provide extensive mental health, substance abuse and related services. Two major satellites, Kimball at Manchester and Kimball at Jackson-Howell, offer screening, educational and other health programs to individuals and families in those areas.

**KIMBALL & YOU!**
**PARTNERS IN GOOD HEALTH**

**Kimball**
MEDICAL CENTER
Lakewood, New Jersey

**For Information on Kimball Services**
**CALL 370-7KMC**

**For Physician Referral Services**
**CALL 370-7KMD**



**Pinched Nerves**
**Often Result In :**
Numbness
Low Back Pain
Shoulder Pain
Leg Pain
Dizziness
Stiff Neck
Hip Pain
Headaches
Also from :
AUTO-ACCIDENTS
And ON -THE -JOB
Injuries

" The Spine Is Your Life Line Strong But Sensitive "

## CIMAR CHIROPRACTIC CENTER

*" Where Adjustments To Good Health Begin "*
DR. C. F. MARIANO
Jacqueline Plaza 1
2358 Rt. 9
Howell, NJ 07731
370-4555



*You are cordially invited to*

ASHOKA II

## EXOTIC INDIAN CUISINE

AT
HOWELL CENTER
Rt. 9 South (Opposite Bicycle World) HOWELL

**409-3500**

Serving the finest varieties of Northern Indian vegetarian and non-vegetarian dishes. Try our house specialty Barbecued Tandoori Chicken and Fresh Baked Breads from our charcoal fired traditional Tandoor (clay oven). All our foods are natural, fresh, and cooked to order, without any additives.

*We Specialize in Catering For Any Occasion.*
Just Call
409-3500

Lunch Hours:
Mon. - Sat. 11:30 a.m. - 2:30 p.m.

Dinner Hours:
Mon. thru Thurs. & Sun.
5 p.m. to 10 p.m.,
Fri. & Sat. 5 p.m. to 11 p.m.

Visit our other location ASHOKA I, on Oak Tree Rd., Iselin, N.J. 283-1155 *(Sorry...coupons not valid at Ashoka I)*

**15% OFF DINNER**
(Minimum $30.00 Check)
WITH COUPON - NOT VALID WITH OTHER OFFERS - EXPIRES 8/31/90

**SATURDAY SPECIAL**
VEGETARIAN & NON-VEGETARIAN
BUFFET LUNCH
ALL YOU CAN EAT — $6.99

**10% OFF LUNCH**
(No Minimum)
WITH COUPON - NOT VALID WITH OTHER OFFERS - EXPIRES 8/31/90


নজরুল সম্মেলন / ১৯৯০


বল বীর
বল উন্নত মম শির . . . .

আমাদের বাংলা সাহিত্য, সংস্কৃতি ও সঙ্গীতের ভান্ডারে পরিপূর্ণতা এনেছেন যিনি – তিনিই আমাদের প্রাণপ্রিয় মানবতার কবি – নজরুল ইসলাম। তাঁর স্মৃতি স্মরণে উত্তর আমেরিকায় এই প্রথম 'নজরুল সম্মেলনের' আন্তরিক প্রচেষ্টাকে অভিনন্দিত করি।

## প স রা

স্বদেশ কাতর প্রবাসীদের সেবায় একটি বাঙ্গালী বিপনীকেন্দ্র এখানে পাবেন সবধরণের মশলাপাতি, শাকসবজী, মাছ, মাংস, উপাদেয় মিষ্টি এবং বাংলা গান, ছবি, বই ও পত্র পত্রিকা

আজই আসুন

## প স রা

জ্যামাইকা স্টোর
৮৩-৩৯ পারসন্স বুলোভার্ড,
জ্যামাইকা, কুইন্স
( কী-ফোড সুপারমার্কেটের পাশেই )
টেলিফোন : ৭১৮- ৬৫৮ -৬৬৭৬

ব্রঙ্কস স্টোর
২১৪৮ স্টার্লিং এভেনিউ
পার্কচেস্টার, ব্রঙ্কস
টেলিফোন : ২১২-৮২৮-৮৪১৮

ওগো বধূ সুন্দরী

জজ সাহেব

*All these movies & more; Wouldn't you like to Watch them?*

CALL

VIDEOTECH USA

48, IVY PLACE

WAYNE, N.J. 07470

TEL: (201) 831-8898

FAX:(201) 831-0009


নজরুল সম্মেলন / ১৯৯০


# SPICES OF INDIA

**SPICES OF INDIA OF FREEHOLD**
611 Park Avenue (Rt. 33 East)
Freehold, New Jersey 07728
**(201) 308-9615**
(Only 1.4 miles east of
Freehold Circle on Route 33
in Colonial Plaza)

**SPICES OF INDIA INC.**
999 Route 9
Parlin New Jersey 08859
**(201) 721-4044**

- ★ GROCERY
- ★ PAAN (BETEL) LEAVES
- ★ SAREE (Only at Parlin)
- ★ STAINLESS STEEL UTENSILS
- ★ BRASS GIFTWARE
- ★ VEGETABLES
- ★ SWEETS, SNACKS & KULCHA

**WE HAVE ONE OF THE LARGEST SELECTION OF VIDEO AND AUDIO CASSETTES IN THE AREA**

# -- SUNSHINE SPICES --

**231 Route 9**
**Howell Mall**
**Howell, NJ 07731**

*House of Halal Meat, Indo-Pak Groceries and Exotic Sweets*

*Fresh Halal Meat Available Here*
*e.g. Goat, Lamb, Beef and Chicken*

**We are open:**

| | |
|---|---|
| Tuesday thru Friday: | 12:00 pm to 8:00 pm |
| Saturday: | 10:00 am to 8:00 pm |
| Sunday: | 10:00 am to 8:00 pm |

**Please Call:** (201) 901-9696

WITH BEST COMPLIMENTS

FROM

PHONE: (212) 683-0900

MAIL ORDERS
USA & OVERSEAS

**SPICE & SWEET MAHAL**

135 LEXINGTON AVE.
(CORNER) 29th STREET
NEW YORK, N.Y. 10016

TELEX: 646762
TWX: 710560 0007
TEL: (212) 685-3451
TEL: (212) 683-8458

MAIL ORDERS
CANADA & OVERSEAS
EVERYWHERE IN U.S.A.

K. Kalustyan
ORIENT EXPERT TRADING CORP.
IMPORTERS - EXPORTERS - PACKERS & DISTRIBUTORS
OF SELECTED INDIAN & MIDDLE EASTERN FOODS
WHOLESALE AND RETAIL

123 LEXINGTON AVE.
BET. 28 & 29TH ST
NEW YORK, N.Y. 10016

**SWAGAT INDIAN CUISINE**

110 Lexington Avenue
New York, NY 10016
Phone: (212) 683-1900

PHONE: (212) 889-1159

Low PRICES
Quick SERVICE

**CURRY - IN - A - HURRY**
130 EAST 29th STREET
NEW YORK, N.Y. 10016

WE WISH YOU A SUCCESSFUL NAZRUL CONFERENCE, - THE FIRST OF ITS KIND IN NORTH AMERICA.



## ASIA INSURANCE BROKERAGE

আমরা প্রথম এবং একমাত্র বাঙ্গালী
*INDEPENDENT INSURANCE BROKER*
আমরা MORTGAGE PROTECTION, CHILDREN EDUCATION FUND, LIFE, HEALTH, গাড়ী, বাড়ী ও BUSINESS INSURANCE করে থাকি।

এ ছাড়াও
TAX FILING, MORTGAGE REFINANCING এবং FINANCIAL PLANNING ব্যপারে সাহায্য করতে পারি।

WE ARE REPRESENTING MOST OF THE REPUTED COMPANY
আমরা আপনাদের ইচ্ছে অনযায়ী যে কোন RATE দিতে পারব।

*PLEASE CONTACT HOT LINE 24 HRS.*
***MR. MORSHED ALAM***
***718 - 217 - 757***

## PIONEER INTERNATIONAL CORPORATION
*FINANCIAL MARKETING ORGANIZATION*
*( Earn $ 300 - $ 500 Weekly )*

***WE PROVIDE PART - TIME JOB***

*IF YOU HAVE FREE EVENINGS AND WEEKENDS AND BURNING DESIRE TO BECOME SUCCESSFUL, WE WILL HELP YOU ACHIEVE FINANCIAL INDEPENDENCE*
YOU CAN BE YOUR OWN BOSS
*NO EXPERIENCE NECESSARY*
Contact
HASAN *OR* CHARLES
**201 - 746 - 0226**

অভিজ্ঞতার মূল্য
নিশ্চয়ই আছে

আমাদের দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকেই আমরা পৃথিবীর যে কোন শহরে আপনাদের ভ্রমণের সব করণীয় অত্যন্ত সূচারুভাবে সম্পন্ন করতে পারি। আজ আমাদের বিপুল জনপ্রিয়তার কারণও এই অভিজ্ঞতা ও কর্মদক্ষতা। তাছাড়াও আপনাদের সুবিধার জন্য আমরা

Fully Computerized,

American Express | Carte Blanche | Diners Club | Visa | Master Card | Discover

কার্ড গ্রহণ করে থাকি।

পূবালী ট্র্যাভেলস
Pubali Travel & Tours

484, Medonald Avenue
Brooklyn. N.Y-11218

Tel: (718) 436-3600
(718) 783-8545
Fax: 718-435-7645

IATA




*" We'll break open the door of Dawn*
*And flood the world with its golden gleam;*
*We'll dispel the darkness of gloomy night*
*And mount the hurdle - hill of obstacles "*

'উষার দুয়ারে হানি আঘাত
আমরা আনিব রাঙ্গা প্রভাত,
আমরা টুটাব তিমির রাত,
বাঁধার বিন্ধ্যাচল'

কাজী নজরুল ইসলাম



" যদি আর বাঁশী না বাজে – আমি কবি বলে বলছিনে – আমি আপনাদের ভালবাসা পেয়েছিলাম সেই অধিকারে বলছি – আমায় আপনারা ক্ষমা করবেন – আমায় ভুলে' যাবেন। বিশ্বাস করুন, প্রেম পেতে এসেছিলাম – সে প্রেম পেলাম না বলে আমি এই প্রেমহীন নীরস পৃথিবী থেকে নীরব অভিমানে চিরদিনের জন্য বিদায় নিলাম। "






# নজরুল সম্মেলন

## ১৯৯০